Vide approved Syllabus, Board of Secondary Education, West Bengal, Notification No. Syl/Dated 2. 7. 53 for Class VII & VIII

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত

উপক্রমণিকা

(মূল সংস্করণ)

বিদ্যাসাগর দৌহিত্রী

সরসীবালা দেবী

ও


বঙ্গবাসী কলেজের অধ্যাপক

শ্রীননী লাল সেন এম. এ.

Published by
The Globe Library
2, Shama Charan De Street,
Calcutta—12.

পরিবর্দ্ধিত
(ষোড়শ সংস্করণ)

Printed by Indrajit Podder
SREE GOPAL PRESS
121 Raja Dinendra Street, Cal—4.



দেব !

কোন্ স্বর্গে, কোন্ চিরানন্দময় নিত্যধামে তোমার সদানন্দময় মুক্তাত্মা বিরাজ করিতেছে ! আজ কত কথা মনে পড়ে, আর চক্ষু জলে ভরিয়া উঠে। তোমার গ্রন্থ তোমারই চরণে অর্পিত হইল।

তোমার—
বড় আদরের, বড় স্নেহের
'সেজদি' (সরসী)

বিজ্ঞাপন

..................শিক্ষাসমাজের সম্মতিক্রমে, এই নিয়ম নির্দ্ধারিত হইয়াছে, ছাত্রেরা প্রথমতঃ সরল বাঙ্গালা-ভাষায় সঙ্কলিত সংস্কৃত-ব্যাকরণ ও অতি সহজ সংস্কৃত-গ্রন্থ পাঠ করিবে; তৎপর সংস্কৃত-ভাষায় কিঞ্চিৎ বোধাধিকার জন্মিলে, সিদ্ধান্ত-কৌমুদী ও রঘুবংশাদি পাঠ করিতে আরম্ভ করিবে। তদনুসারে, সরল বাঙ্গালা ভাষায় ব্যাকরণ-সঙ্কলন ও দুই তিন খানি সহজ সংস্কৃত পুস্তক প্রস্তুত করা অত্যাবশ্যক বোধ হওয়াতে, প্রথম পাঠার্থে সংস্কৃত-ব্যাকরণের উপক্রমণিকা নামে এই পুস্তক প্রস্তুত ও প্রচারিত হইল।

এই গ্রন্থে অল্পবয়স্ক বালকদিগের প্রথম শিক্ষার উপযোগী ভাল ভাল বিষয় সকল সঙ্কলিত হইয়াছে। ইহা পাঠ করিয়া, উপদেশসাপেক্ষ হইয়া সহজ সংস্কৃত-গ্রন্থ সকল সহজে অধ্যয়ন করিবার ক্ষমতা জন্মিবে, ইহাই এই পুস্তক প্রস্তুত করিবার মুখ্য উদ্দেশ্য। প্রায় সমুদয় সংস্কৃত গ্রন্থ দেবনাগর অক্ষরেই মুদ্রিত; বাস্তবিকও, যাবতীয় সংস্কৃত গ্রন্থ দেবনাগর অক্ষরেই মুদ্রিত ও অনুশীলিত হওয়া উচিত। এই নিমিত্ত বালকদিগের দেবনাগর অক্ষরপরিচয় অত্যাবশ্যক বোধ হওয়াতে, এই পুস্তকের শেষে সহজ উক্ত অক্ষরপরিচয়ের উপায় বিধান করা গিয়াছে।

কলিকাতা, সংস্কৃত কলেজ,
১লা অগ্রহায়ণ, সংবৎ ১৯০৮

শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মা।

ভূমিকা

মাধ্যমিক শিক্ষা পর্ষতের কর্ত্তৃপক্ষ প্রাতঃস্মরণীয় ৺বিদ্যাসাগর মহাশয়ের মূল উপক্রমণিকা সপ্তম ও অষ্টম শ্রেণীর পাঠ্যরূপে নির্দ্দেশ করিয়া মহা-পুরুষের স্মৃতির প্রতি শ্রদ্ধা প্রকাশ করিয়াছেন এবং নিজেদের প্রকৃত বিজ্ঞতার পরিচয় দিয়াছেন। মনীষীর অন্তর্ভেদী দৃষ্টি বালক বালিকাদের মনস্তত্ত্বের অনুসরণে দুস্পার সংস্কৃত ব্যাকরণ-সমুদ্র মন্থন করিয়া যে গ্রন্থরত্ন বহু বৎসর পূর্বে আহরণ পূর্বক বঙ্গবাণীকে দিব্য প্রভামণ্ডিত করিয়াছে, সেই গ্রন্থরত্নের দ্যুতি আজও অম্লান——উহার আবেদন এবং উপাদেয়তা আজও সর্বসাধারণ্যে স্বীকৃত। মাধ্যমিক শিক্ষা পর্ষতের নির্দ্দেশ অনুযায়ী এই গ্রন্থটির পরিবর্তন ও পরিবর্ধনের ভার, প্রকাশকের অনুরোধে, আমাকে গ্রহণ করিতে হইয়াছে। আমি বিদ্যাসাগর মহাশয়ের 'ক্ষুণ্ণবর্ত্মনি' অত্যন্ত সঙ্কোচ সহকারে সঞ্চরণ করিয়া এই কার্য সম্পাদন করিয়াছি; যাহাতে ইহা বালক বালিকাদের উপযোগী হয়, তাহার যথা-সাধ্য চেষ্টা করিয়াছি। এখন বিচারের ভার বাঙ্‌লার শিক্ষকসমাজের উপরে ন্যস্ত করিলাম। সত্যই "আ পরিতোষাদ্ বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্"। ছাত্রদের সুবিধার জন্য গ্রন্থশেষে একটি অনুশীলনী দেওয়া হইল।

সর্বশেষে বাঙ্‌লার মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকমণ্ডলীর নিকট বিনীত নিবেদন—

"গচ্ছতঃ স্খলনং ক্বাপি ভবত্যেব প্রমাদতঃ।
হসন্তি দুর্জনাস্তত্র সমাদধতি সজ্জনাঃ॥"

শ্রীননীলাল সেন

Prescribed Syllabus

Classes VII—VIII

কবীনাহ্বয় ; সাধূন্-আদ্রিয়স্ব সাধূনাদ্রিয়স্ব ; ভ্রাত ন্-অনুগৃহ্ণীষ্ব ভ্রাতৄননুগৃহ্ণীষ্ব।

৫৭। যদি চ কিংবা ছ পরে থাকে তাহা হইলে পদের অন্তেস্থিত ন্ স্থানে অনুস্বার হয় এবং চ ও ছ স্থানে শ্চ ও শ্ছ হয়। যথা,—পশ্যন্-চকিতঃ পশ্যংশ্চকিত ; হসন্-চলিতঃ হসংশ্চলিতঃ ; নৃত্যন্-চকোরঃ নৃত্যংশ্চকোরঃ ; ধাবন্-ছাগঃ ধাবংশ্ছাগঃ ; মহান্-ছেদঃ মহাংশ্ছেদঃ ; বিরাজন্-ছায়াপথঃ বিরাজংশ্ছায়াপথঃ।

৫৮। যদি ট কিংবা ঠ পরে থাকে তাহা হইলে পদের অন্তেস্থিত ন্ স্থানে অনুস্বার হয় এবং ট ও ঠ স্থানে ষ্ট ও ষ্ঠ হয়। যথা,—চলন্-টিট্টিভঃ চলংষ্টিট্টিভঃ ; উদ্যন্-টঙ্কারঃ উদ্যংষ্টঙ্কারঃ ; মহান্-ঠক্কুরঃ মহাংষ্ঠক্কুরঃ।

৫৯। যদি ত কিংবা থ পরে থাকে তাহা হইলে পদের অন্তেস্থিত ন্ স্থানে অনুস্বার হয় এবং ত ও থ স্থানে স্ত ও স্থ হয়। যথা,—পতন্-তরুঃ পতংস্তরুঃ ; মহান্-তড়াগঃ মহাংস্তড়াগঃ ; উত্তিষ্ঠন্-তরঙ্গঃ উত্তিষ্ঠংস্তরঙ্গঃ ; শাম্যন্-তাপঃ শাম্যংস্তাপঃ ; ক্ষিপন্-থুৎকারম্ ক্ষিপংস্থুৎকারম্ ; স্পৃশন্-থুধ্যাতি স্পৃশংস্থুধ্যাতি।

৬০। যদি অন্তঃস্থ অথবা উষ্মবর্ণ পরে থাকে তাহা হইলে পদের অন্তেস্থিত ম্ স্থানে অনুস্বার হয়। যথা,—সত্বরম্-যাতি সত্বরংযাতি ; করুণম্-রোদিতি করুণংরোদিতি ; বিত্তাম্-লভতে বিত্তাংলভতে ; ভারম্-বহতি ভারংবহতি ; শয্যায়াম্-শেতে শয্যায়াংশেতে ; কষ্টম্-সহতে কষ্টংসহতে ; মধুরম্-হসতি মধুরংহসতি।

৬১। যদি স্পর্শবর্ণ পরে থাকে তাহা হইলে পদের অন্তেস্থিত ম্ স্থানে অনুস্বার হয়, অথবা যে বর্গ পরে থাকে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়। যথা,—কিম্-করোষি কিংকরোষি, কিঙ্করোষি ; গৃহম্-গচ্ছ গৃহংগচ্ছ, গৃহঙ্গচ্ছ ; ক্ষিপ্রম্-চলতি ক্ষিপ্রংচলতি, ক্ষিপ্রঞ্চলতি ; শত্রুম্-জহি শত্রুংজহি, শত্রুঞ্জহি ; নদীম্-তরতি নদীংতরতি, নদীন্তরতি; ধনম্-দদাতি ধনংদদাতি, ধনন্দদাতি ; স্তনম্-ধয়তি স্তনংধয়তি, স্তনন্ধয়তি ; গুরুম্-নমতি গুরুংনমতি, গুরুন্নমতি ; চন্দ্রম্-পশ্যতি চন্দ্রংপশ্যতি, চন্দ্রম্পশ্যতি ; কিম্-ফলম্ কিংফলম্, কিম্ফলম্ ; সত্যম্-ব্রূয়াৎ সত্যংব্রূয়াৎ, সত্যম্ব্রূয়াৎ ; মধুরম্-ভাষতে মধুরংভাষতে, মধুরম্ভাষতে ; শাস্ত্রম্-মীমাংসতে শাস্ত্রংমীমাংসতে, শাস্ত্রম্মীমাংসতে।

৬২। যদি ছ পরে থাকে তাহা হইলে স্বরবর্ণের পর চ্ হয়। চ-ছ মিলিয়া চ্ছ হয়। যথা,—সিত-ছত্রম্ সিতচ্ছত্রম্ ; পরি-ছদঃ পরিচ্ছদঃ ; অব-ছেদঃ অবচ্ছেদঃ ; বৃক্ষ-ছায়া বৃক্ষচ্ছায়া ; গৃহ-ছিদ্রম্ গৃহচ্ছিদ্রম্।

৬৩। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয় কিংবা চতুর্থ বর্ণ অথবা য র ল ব পরে থাকে তাহা হইলে পদের অন্তেস্থিত ক্ স্থানে গ্ হয়। যথা—দিক্-অন্তঃ দিগন্তঃ ; বাক্-আড়ম্বরঃ বাগাড়ম্বরঃ ; ত্বক্-ইন্দ্রিয়ম্ ত্বগিন্দ্রিয়ম্ ; বাক্-ঈশঃ বাগীশঃ ; সম্যক্-উক্তম্ সম্যগুক্তম্ ; ধিক্-ঋণকারিণম্ ধিগৃণকারিণম্ ; প্রাক্-এব প্রাগেব ; ধিক্-ঐশ্বর্য্যমত্তম্ ধিগৈশ্বর্য্যমত্তম্ ; সম্যক্-ওজঃ

সম্যগোজঃ ; বাক্-ঔচিত্যম্ বাগৌচিত্যম্ ; দিক্-গজঃ দিগ্গজঃ ; প্রাক্-ঘনোদয়ঃ প্রাগ্ঘনোদয়ঃ ; বাক্-জালম্ বাগ্জালম্ ; সম্যক্-ঝঙ্কারঃ সম্যগ্ঝঙ্কারঃ ; সম্যক্-ডয়তে সম্যগ্ডয়তে ; সম্যক্-ঢৌকতে সম্যগ্ঢৌকতে ; বাক্-দানম্ বাগ্দানম্ ; ধিক্-ধনগর্ব্বিতম্ ধিগ্ধনগর্ব্বিতম্ ; বাক্-বাহুল্যম্ বাগ্বাহুল্যম্ ; দিক্-ভাগঃ দিগ্ভাগঃ ; ধিক্-যাচকম্ ধিগ্যাচকম্ ; বাক্-রোধঃ বাগ্রোধঃ ; ধিক্-লোভিনম্ ধিগ্লোভিনম্ ; সম্যক্-বদতি সম্যগ্বদতি।

৬৪। যদি স্বরবর্ণ অথবা গ ঘ দ ধ ব ভ য র ব পরে থাকে তাহা হইলে পদের অন্তেস্থিত ত্ স্থানে দ্ হয়। যথা—জগৎ-অন্তঃ জগদন্তঃ ; জগৎ-আদিঃ জগদাদিঃ ; জগৎ-ইন্দ্রঃ জগদিন্দ্রঃ ; জগৎ-ঈশঃ জগদীশঃ ; ভবৎ-উক্তম্ ভবদুক্তম্ ; ভবৎ-উহনম্ ভবদূহনম্ ; তৎ-ঋণম্ তদৃণম্ ; জগৎ-এতৎ জগদেতৎ ; মহৎ-ঐশ্বর্য্যম্ মহদৈশ্বর্য্যম্ ; মহৎ-ওজঃ মহদোজঃ ; মহৎ-ঔষধম্ মহদৌষধম্ ; বৃহৎ-গহনম্ বৃহদ্গহনম্ ; বৃহৎ-ঘটঃ বৃহদ্ঘটঃ ; ভবৎ-দর্শনম্ ভবদ্দর্শনম্ ; মহৎ-ধনুঃ মহদ্ধনুঃ ; জগৎ-বন্ধুঃ জগদ্বন্ধুঃ ; মহৎ-ভয়ম্ মহদ্ভয়ম্ ; বৃহৎ-যানম্ বৃহদ্যানম্ ; বৃহৎ-রথঃ বৃহদ্রথঃ ; মহৎ-বনম্ মহদ্বনম্।

৬৫। যদি ন কিংবা ম পরে থাকে তাহা হইলে পদের অন্তেস্থিত ক্ স্থানে ঙ্ হয় এবং ত্ ও দ্ স্থানে ন্ হয়। যথা—দিক্-নাগঃ দিঙ্নাগঃ ; জগৎ-নাথঃ জগন্নাথঃ ; তদ্-নীরম্ তন্নীরম্ ; প্রাক্-মুখঃ প্রাঙ্মুখঃ ; ভবৎ-মতম্ ভবন্মতম্ ; এতদ্-মানসম্ এতন্মানসম্।

৬৬। যদি চ কিংবা ছ পরে থাকে তাহা হইলে বিসর্গ স্থানে তালব্য শ্ হয়। যথা—পূর্ণঃ-চন্দ্রঃ পূর্ণশ্চন্দ্রঃ ; জ্যোতিঃ-চক্রম্ জ্যোতিশ্চক্রম্ ; নিঃ-চিতঃ নিশ্চিতঃ ; বায়ুঃ-চলতি বায়ুশ্চলতি ; ধাবিতঃ-ছাগঃ ধাবিতশ্ছাগঃ ; রবেঃ-ছবিঃ রবেশ্ছবিঃ ; তরোঃ-ছায়া তরোশ্ছায়া ; রজ্জুঃ-ছিদ্যতে রজ্জুশ্ছিদ্যতে।

৬৭। যদি ট কিংবা ঠ পরে থাকে তাহা হইলে বিসর্গ স্থানে মূর্দ্ধন্য ষ্ হয়। যথা,—ভীতঃ-টলতি ভীতষ্টলতি ; উড্ডীনঃ-টিট্টিভঃ উড্ডীনষ্টিট্টিভঃ ; ধনুঃ-টঙ্কারঃ ধনুষ্টঙ্কারঃ ; স্থিরঃ-ঠক্কুরঃ স্থিরষ্ঠক্কুরঃ; ভগ্নঃ-ঠক্কুরঃ ভগ্নষ্ঠক্কুরঃ।

৬৮। যদি ত কিংবা থ পরে থাকে তাহা হইলে বিসর্গ স্থানে দন্ত্য স্ হয়। যথা,—উন্নতঃ-তরুঃ উন্নতস্তরুঃ ; নদ্যাঃ-তীরম্ নদ্যাস্তীরম্ ; ভূমেঃ-তলম্ ভূমেস্তলম্ ; ক্ষিপ্তঃ-থুৎকারঃ ক্ষিপ্তস্থুৎকারঃ ; স্নাতঃ-থুধ্যতি স্নাতস্থুধ্যতি।

৬৯। যদি অকারের পর বিসর্গ থাকে এবং অকার পরে থাকে তাহা হইলে পূর্ব্ব অকার ও বিসর্গ উভয় স্থানে ও হয় ; ওকার পূর্ব্ব বর্ণে যুক্ত হয় এবং পরের অকারের লোপ হয়। যথা,—নরঃ-অয়ম্ নরোঽয়ম্ ; নবঃ-অঙ্কুরঃ নবোঽঙ্কুরঃ ; তীক্ষ্ণঃ-অঙ্কুশঃ তীক্ষ্ণোঽঙ্কুশঃ ; জ্বলিতঃ-অঙ্গারঃ জ্বলিতোঽঙ্গারঃ ; বেদঃ-অধীতঃ বেদোঽধীতঃ।

৭০। যদি বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে তাহা হইলে অকার ও আকারের পরস্থিত বিসর্গ উভয় স্থানে ও হয়। ও কার পূর্ব্ব বর্ণে যুক্ত হয়। যথা,—শোভনঃ-গন্ধঃ শোভনোগন্ধঃ ; নূতনঃ-ঘটঃ নূতনোঘটঃ ;

সদ্যঃ-জাতঃ সদ্যোজাতঃ; মধুরঃ-ঝঙ্কারঃ মধুরোঝঙ্কারঃ; নবঃ-ডমরুঃ নবোডমরুঃ; গজঃ-ঢৌকতে গজোঢৌকতে; মূর্দ্ধন্যঃ-ণকারঃ মূর্দ্ধন্যোণকারঃ; নির্ব্বাণঃ-দীপঃ নির্ব্বাণোদীপঃ; অশ্বঃ-ধাবতি অশ্বোধাবতি; উন্নতঃ-নগঃ উন্নতোনগঃ; দৃঢ়ঃ-বন্ধঃ দৃঢ়োবন্ধঃ; অকুতঃ-ভয়ঃ অকুতোভয়ঃ; অতীতঃ-মাসঃ অতীতো-মাসঃ; কৃতঃ-যত্নঃ কৃতোযত্নঃ; শান্তঃ-রোষঃ শান্তোরোষঃ; ক্ষতঃ-লোভঃ ক্ষতোলোভঃ; শীতঃ-বায়ুঃ শীতোবায়ুঃ; বামঃ-হস্তঃ বামোহস্তঃ।

৭১। যদি অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকে তাহা হইলে অকারের পরস্থিত বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা,—কুতঃ-আগতঃ কুত আগত; নরঃ-ইব নর ইব; কঃ-ঈহতে ক ঈহতে; চন্দ্রঃ-উদেতি চন্দ্র উদেতি; ইতঃ-ঊর্দ্ধম্ ইত ঊর্দ্ধম্; দেবঃ-ঋষিঃ দেব ঋষিঃ; উচ্চারিতঃ-ঌকারঃ উচ্চারিত ঌকারঃ; কঃ-এষঃ ক এষঃ; কুতঃ-ঐক্যম্ কুত ঐক্যম্; রক্তঃ-ওষ্ঠঃ রক্ত ওষ্ঠঃ; রাজ্ঞঃ-ঔদার্য্যম্ রাজ্ঞ ঔদার্য্যম্।

৭২। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে তাহা হইলে আকারের পরস্থিত বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা,—অশ্বাঃ-অমী অশ্বা অমী; গজাঃ-ইমে গজা ইমে; তারাঃ-উদিতাঃ তারা উদিতাঃ; গতাঃ-ঋষয়ঃ গতা ঋষয়ঃ; নরাঃ-এতে নরা এতে; হতাঃ-গজাঃ হতা গজাঃ; কৃতাঃ-ঘটাঃ কৃতা ঘটাঃ; পুত্রাঃ-জাতাঃ পুত্রা জাতাঃ; মধুরাঃ-ঝঙ্কারাঃ মধুরা ঝঙ্কারাঃ; নবাঃ-ডমরবঃ বা ন ডমরবঃ; গজাঃ-ঢৌকন্তে গজা ঢৌকন্তে;

নির্ব্বাণাঃ-দীপাঃ নির্ব্বাণা দীপাঃ ; অশ্বাঃ-ধাবন্তি অশ্বা ধাবন্তি ; উন্নতাঃ-নগাঃ উন্নতা নগাঃ ; দৃঢ়াঃ-বন্ধাঃ দৃঢ়া বন্ধাঃ ; নরাঃ-ভীতাঃ নরা ভীতাঃ ; অতীতাঃ-মাসাঃ অতীতা মাসাঃ ; ছাত্রাঃ-যতন্তে ছাত্রা যতন্তে ; এতাঃ-রথ্যাঃ এতা রথ্যাঃ ; নরাঃ-লভন্তে নরা লভন্তে ; বাতাঃ-বান্তি বাতা বান্তি ; বালকাঃ হসন্তি বালকা হসন্তি।

৭৩। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে তাহা হইলে অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বিসর্গ স্থানে র্ হয়। যথা,—কবিঃ-অয়ম্ কবিরয়ম্ ; গতিঃ-ইয়ম্ গতিরিয়ম্ ; রবিঃ-উদেতি রবিরুদেতি ; শ্রীঃ-অসৌ শ্রীরসৌ ; সুধীঃ-এষঃ সুধীরেষঃ ; বন্ধুঃ-আগতঃ বন্ধুরাগতঃ ; গুরুঃ উবাচ গুরুরুবাচ ; বধূঃ-এষা বধূরেষা ; ভূঃ-ইয়ম্ ভূরিয়ম্ ; মাতৃঃ-অর্চ্চয় মাতৃরর্চ্চয় ; দুহিতৃঃ-আহ্বয় দুহিতৃরাহ্বয় ; রবেঃ-উদয়ঃ রবেরুদয়ঃ ; তৈঃ-উক্তম্ তৈরুক্তম্ ; বিধোঃ-অস্তগমনম্ বিধোরস্তগমনম্ ; প্রভোঃ-আদেশঃ প্রভোরাদেশঃ ; গোঃ-অয়ম্ গোরয়ম্ ; ঋষিঃ-গচ্ছতি ঋষির্গচ্ছতি ; হবিঃ-ঘ্রাণম্ হবির্ঘ্রাণম্ ; গুরুঃ-জয়তি গুরুর্জয়তি কৃতৈঃ-ঝঙ্কারৈঃ কৃতৈর্ঝঙ্কারৈঃ ; নবৈঃ-ডমরুভিঃ নবৈর্ডমরুভিঃ ; গোঃ-ঢৌকতে গোর্ঢৌকতে ; রবেঃ-দর্শনম্ রবের্দর্শনম্ ; নিঃ-ধনঃ নির্ধনঃ ; দুঃ-নীতিঃ দুর্নীতিঃ ; নিঃ-বন্ধঃ নির্বন্ধঃ ; নিঃ-ভয়ঃ নির্ভয়ঃ ; মুহুঃ-মুহুঃ মুহুর্মুহুঃ ; বহিঃ-যোগঃ বহির্যোগঃ ; বিধুঃ-লীয়তে বিধুর্লীয়তে ; বায়ুঃ-বাতি বায়ুর্বাতি ; শিশুঃ-হসতি শিশুর্হসতি।

৭৪। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে তাহা হইলে অকারের পরস্থিত র জাত

বিসর্গ স্থানে র্ হয়। যথা,—পুনঃ-অপি পুনরপি ; পুনঃ-আগতঃ পুনরাগতঃ ; প্রাতঃ-ইহাগতঃ প্রাতরিহাগতঃ ; প্রাতঃ-এব প্রাতরেব ; অন্তঃ-ধানম্ অন্তর্ধানম্ ; স্বঃ-গতঃ স্বর্গতঃ ; ভ্রাতঃ-আগচ্ছ ভ্রাতরাগচ্ছ ; পিতঃ-অনুমন্যস্ব পিতরনুমন্যস্ব ; মাতঃ-দেহি মাতর্দেহি ; জামাতঃ-বদ জামাতর্বদ ; দুহিতঃ-যাহি দুহিতর্যাহি।

৭৫। র পরে থাকিলে বিসর্গ স্থানে যে র্ হয় তাহার লোপ হয় এবং পূর্ব্ব স্বর দীর্ঘ হয়। যথা,—পিতঃ-রক্ষ পিতারক্ষ ; নিঃ-রসঃ নীরসঃ; নিঃ-রোগঃ নীরোগঃ ; বিধুঃ-রাজতে বিধূরাজতে ; মাতুঃ-রোদনম্ মাতূরোদনম্।

৭৬। যদি অকার ভিন্ন স্বর অথবা ব্যঞ্জনবর্ণ পরে থাকে তাহা হইলে **সঃ, এষঃ** এই দুই পদের বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা,—সঃ-আগতঃ সআগতঃ ; সঃ-ইচ্ছতি স ইচ্ছতি ; সঃ-করোতি স করোতি; সঃ গচ্ছতি স গচ্ছতি; সঃ-চলতি স চলতি ; সঃ-হসতি স হসতি ; এষঃ-আয়াতি এষ আয়াতি ; এষঃ-এতি এষ এতি ; এষঃ-ধাবতি এষ ধাবতি ; এষঃ-রোদিতি এষ রোদিতি ; এষঃ-বদতি এষ বদতি ; এষঃ-শেতে এষ শেতে ; এষঃ-সহতে এষ সহতে।

৭৭। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ কিংবা য র ল ব হ পরে থাকে, তাহা হইলে **ভোঃ** এই পদের বিসর্গের লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না। যথা,—ভোঃ-অম্বরীষ ভো অম্বরীষ ; ভোঃ-ঈশান ভো ঈশান ; ভোঃ-উমাপতে ভো উমাপতে ; ভোঃ-গদাধর ভো গদাধর ; ভোঃ-জনমেজয়

ভো জনমেজয় ; ভোঃ-দামোদর ভো দামোদর ; ভোঃ মাধব ভো মাধব ; ভোঃ-যদুপতে ভো যদুপতে।

ণত্ব বিধান

৭৮। ঋ ৠ র মূর্দ্ধন্য ষ এই চারি বর্ণের পর দন্ত্য ন থাকিলে মূর্দ্ধন্য ণ হয়। যথা,—নৃণাম্, তিসৃণাম্, চতসৃণাম্ ; নৄণাম্, ভ্রাতৄণাম্, দাতৄণাম্ ; চতুর্ণাম্, দোষ্ণঃ, পূষ্ণে।

৭৯। যদি স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য, ব, হ, ও অনুস্বার মধ্যে ব্যবধান থাকে তাহা হইলেও দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। যথা,—করণম্, করাণাম্, করিণা, গুরুণা, পরেণ ; অর্কেণ, মূর্খেণ, মৃগেণ, দীর্ঘেণ, দর্পেণ, রেফেণ, দর্ভেণ ; ক্রমেণ, রয়েণ, গর্ব্বেণ, গ্রহেণ ; বৃংহণম্।

৮০। এতদ্ব্যতিরিক্ত বর্ণ ব্যবধান থাকিলে দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। যথা,—অর্চ্চনা, মূর্চ্ছনা, অর্জ্জনম্, কিরীটেন, ষষ্ঠেন, মৃড়েন, দৃঢ়েন, বর্ণানাম্, আর্ত্তেন, অর্থেন, বিমর্দ্দেন, অর্দ্ধেন, বিরলেন, স্পর্শেন, রসেন।

৮১। পদের অন্তেস্থিত দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয় না। যথা,—নরান্, হরীন্, গুরূন্, ভ্রাতৄন্।

ষত্ববিধান

৮২। অ আ ভিন্ন স্বর এবং ক্ ও র্ এই সকল বর্ণের পরস্থিত প্রত্যয়ের দন্ত্য সকার মূর্দ্ধন্য ষ হয়। যথা,—, গুণষু,মুনিষু

নদীষু, সুধীষু, সাধুষু, গুরুষু, প্রতিভূষু, বধূষু, ভ্রাতৃষু, স্বসৃষু, সর্ব্বেষাম্, অন্যেষাম্, গোষু, দ্যোষু, গ্লৌষু, নৌষু, বাক্ষু, দিক্ষু, চতুর্ষু, গীর্ষু।

৮৩। অনুস্বার ও বিসর্গ ব্যবধান থাকিলেও দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়। যথা,—হবীংষি, ধনূংষি, আশীঃষু, ধনুঃষু।

সুবন্ত প্রকরণ

প্রথমা, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী এই সাত বিভক্তি। শব্দের উত্তর এই সাত বিভক্তি হয়। বিভক্তি যুক্ত হইলে শব্দকে **সুবন্ত ও পদ** বলা হয়।

এক এক বিভক্তির তিন তিন বচন—এক বচন, দ্বিবচন ও বহুবচন। শব্দে এক বচনের বিভক্তি যোগ করিলে একটি বস্তু বুঝায়; দ্বিবচনের বিভক্তি যোগ করিলে দুইটি বস্তু বুঝায়, বহুবচনে তিন অবধি পরার্দ্ধ পর্য্যন্ত সকল সংখ্যাই বুঝায়।

বিভক্তির আকৃতি

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ঃ	ঔ	অঃ
দ্বিতীয়া	অম্	ঔ	অঃ
তৃতীয়া	আ	ভ্যাম্	ভিঃ
চতুর্থী	এ	ভ্যাম্	ভ্যঃ
পঞ্চমী	অঃ	ভ্যাম্	ভ্যঃ
ষষ্ঠী	অঃ	ওঃ	আম্
সপ্তমী	ই	ওঃ	সু

৩৭৬ T/৪১

কোন্ শব্দে কোন্ বিভক্তি যোগ করিলে কেমন পদ হয় তাহা ক্রমে লিখিত হইতেছে। সম্বোধনেও প্রথমা বিভক্তি; কিন্তু একবচনে কিছু বিভিন্নতা আছে; এই নিমিত্ত একবচনের রূপ পৃথক্ লিখিত হইবে। যেখানে পৃথক্ না লেখা থাকিবে সেখানে কোন ভেদ নাই বুঝিতে হইবে।

স্বরান্ত শব্দ (পুংলিঙ্গ)

অকারান্ত—নর শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নরঃ	নরৌ	নরাঃ
দ্বিতীয়া	নরম্	নরৌ	নরান্
তৃতীয়া	নরেণ	নরাভ্যাম্	নরৈঃ
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ
পঞ্চমী	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু
সম্বোধন	নর		

প্রায় সমুদায় অকারান্ত পুংলিঙ্গ শব্দ নর শব্দের ন্যায়।

ইকারান্ত—মুনি শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মুনিঃ	মুনী	মুনয়ঃ
দ্বিতীয়া	মুনিম্	মুনী	মুনীন্
তৃতীয়া	মুনিনা	মুনিভ্যাম্	মুনিভিঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
চতুর্থী	মুনয়ে	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
পঞ্চমী	মুনেঃ	মুনিভ্যাম্	মুনিভ্যঃ
ষষ্ঠী	মুনেঃ	মুন্যোঃ	মুনীনাম্
সপ্তমী	মুনৌ	মুন্যোঃ	মুনিষু
সম্বোধন	মুনে		

পতি ও সখি ভিন্ন সমুদায় ইকারান্ত পুংলিঙ্গ শব্দ মুনি শব্দের ন্যায়।

পতি শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পতিঃ	পতী	পতয়ঃ
দ্বিতীয়া	পতিম্	পতী	পতীন্
তৃতীয়া	পত্যা	পতিভ্যাম্	পতিভিঃ
চতুর্থী	পত্যে	পতিভ্যাম্	পতিভ্যঃ
পঞ্চমী	পত্যুঃ	পতিভ্যাম্	পতিভ্যঃ
ষষ্ঠী	পত্যুঃ	পত্যোঃ	পতীনাম্
সপ্তমী	পত্যৌ	পত্যোঃ	পতিষু
সম্বোধন	পতে		

পূর্ব্বে অন্যশব্দের যোগ থাকিলে পতি শব্দের রূপ মুনি শব্দের ন্যায়।

সখি শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সখা	সখায়ৌ	সখায়ঃ
দ্বিতীয়া	সখায়ম্	সখায়ৌ	সখীন্

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	সখ্যা	সখিভ্যাম্	সখিভিঃ
চতুর্থী	সখ্যে	সখিভ্যাম্	সখিভ্যঃ
পঞ্চমী	সখ্যুঃ	সখিভ্যাম্	সখিভ্যঃ
ষষ্ঠী	সখ্যুঃ	সখ্যোঃ	সখীনাম্
সপ্তমী	সখ্যৌ	সখ্যোঃ	সখিষু
সম্বোধন	সখে		

ঈকারান্ত—সুধী শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুধীঃ	সুধিয়ৌ	সুধিয়ঃ
দ্বিতীয়া	সুধিয়ম্	সুধিয়ৌ	সুধিয়ঃ
তৃতীয়া	সুধিয়া	সুধীভ্যাম্	সুধীভিঃ
চতুর্থী	সুধিয়ে	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
পঞ্চমী	সুধিয়ঃ	সুধীভ্যাম্	সুধীভ্যঃ
ষষ্ঠী	সুধিয়ঃ	সুধিয়োঃ	সুধিয়াম্
সপ্তমী	সুধিয়ি	সুধিয়োঃ	সুধীষু

অনেক পুংলিঙ্গ ঈকারান্ত শব্দ সুধী শব্দের ন্যায়।

উকারান্ত—সাধু শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সাধুঃ	সাধূ	সাধবঃ
দ্বিতীয়া	সাধুম্	সাধূ	সাধূন্
তৃতীয়া	সাধুনা	সাধুভ্যাম্	সাধুভিঃ
চতুর্থী	সাধবে	সাধুভ্যাম্	সাধুভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	সাধোঃ	সাধুভ্যাম্	সাধুভ্যঃ
ষষ্ঠী	সাধোঃ	সাধ্বোঃ	সাধূনাম্
সপ্তমী	সাধৌ	সাধ্বোঃ	সাধুষু
সম্বোধন	সাধো		

প্রায় সমুদায় পুংলিঙ্গ উকারান্ত শব্দ সাধু শব্দের ন্যায়।

ঋকারান্ত—দাতৃ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দাতা	দাতারৌ	দাতারঃ
দ্বিতীয়া	দাতারম্	দাতারৌ	দাতৄন্
তৃতীয়া	দাত্রা	দাতৃভ্যাম্	দাতৃভিঃ
চতুর্থী	দাত্রে	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
পঞ্চমী	দাতুঃ	দাতৃভ্যাম্	দাতৃভ্যঃ
ষষ্ঠী	দাতুঃ	দাত্রোঃ	দাতৄণাম্
সপ্তমী	দাতরি	দাত্রোঃ	দাতৃষু
সম্বোধন	দাতঃ		

ভ্রাতৃ, পিতৃ, জামাতৃ, নৃ প্রভৃতি কয়েকটি ভিন্ন সমুদায় ঋকারান্ত পুংলিঙ্গ শব্দ দাতৃ শব্দের ন্যায়।

ভ্রাতৃ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভ্রাতা	ভ্রাতরৌ	ভ্রাতরঃ
দ্বিতীয়া	ভ্রাতরম্	ভ্রাতরৌ	

এ ভিন্ন সকল বিভক্তিতেই দাতৃ শব্দের ন্যায়। পিতৃ, জামাতৃ, নৃ

প্রভৃতি কয়েকটি শব্দ ভ্রাতৃ শব্দের ন্যায়। কেবল নৃ শব্দের ষষ্ঠীর বহুবচনে নৃণাম্, নৃণাম্ এই দুই পদ হয়।

ওকারান্ত—গো শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	গাম্	গাবৌ	গাঃ
তৃতীয়া	গবা	গোভ্যাম্	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ
পঞ্চমী	গোঃ	গোভ্যাম্	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম্
সপ্তমী	গবি	গবোঃ	গোষু

সমুদায় পুংলিঙ্গ ওকারান্ত শব্দ এইরূপ।

স্বরান্ত স্ত্রীলিঙ্গ শব্দ

আকারান্ত—লতা শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	লতা	লতে	লতাঃ
দ্বিতীয়া	লতাম্	লতে	লতাঃ
তৃতীয়া	লতয়া	লতাভ্যাম্	লতাভিঃ
চতুর্থী	লতায়ৈ	লতাভ্যাম্	লতাভ্যঃ
পঞ্চমী	লতায়াঃ	লতাভ্যাম্	লতাভ্যঃ
ষষ্ঠী	লতায়াঃ	লতয়োঃ	লতানাম্

	একবচন	দ্বিবচন	বহুবচন
সপ্তম	লতায়াম্	লতয়োঃ	লতাসু
সম্বোধন	লতে		

প্রায় সমুদায় আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এইরূপ।

ইকারান্ত—মতি শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মতিঃ	মতী	মতয়ঃ
দ্বিতীয়া	মতিম্	মতী	মতীঃ
তৃতীয়া	মত্যা	মতিভ্যাম্	মতিভিঃ
চতুর্থী	মত্যৈ, মতয়ে	মতিভ্যাম্	মতিভ্যঃ
পঞ্চমী	মত্যাঃ, মতেঃ	মতিভ্যাম্	মতিভ্যঃ
ষষ্ঠী	মত্যাঃ, মতেঃ	মত্যোঃ	মতীনাম্
সপ্তমী	মত্যাম্, মতৌ	মত্যোঃ	মতিষু
সম্বোধন	মতে		

সমুদায় ইকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ এইরূপ।

ঈকারান্ত—নদী শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নদী	নদ্যৌ	নদ্যঃ
দ্বিতীয়া	নদীম্	নদ্যৌ	নদীঃ
তৃতীয়া	নদ্যা	নদীভ্যাম্	নদীভিঃ
চতুর্থী	নদ্যৈ	নদীভ্যাম্	নদীভ্যঃ
পঞ্চমী	নদ্যাঃ	নদীভ্যাম্	নদীভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	নদ্যাঃ	নদ্যোঃ	নদীনাম্
সপ্তমী	নদ্যাম	নদ্যোঃ	নদীষু
সম্বোধন	নদি		

শ্রী শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্রীঃ	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
দ্বিতীয়া	শ্রিয়ম্	শ্রিয়ৌ	শ্রিয়ঃ
তৃতীয়া	শ্রিয়া	শ্রীভ্যাম্	শ্রীভিঃ
চতুর্থী	শ্রিয়ৈ, শ্রিয়ে	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ
পঞ্চমী	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রীভ্যাম্	শ্রীভ্যঃ
ষষ্ঠী	শ্রিয়াঃ, শ্রিয়ঃ	শ্রিয়োঃ	শ্রীণাম্, শ্রিয়াম্
সপ্তমী	শ্রিয়াম্, শ্রিয়ি	শ্রিয়োঃ	শ্রীষু

দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের মধ্যে কতকগুলি নদী শব্দের মত, কতকগুলি শ্রী শব্দের মত।

স্ত্রী শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্ত্রী	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ
দ্বিতীয়া	স্ত্রিয়ম্, স্ত্রীম্	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ, স্ত্রীঃ
তৃতীয়া	স্ত্রিয়া	স্ত্রীভ্যাম্	স্ত্রীভিঃ
চতুর্থী	স্ত্রিয়ৈ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
পঞ্চমী	স্ত্রিয়াঃ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
ষষ্ঠী	স্ত্রিয়াঃ	স্ত্রিয়োঃ	স্ত্রীণাম্

	একবচন	দ্বিবচন	বহুবচন
সপ্তমী	স্ত্রিয়াম্	স্ত্রিয়োঃ	স্ত্রীষু
সম্বোধন	স্ত্রি		

উকারান্ত—ধেনু শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধেনুঃ	ধেনূ	ধেনবঃ
দ্বিতীয়া	ধেনুম্	ধেনূ	ধেনূঃ
তৃতীয়া	ধেন্বা	ধেনুভ্যাম্	ধেনুভিঃ
চতুর্থী	ধেন্বৈ, ধেনবে	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
পঞ্চমী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
ষষ্ঠী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেন্বোঃ	ধেনূনাম্
সপ্তমী	ধেন্বাম্, ধেনৌ	ধেন্বোঃ	ধেনুষু
সম্বোধন	ধেনো		

সমুদায় হ্রস্ব উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের এইরূপ।

ঊকারান্ত—বধূ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বধূঃ	বধ্বৌ	বধ্বঃ
দ্বিতীয়া	বধূম্	বধ্বৌ	বধূঃ
তৃতীয়া	বধ্বা	বধূভ্যাম্	বধূভিঃ
চতুর্থী	বধ্বৈ	বধূভ্যাম্	বধূভ্যঃ
পঞ্চমী	বধ্বাঃ	বধূভ্যাম্	বধূভ্যঃ
ষষ্ঠী	বধ্বাঃ	বধ্বোঃ	বধূনাম্

	একবচন	দ্বিবচন	বহুবচন
সপ্তমী	বধ্বাম্	বধ্বোঃ	বধূষু
সম্বোধন	বধু		

ভ্রূ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভ্রূঃ	ভ্রুবৌ	ভ্রুবঃ
দ্বিতীয়া	ভ্রুবম্	ভ্রুবৌ	ভ্রুবঃ
তৃতীয়া	ভ্রুবা	ভ্রূভ্যাম্	ভ্রূভিঃ
চতুর্থী	ভ্রুবৈ, ভ্রুবে	ভ্রূভ্যাম্	ভ্রূভ্যঃ
পঞ্চমী	ভ্রুবাঃ, ভ্রুবঃ	ভ্রূভ্যাম্	ভ্রূভ্যঃ
ষষ্ঠী	ভ্রুবাঃ, ভ্রুবঃ	ভ্রুবোঃ	ভ্রূণাম্, ভ্রুবাম্
সপ্তমী	ভ্রুবাম্, ভ্রুবি	ভ্রুবোঃ	ভ্রূষু

দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের মধ্যে কতকগুলি বধূ শব্দের মত, আর কতকগুলি ভ্রূ শব্দের মত।

ঋকারান্ত—দুহিতৃ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দুহিতা	দুহিতরৌ	দুহিতরঃ
দ্বিতীয়া	দুহিতরম্	দুহিতরৌ	দুহিতৄঃ
তৃতীয়া	দুহিত্রা	দুহিতৃভ্যাম্	দুহিতৃভিঃ
চতুর্থী	দুহিত্রে	দুহিতৃভ্যাম্	দুহিতৃভ্যঃ
পঞ্চমী	দুহিতুঃ	দুহিতৃভ্যাম্	দুহিতৃভ্যঃ
ষষ্ঠী	দুহিতুঃ	দুহিত্রোঃ	দুহিতৄণাম্

	একবচন	দ্বিবচন	বহুবচন
সপ্তমী	দুহিতরি	দুহিত্রোঃ	দুহিতৃষু
সম্বোধন	দুহিতঃ		

স্বসৃ শব্দ ভিন্ন সমুদায় ঋকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের এইরূপ।

স্বসৃ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্বসা	স্বসারৌ	স্বসারঃ
দ্বিতীয়া	স্বসারম্	স্বসারৌ	

এ ভিন্ন আর সকল বিভক্তিতেই দুহিতৃ শব্দের তুল্য।

ক্লীবলিঙ্গ

অকারান্ত—ফল শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ফলম্	ফলে	ফলানি
দ্বিতীয়া	ফলম্	ফলে	ফলানি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গ অকারান্ত শব্দের তুল্য। প্রায় সমুদায় অকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এইরূপ।

ইকারান্ত—বারি শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বারি	বারিণী	বারীণি
দ্বিতীয়া	বারি	বারিণী	বারীণি
তৃতীয়া	বারিণা	বারিভ্যাম্	বারিভিঃ
চতুর্থী	বারিণে	বারিভ্যাম্	বারিভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	বারিণঃ	বারিভ্যাম্	বারিভ্যঃ
ষষ্ঠী	বারিণঃ	বারিণোঃ	বারীণাম্
সপ্তমী	বারিণি	বারিণোঃ	বারিষু
সম্বোধন	বারে, বারি		

দধি প্রভৃতি কয়েকটি শব্দ ভিন্ন সমুদায় হ্রস্ব ইকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এইরূপ।

দধি শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দধি	দধিনী	দধীনি
দ্বিতীয়া	দধি	দধিনী	দধীনি
তৃতীয়া	দধ্না	দধিভ্যাম্	দধিভিঃ
চতুর্থী	দধ্নে	দধিভ্যাম্	দধিভ্যঃ
পঞ্চমী	দধ্নঃ	দধিভ্যাম্	দধিভ্যঃ
ষষ্ঠী	দধ্নঃ	দধ্নোঃ	দধ্নাম্
সপ্তমী	দধ্নি, দধনি	দধ্নোঃ	দধিষু
সম্বোধন	দধে, দধি		

অক্ষি, অস্থি ও সকথি শব্দ অবিকল এইরূপ।

উকারান্ত—মধু শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মধু	মধুনী	মধূনি
দ্বিতীয়া	মধু	মধুনী	মধূনি
তৃতীয়া	মধুনা	মধুভ্যাম্	মধুভিঃ
চতুর্থী	মধুনে	মধুভ্যাম্	মধুভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	মধুনঃ	মধুভ্যাম্	মধুভ্যঃ
ষষ্ঠী	মধুনঃ	মধুনোঃ	মধূনাম্
সপ্তমী	মধুনি	মধুনোঃ	মধুষু
সম্বোধন	মধো, মধু		

প্রায় সমুদায় হ্রস্ব উকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের এইরূপ।

ব্যঞ্জনান্ত শব্দ (পুংলিঙ্গ)

জ্‌কারান্ত—সম্রাজ্‌ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সম্রাট্	সম্রাজৌ	সম্রাজঃ
দ্বিতীয়া	সম্রাজম্	সম্রাজৌ	সম্রাজঃ
তৃতীয়া	সম্রাজা	সম্রাড়্‌ভ্যাম্	সম্রাড়্‌ভিঃ
চতুর্থী	সম্রাজে	সম্রাড়্‌ভ্যাম্	সম্রাড়্‌ভ্যঃ
পঞ্চমী	সম্রাজঃ	সম্রাড়্‌ভ্যাম্	সম্রাড়্‌ভ্যঃ
ষষ্ঠী	সম্রাজঃ	সম্রাজোঃ	সম্রাজাম্
সপ্তমী	সম্রাজি	সম্রাজোঃ	সম্রাট্‌সু

প্রায় সমুদায় জ্‌কারান্ত শব্দ সম্রাজ্‌ শব্দের ন্যায়।

ত্‌কারান্ত—ভূভৃৎ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভূভৃৎ	ভূভৃতৌ	ভূভৃতঃ
দ্বিতীয়া	ভূভৃতম্	ভূভৃতৌ	ভূভৃতঃ
তৃতীয়া	ভূভৃতা	ভূভৃদ্ভ্যাম্	ভূভৃদ্ভিঃ
চতুর্থী	ভূভৃতে	ভূভৃদ্ভ্যাম্	ভূভৃদ্ভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	ভূভৃতঃ	ভূভৃদ্ভ্যাম্	ভূভৃদ্ভ্যঃ
ষষ্ঠী	ভূভৃতঃ	ভূভৃতোঃ	ভূভৃতাম্
সপ্তমী	ভূভৃতি	ভূভৃতোঃ	ভূভৃৎসু

শ্রীমৎ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্রীমান্	শ্রীমন্তৌ	শ্রীমন্তঃ
দ্বিতীয়া	শ্রীমন্তম্	শ্রীমন্তৌ	শ্রীমতঃ
তৃতীয়া	শ্রীমতা	শ্রীমদ্ভ্যাম্	শ্রীমদ্ভিঃ
চতুর্থী	শ্রীমতে	শ্রীমদ্ভ্যাম্	শ্রীমদ্ভ্যঃ
পঞ্চমী	শ্রীমতঃ	শ্রীমদ্ভ্যাম্	শ্রীমদ্ভ্যঃ
ষষ্ঠী	শ্রীমতঃ	শ্রীমতোঃ	শ্রীমতাম্
সপ্তমী	শ্রীমতি	শ্রীমতোঃ	শ্রীমৎসু
সম্বোধন	শ্রীমন্		

গায়ৎ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গায়ন্	গায়ন্তৌ	গায়ন্তঃ
দ্বিতীয়া	গায়ন্তম্	গায়ন্তৌ	গায়তঃ
তৃতীয়া	গায়তা	গায়দ্ভ্যাম্	গায়দ্ভিঃ
চতুর্থী	গায়তে	গায়দ্ভ্যাম্	গায়দ্ভ্যঃ
পঞ্চমী	গায়তঃ	গায়দ্ভ্যাম্	গায়দ্ভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	গায়তঃ	গায়তোঃ	গায়তাম্
সপ্তমী	গায়তি	গায়তোঃ	গায়ৎসু

ত্‌কারান্ত শব্দের মধ্যে কতকগুলি ভূভৃৎ শব্দের ন্যায়, কতকগুলি শ্রীমৎ শব্দের ন্যায়, কতকগুলি গায়ৎ শব্দের ন্যায়। ভবৎ শব্দ গায়ৎ শব্দের তুল্য ; কিন্তু যখন তুমি অর্থে প্রয়োগ হয়, তখন শ্রীমৎ শব্দের ন্যায়। মহৎ শব্দ গায়ৎ শব্দের তুল্য, কেবল প্রথমা ও দ্বিতীয়াতে বিশেষত্ব আছে।

মহৎ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মহান্	মহান্তৌ	মহান্তঃ
দ্বিতীয়া	মহান্তম্	মহান্তৌ	
সম্বোধন	মহন্		

ন্‌কারান্ত—লঘিমন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	লঘিমা	লঘিমানৌ	লঘিমানঃ
দ্বিতীয়া	লঘিমানম্	লঘিমানৌ	লঘিম্নঃ
তৃতীয়া	লঘিম্না	লঘিমভ্যাম্	লঘিমভিঃ
চতুর্থী	লঘিম্নে	লঘিমভ্যাম্	লঘিমভ্যঃ
পঞ্চমী	লঘিম্নঃ	লঘিমভ্যাম্	লঘিমভ্যঃ
ষষ্ঠী	লঘিম্নঃ	লঘিম্নোঃ	লঘিম্নাম্
সপ্তমী	লঘিম্নি, লঘিমনি	লঘিম্নোঃ	লঘিমসু
সম্বোধন	লঘিমন্		

যজন্, যুবন্ প্রভৃতি কতকগুলি ভিন্ন প্রায় সমুদায় নকারান্ত শব্দ লঘিমন্ শব্দের ন্যায়।

যজ্বন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যজ্বা	যজ্বানৌ	যজ্বানঃ
দ্বিতীয়া	যজ্বানম্	যজ্বানৌ	যজ্বনঃ
তৃতীয়া	যজ্বনা	যজ্বভ্যাম্	যজ্বভিঃ
চতুর্থী	যজ্বনে	যজ্বভ্যাম্	যজ্বভ্যঃ
পঞ্চমী	যজ্বনঃ	যজ্বভ্যাম্	যজ্বভ্যঃ
ষষ্ঠী	যজ্বনঃ	যজ্বনোঃ	যজ্বনাম্
সপ্তমী	যজ্বনি	যজ্বনোঃ	যজ্বসু
সম্বোধন	যজ্বন্		

যত নকারান্ত শব্দের নকারের পূর্ব্বে ম এবং ব সংযুক্ত বর্ণ থাকে, প্রায় সে সমুদায় শব্দই যজ্বন্ শব্দের ন্যায়।

যুবন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যুবা	যুবানৌ	যুবানঃ
দ্বিতীয়া	যুবানম্	যুবানৌ	যূনঃ
তৃতীয়া	যূনা	যুবভ্যাম্	যুবভিঃ
চতুর্থী	যূনে	যুবভ্যাম্	যুবভ্যঃ
পঞ্চমী	যূনঃ	যুবভ্যাম্	যুবভ্যঃ
ষষ্ঠী	যূনঃ	যূনোঃ	যূনাম্
সপ্তমী	যূনি	যূনোঃ	যুবসু
সম্বোধন	যুবন্		

রাজন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	রাজা	রাজানৌ	রাজানঃ
দ্বিতীয়া	রাজানম্	রাজানৌ	রাজ্ঞঃ
তৃতীয়া	রাজ্ঞা	রাজভ্যাম্	রাজভিঃ
চতুর্থী	রাজ্ঞে	রাজভ্যাম্	রাজভ্যঃ
পঞ্চমী	রাজ্ঞঃ	রাজভ্যাম্	রাজভ্যঃ
ষষ্ঠী	রাজ্ঞঃ	রাজ্ঞোঃ	রাজ্ঞাম্
সপ্তমী	রাজ্ঞি, রাজনি	রাজ্ঞোঃ	রাজসু
সম্বোধন	রাজন্		

শ্বন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্বা	শ্বানৌ	শ্বানঃ
দ্বিতীয়া	শ্বানম্	শ্বানৌ	শুনঃ
তৃতীয়া	শুনা	শ্বভ্যাম্	শ্বভিঃ
চতুর্থী	শুনে	শ্বভ্যাম্	শ্বভ্যঃ
পঞ্চমী	শুনঃ	শ্বভ্যাম্	শ্বভ্যঃ
ষষ্ঠী	শুনঃ	শুনোঃ	শুনাম্
সপ্তমী	শুনি	শুনোঃ	শ্বসু
সম্বোধন	শ্বন		

গুণিন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গুণী	গুণিনৌ	গুণিনঃ
দ্বিতীয়া	গুণিনম্	গুণিনৌ	গুণিনঃ
তৃতীয়া	গুণিনা	গুণিভ্যাম্	গুণিভিঃ
চতুর্থী	গুণিনে	গুণিভ্যাম্	গুণিভ্যঃ
পঞ্চমী	গুণিনঃ	গুণিভ্যাম্	গুণিভ্যঃ
ষষ্ঠী	গুণিনঃ	গুণিনোঃ	গুণিনাম্
সপ্তমী	গুণিনি	গুণিনোঃ	গুণিষু
সম্বোধন	গুণিন্		

পথিন্ প্রভৃতি কয়েকটি ভিন্ন সমুদায় ইন্ ভাগান্ত শব্দ গুণিন্ শব্দের ন্যায়।

পথিন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পন্থাঃ	পন্থানৌ	পন্থানঃ
দ্বিতীয়া	পন্থানম্	পন্থানৌ	পথঃ
তৃতীয়া	পথা	পথিভ্যাম্	পথিভিঃ
চতুর্থী	পথে	পথিভ্যাম্	পথিভ্যঃ
পঞ্চমী	পথঃ	পথিভ্যাম্	পথিভ্যঃ
ষষ্ঠী	পথঃ	পথোঃ	পথাম্
সপ্তমী	পথি	পথোঃ	পথিষু

স্‌কারান্ত—বেধস্‌ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বেধাঃ	বেধসৌ	বেধসঃ
দ্বিতীয়া	বেধসম্‌	বেধসৌ	বেধসঃ
তৃতীয়া	বেধসা	বেধোভ্যাম্‌	বেধোভিঃ
চতুর্থী	বেধসে	বেধোভ্যাম্‌	বেধোভ্যঃ
পঞ্চমী	বেধসঃ	বেধোভ্যাম্‌	বেধোভ্যঃ
ষষ্ঠী	বেধসঃ	বেধসোঃ	বেধসাম্‌
সপ্তমী	বেধসি	বেধসোঃ	বেধঃসু
সম্বোধন	বেধঃ		

বিদ্বস্‌, লঘীয়স্‌, পুংস্‌ প্রভৃতি কতকগুলি শব্দ ভিন্ন প্রায় সমুদায় দন্ত্য সকারান্ত শব্দ এইরূপ।

বিদ্বস্‌ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বিদ্বান্‌	বিদ্বাংসৌ	বিদ্বাংসঃ
দ্বিতীয়া	বিদ্বাংসম্‌	বিদ্বাংসৌ	বিদুষঃ
তৃতীয়া	বিদুষা	বিদ্বদ্ভ্যাম্‌	বিদ্বদ্ভিঃ
চতুর্থী	বিদুষে	বিদ্বদ্ভ্যাম্‌	বিদ্বদ্ভ্যঃ
পঞ্চমী	বিদুষঃ	বিদ্বদ্ভ্যাম্‌	বিদ্বদ্ভ্যঃ
ষষ্ঠী	বিদুষঃ	বিদুষোঃ	বিদুষাম্‌
সপ্তমী	বিদুষি	বিদুষোঃ	বিদ্বৎসু
সম্বোধন	বিদ্বন্‌		

যাবতীয় বস্‌ প্রত্যয়ান্ত শব্দ বিদ্বস্‌ শব্দের তুল্য।

লঘীয়স্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	লঘীয়ান্	লঘীয়াংসৌ	লঘীয়াংসঃ
দ্বিতীয়া	লঘীয়াংসম্	লঘীয়াংসে	লঘীয়সঃ
তৃতীয়া	লঘীয়সা	লঘীয়োভ্যাম্	লঘীয়োভিঃ
চতুর্থী	লঘীয়সে	লঘীয়োভ্যাম্	লঘীয়োভ্যঃ
পঞ্চমী	লঘীয়সঃ	লঘীয়োভ্যাম্	লঘীয়োভ্যঃ
ষষ্ঠী	লঘীয়সঃ	লঘীয়সোঃ	লঘীয়সাম্
সপ্তমী	লঘীয়সি	লঘীয়সোঃ	লঘীয়ঃসু
সম্বোধন	লঘীয়ন্		

যাবতীয় ঈয়স্ প্রত্যয়নিষ্পন্ন শব্দের এইরূপ।

পুম্‌স্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পুমান্	পুমাংসৌ	পুমাংসঃ
দ্বিতীয়া	পুমাংসম্	পুমাংসৌ	পুংসঃ
তৃতীয়া	পুংসা	পুংভ্যাম্	পুংভিঃ
চতুর্থী	পুংসে	পুংভ্যাম্	পুংভ্যঃ
পঞ্চমী	পুংসঃ	পুংভ্যাম্	পুংভ্যঃ
ষষ্ঠী	পুংসঃ	পুংসোঃ	পুংসাম্
সপ্তমী	পুংসি	পুংসোঃ	পুংসু
সম্বোধন	পুমন্		

—

স্ত্রীলিঙ্গ

চকারান্ত—বাচ্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বাক্	বাচৌ	বাচঃ
দ্বিতীয়া	বাচম্	বাচৌ	বাচঃ
তৃতীয়া	বাচা	বাগ্‌ভ্যাম্	বাগ্‌ভিঃ
চতুর্থী	বাচে	বাগ্‌ভ্যাম্	বাগ্‌ভ্যঃ
পঞ্চমী	বাচঃ	বাগ্‌ভ্যাম্	বাগ্‌ভ্যঃ
ষষ্ঠী	বাচঃ	বাচোঃ	বাচাম্
সপ্তমী	বাচি	বাচোঃ	বাক্ষু

অন্য অন্য শব্দের সহিত যোগ করিলে বাচ্ শব্দ পুংলিঙ্গও হয়, তখনও এইরূপ। সমুদায় পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ চকারান্ত শব্দ এইরূপ।

দকারান্ত—আপদ্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	আপৎ	আপদৌ	আপদঃ
দ্বিতীয়া	আপদম্	আপদৌ	আপদঃ
তৃতীয়া	আপদা	আপদ্ভ্যাম্	আপদ্ভিঃ
চতুর্থী	আপদে	আপদ্ভ্যাম্	আপদ্ভ্যঃ
পঞ্চমী	আপদঃ	আপদ্ভ্যাম্	আপদ্ভ্যঃ
ষষ্ঠী	আপদঃ	আপদোঃ	আপদাম্
সপ্তমী	আপদি	আপদোঃ	আপৎসু

অন্য অন্য শব্দের সহিত যোগ করিলে আপদ্ শব্দ পুংলিঙ্গও হয়, তখনও এইরূপ। সমুদায় পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ দকারান্ত শব্দ আপদ্ শব্দের ন্যায়।

পকারান্ত—অপ্ শব্দ

অপ্ শব্দ কেবল বহুবচনে প্রয়োগ হয়।

	বহুবচন
প্রথমা	আপঃ
দ্বিতীয়া	অপঃ
তৃতীয়া	অদ্ভিঃ
চতুর্থী	অদ্ভ্যঃ
পঞ্চমী	অদ্ভ্যঃ
ষষ্ঠী	অপাম্
সপ্তমী	অপ্সু

শকারান্ত—দিশ্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	দিক্	দিশৌ	দিশঃ
দ্বিতীয়া	দিশম্	দিশৌ	দিশঃ
তৃতীয়া	দিশা	দিগ্ভ্যাম্	দিগ্ভিঃ
চতুর্থী	দিশে	দিগ্ভ্যাম্	দিগ্ভ্যঃ
পঞ্চমী	দিশঃ	দিগ্ভ্যাম্	দিগ্ভ্যঃ
ষষ্ঠী	দিশঃ	দিশোঃ	দিশাম্
সপ্তমী	দিশি	দিশোঃ	দিক্ষু

——

ক্লীবলিঙ্গ

তকারান্ত—শ্রীমৎ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্রীমৎ	শ্রীমতী	শ্রীমন্তি
দ্বিতীয়া	শ্রীমৎ	শ্রীমতী	শ্রীমন্তি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত। প্রায় সমুদায় তকারান্ত ক্লীবলিঙ্গ শব্দ শ্রীমৎ শব্দের ন্যায়।

মহৎ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মহৎ	মহতী	মহান্তি
দ্বিতীয়া	মহৎ	মহতী	মহান্তি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের ন্যায়।

নকারান্ত—ধামন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধাম	ধাম্নী, ধামনী	ধামানি
দ্বিতীয়া	ধাম	ধাম্নী, ধামনী	ধামানি
সম্বোধন	ধাম, ধামন্		

আর আর বিভক্তিতে পুংলিঙ্গ লঘিমন্ শব্দের তুল্য। প্রায় সমুদায় নকারান্ত শব্দ এইরূপ।

কর্ম্মন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কর্ম্ম	কর্ম্মণী	কর্ম্মাণি
দ্বিতীয়া	কর্ম্ম	কর্ম্মণী	কর্ম্মাণি
সম্বোধন	কর্ম্ম, কর্ম্মন্		

আর আর বিভক্তিতে পুংলিঙ্গ যজ্বন্ শব্দের ন্যায়।

অহন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহঃ	অহ্নী, অহনী	অহানি
দ্বিতীয়া	অহঃ	অহ্নী, অহনী	অহানি
তৃতীয়া	অহ্না	অহোভ্যাম্	অহোভিঃ
চতুর্থী	অহ্নে	অহোভ্যাম্	অহোভ্যঃ
পঞ্চমী	অহ্নঃ	অহোভ্যাম্	অহোভ্যঃ
ষষ্ঠী	অহ্নঃ	অহ্নোঃ	অহ্নাম্
সপ্তমী	অহ্নি, অহনি	অহ্নোঃ	অহঃসু

সকারান্ত—পয়স্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পয়ঃ	পয়সী	পয়াংসি
দ্বিতীয়া	পয়ঃ	পয়সী	পয়াংসি

আর আর বিভক্তিতে বেধস্ শব্দের ন্যায়। মনস্, চেতস্ প্রভৃতি প্রায় সমুদায় সকারান্ত ক্লীবলিঙ্গ শব্দ এইরূপ।

হবিস্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	হবিঃ	হবিষী	হবীংষি
দ্বিতীয়া	হবি	হবিষী	হবীংষি
তৃতীয়া	হবিষা	হবির্ভ্যাম্	হবির্ভিঃ
চতুর্থী	হবিষে	হবির্ভ্যাম্	হবির্ভ্যঃ
পঞ্চমী	হবিষঃ	হবির্ভ্যাম্	হবির্ভ্যঃ
ষষ্ঠী	হবিষঃ	হবিষোঃ	হবিষাম্
সপ্তমী	হবিষি	হবিষোঃ	হবিঃষু

সর্পিস্ প্রভৃতি সমুদায় ইস্ ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এইরূপ।

ধনুস্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধনুঃ	ধনুষী	ধনূংষি
দ্বিতীয়া	ধনুঃ	ধনুষী	ধনূংষি
তৃতীয়া	ধনুষা	ধনুর্ভ্যাম্	ধনুর্ভিঃ
চতুর্থী	ধনুষে	ধনুর্ভ্যাম্	ধনুর্ভ্যঃ
পঞ্চমী	ধনুষঃ	ধনুর্ভ্যাম্	ধনুর্ভ্যঃ
ষষ্ঠী	ধনুষঃ	ধনুষোঃ	ধনুষাম্
সপ্তমী	ধনুষি	ধনুষোঃ	ধনুঃষু

চক্ষুস্ ও আর আর উস্ ভাগান্ত ক্লীবলিঙ্গ শব্দের এইরূপ।

সর্ব্বনাম

সর্ব্ব শব্দ (পুংলিঙ্গ)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্ব্বঃ	সর্ব্বৌ	সর্ব্বে
দ্বিতীয়া	সর্ব্বম্	সর্ব্বৌ	সর্ব্বান্
তৃতীয়া	সর্ব্বেণ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বৈঃ
চতুর্থী	সর্ব্বস্মৈ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বেভ্যঃ
পঞ্চমী	সর্ব্বস্মাৎ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বেভ্যঃ
ষষ্ঠী	সর্ব্বস্য	সর্ব্বয়োঃ	সর্ব্বেষাম্
সপ্তমী	সর্ব্বস্মিন্	সর্ব্বয়োঃ	সর্ব্বেষু

ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্ব্বম্	সর্ব্বে	সর্ব্বাণি
দ্বিতীয়া	সর্ব্বম্	সর্ব্বে	সর্ব্বাণি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্ব্বা	সর্ব্বে	সর্ব্বাঃ
দ্বিতীয়া	সর্ব্বাম্	সর্ব্বে	সর্ব্বাঃ
তৃতীয়া	সর্ব্বয়া	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভিঃ
চতুর্থী	সর্ব্বস্যৈ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	সর্ব্বস্যাঃ	সর্ব্বাভ্যাম্	সর্ব্বাভ্যঃ
ষষ্ঠী	সর্ব্বস্যাঃ	সর্ব্বয়োঃ	সর্ব্বাসাম্
সপ্তমী	সর্ব্বস্যাম্	সর্ব্বয়োঃ	সর্ব্বাসু

অন্য শব্দ ঠিক সর্ব্ব শব্দের মত, কেবল ক্লীবলিঙ্গের প্রথমা ও দ্বিতীয়ার একবচনে অন্যৎ এই পদ হয়।

পূর্ব্ব শব্দ (পুংলিঙ্গ)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পূর্ব্বঃ	পূর্ব্বৌ	পূর্ব্বে, পূর্ব্বাঃ
দ্বিতীয়া	পূর্ব্বম্	পূর্ব্বৌ	পূর্ব্বান্
তৃতীয়া	পূর্ব্বেণ	পুর্ব্বাভ্যাম্	পূর্ব্বৈঃ
চতুর্থী	পূর্ব্বস্মৈ	পূর্ব্বাভ্যাম্	পূর্ব্বেভ্যঃ
পঞ্চমী	পূর্ব্বস্মাৎ, পূর্ব্বাৎ	পূর্ব্বাভ্যাম্	পূর্ব্বেভ্যঃ
ষষ্ঠী	পূর্ব্বস্য	পূর্ব্বয়োঃ	পূর্ব্বেষাম্
সপ্তমী	পূর্ব্বস্মিন্, পূর্ব্বে	পূর্ব্বয়োঃ	পূর্ব্বেষু

ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পূর্ব্বম্	পূর্ব্বে	পূর্ব্বাণি
দ্বিতীয়া	পূর্ব্বম্	পূর্ব্বে	পূর্ব্বাণি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত। স্ত্রীলিঙ্গে ঠিক সর্ব্ব শব্দের ন্যায়, কোন ভেদ নাই। পর, অপর, দক্ষিণ, উত্তর প্রভৃতি কতকগুলি শব্দ পূর্ব্ব শব্দের তুল্য।

অস্মদ্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহম্	আবাম্	বয়ম্
দ্বিতীয়া	মাম্, মা	আবাম্, নৌ	অস্মান্, নঃ
তৃতীয়া	ময়া	আবাভ্যাম্	অস্মাভিঃ
চতুর্থী	মহ্যম্, মে	আবাভ্যাম্, নৌ	অস্মভ্যম্, নঃ
পঞ্চমী	মৎ	আবাভ্যাম্	অস্মৎ
ষষ্ঠী	মম, মে	আবয়োঃ, নৌ	অস্মাকম্, নঃ
সপ্তমী	ময়ি	আবয়োঃ	অস্মাসু

তিন লিঙ্গেই সমান, কোন ভেদ নাই।

যুস্মদ্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ত্বম্	যুবাম্	যূয়ম্
দ্বিতীয়া	ত্বাম্, ত্বা	যুবাম্, বাম্	যুষ্মান্, বঃ
তৃতীয়া	ত্বয়া	যুবাভ্যাম্	যুষ্মাভিঃ
চতুর্থী	তুভ্যম্, তে	যুবাভ্যাম্, বাম্	যুষ্মভ্যম্, বঃ
পঞ্চমী	ত্বৎ	যুবাভ্যাম্	যুষ্মৎ
ষষ্ঠী	তব, তে	যুবয়োঃ, বাম্	যুষ্মাকম্, বঃ
সপ্তমী	ত্বয়ি	যুবয়োঃ	যুষ্মাসু

তিন লিঙ্গেই সমান, কোন ভেদ নাই।

ইদম্ শব্দ (পুংলিঙ্গ)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অয়ম্	ইমৌ	ইমে
দ্বিতীয়া	ইমম্	ইমৌ	ইমান্
তৃতীয়া	অনেন	আভ্যাম্	এভিঃ
চতুর্থী	অস্মৈ	আভ্যাম্	এভ্যঃ
পঞ্চমী	অস্মাৎ	আভ্যাম্	এভ্যঃ
ষষ্ঠী	অস্য	অনয়োঃ	এষাম্
সপ্তমী	অস্মিন্	অনয়োঃ	এষু

ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ইদম্	ইমে	ইমানি
দ্বিতীয়া	ইদম্	ইমে	ইমানি

আর আর বিভক্তিতে ঠিক পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ইয়ম্	ইমে	ইমাঃ
দ্বিতীয়া	ইমাম্	ইমে	ইমাঃ
তৃতীয়া	অনয়া	আভ্যাম্	আভিঃ
চতুর্থী	অস্যৈ	আভ্যাম্	আভ্যঃ
পঞ্চমী	অস্যাঃ	আভ্যাম্	আভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	অস্যাঃ	অনয়োঃ	আসাম্
সপ্তমী	অস্যাম্	অনয়োঃ	আসু

কিম্ শব্দ

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কঃ	কৌ	কে
দ্বিতীয়া	কম্	কৌ	কান্
তৃতীয়া	কেন	কাভ্যাম্	কৈঃ
চতুর্থী	কস্মৈ	কাভ্যাম্	কেভ্যঃ
পঞ্চমী	কস্মাৎ	কাভ্যাম্	কেভ্যঃ
ষষ্ঠী	কস্য	কয়োঃ	কেষাম্
সপ্তমী	কস্মিন্	কয়োঃ	কেষু

ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কিম্	কে	কানি
দ্বিতীয়া	কিম্	কে	কানি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কা	কে	কাঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
দ্বিতীয়া	কাম্	কে	কাঃ
তৃতীয়া	কয়া	কাভ্যাম্	কাভিঃ
চতুর্থী	কস্যৈ	কাভ্যাম্	কাভ্যঃ
পঞ্চমী	কস্যাঃ	কাভ্যাম্	কাভ্যঃ
ষষ্ঠী	কস্যাঃ	কয়োঃ	কাসাম্
সপ্তমী	কস্যাম্	কয়োঃ	কাসু

যদ্ শব্দ

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যঃ	যৌ	যে
দ্বিতীয়া	যম্	যৌ	যান্
তৃতীয়া	যেন	যাভ্যাম্	যৈঃ
চতুর্থী	যস্মৈ	যাভ্যাম্	যেভ্যঃ
পঞ্চমী	যস্মাৎ	যাভ্যাম্	যেভ্যঃ
ষষ্ঠী	যস্য	যয়োঃ	যেষাম্
সপ্তমী	যস্মিন্	যয়োঃ	যেষু

ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যৎ	যে	যানি
দ্বিতীয়া	যৎ	যে	যানি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যা	যে	যাঃ
দ্বিতীয়া	যাম্	যে	যাঃ
তৃতীয়া	যয়া	যাভ্যাম্	যাভিঃ
চতুর্থী	যস্যৈ	যাভ্যাম্	যাভ্যঃ
পঞ্চমী	যস্যাঃ	যাভ্যাম্	যাভ্যঃ
ষষ্ঠী	যস্যাঃ	যয়োঃ	যাসাম্
সপ্তমী	যস্যাম্	যয়োঃ	যাসু

তদ্ শব্দ

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সঃ	তৌ	তে
দ্বিতীয়া	তম্	তৌ	তান্
তৃতীয়া	তেন	তাভ্যাম্	তৈঃ
চতুর্থী	তস্মৈ	তাভ্যাম্	তেভ্যঃ
পঞ্চমী	তস্মাৎ	তাভ্যাম্	তেভ্যঃ
ষষ্ঠী	তস্য	তয়োঃ	তেষাম্
সপ্তমী	তস্মিন্	তয়োঃ	তেষু

ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	তৎ	তে	তানি

	একবচন	দ্বিবচন	বহুবচন
দ্বিতীয়া	তৎ	তে	তানি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সা	তে	তাঃ
দ্বিতীয়া	তাম্	তে	তাঃ
তৃতীয়া	তয়া	তাভ্যাম্	তাভিঃ
চতুর্থী	তস্যৈ	তাভ্যাম্	তাভ্যঃ
পঞ্চমী	তস্যাঃ	তাভ্যাম্	তাভ্যঃ
ষষ্ঠী	তস্যাঃ	তয়োঃ	তাসাম্
সপ্তমী	তস্যাম্	তয়োঃ	তাসু

এতদ্ শব্দ অবিকল তদ্ শব্দের ন্যায়, কেবল এ-কার মাত্র অধিক। আর পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে প্রথমার এক বচনে মূর্দ্ধন্য ষ হইবে। যথা,—এষঃ, এষা।

অদস্ শব্দ

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৌ	অমূ	অমী
দ্বিতীয়া	অমুম্	অমূ	অমূন্
তৃতীয়া	অমুনা	অমূভ্যাম্	অমীভিঃ
চতুর্থী	অমুষ্মৈ	অমূভ্যাম্	অমীভ্যঃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	অমুষ্মাৎ	অমূভ্যাম্	অমীভ্যঃ
ষষ্ঠী	অমুষ্য	অমুয়োঃ	অমীষাম্
সপ্তমী	অমুষ্মিন্	অমুয়োঃ	অমীষু

ক্লীবলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অদঃ	অমূ	অমূনি
দ্বিতীয়া	অদঃ	অমূ	অমূনি

আর আর বিভক্তিতে পুংলিঙ্গের মত।

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৌ	অমূ	অমূঃ
দ্বিতীয়া	অমূম্	অমূ	অমূঃ
তৃতীয়া	অমুয়া	অমূভ্যাম্	অমূভিঃ
চতুর্থী	অমুষ্যৈ	অমূভ্যাম্	অমূভ্যঃ
পঞ্চমী	অমুষ্যাঃ	অমূভ্যাম্	অমূভ্যঃ
ষষ্ঠী	অমুষ্যাঃ	অমুয়োঃ	অমূষাম্
সপ্তমী	অমুষ্যাম্	অমুয়োঃ	অমূষু

সংখ্যা-বাচক শব্দ

এক শব্দ

এই শব্দ তিন লিঙ্গেই সর্ব্ব শব্দের তুল্য, কোন ভেদ নাই।

দ্বি শব্দ—দ্বিবচনান্ত

	পুংলিঙ্গ	ক্লীবলিঙ্গ
	দ্বিবচন	দ্বিবচন
প্রথমা	দ্বৌ	দ্বে
দ্বিতীয়া	দ্বৌ	দ্বে
তৃতীয়া	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
চতুর্থী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
পঞ্চমী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
ষষ্ঠী	দ্বয়োঃ	দ্বয়োঃ
সপ্তমী	দ্বয়োঃ	দ্বয়োঃ

স্ত্রীলিঙ্গে ঠিক ক্লীবলিঙ্গের ন্যায়।

ত্রি শব্দ—বহুবচনান্ত

	পুংলিঙ্গ	ক্লীবলিঙ্গ	স্ত্রী লিঙ্গ
	বহুবচন	বহুবচন	বহুবচন
প্রথমা	ত্রয়ঃ	ত্রীণি	তিস্রঃ
দ্বিতীয়া	ত্রীন্	ত্রীণি	তিস্রঃ
তৃতীয়া	ত্রিভিঃ	ত্রিভিঃ	তিসৃভিঃ
চতুর্থী	ত্রিভ্যঃ	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ
পঞ্চমী	ত্রিভ্যঃ	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ
ষষ্ঠী	ত্রয়াণাম্	ত্রয়াণাম্	ত্রিসৃণাম্
সপ্তমী	ত্রিষু	ত্রিষু	ত্রিসৃষু

চতুর্ শব্দ—বহুবচনান্ত

	পুংলিঙ্গ	ক্লীবলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	চত্বারঃ	চত্বারি	চতস্রঃ
দ্বিতীয়া	চতুরঃ	চত্বারি	চতস্রঃ
তৃতীয়া	চতুর্ভিঃ	চতুর্ভিঃ	চতসৃভিঃ
চতুর্থী	চতুর্ভ্যঃ	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ
পঞ্চমী	চতুর্ভ্যঃ	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ
ষষ্ঠী	চতুর্ণাম্	চতুর্ণাম্	চতসৃণাম্
সপ্তমী	চতুর্ষু	চতুর্ষু	চতসৃষু

পঞ্চন শব্দ—বহুবচনান্ত

প্রথমা	পঞ্চ
দ্বিতীয়া	পঞ্চ
তৃতীয়া	পঞ্চভিঃ
চতুর্থী	পঞ্চভ্যঃ
পঞ্চমী	পঞ্চভ্যঃ
ষষ্ঠী	পঞ্চাণাম্
সপ্তমী	পঞ্চসু

তিন লিঙ্গেই সমান।

ষষ্ শব্দ—বহুবচনান্ত

প্রথমা	ষট্
দ্বিতীয়া	ষট্
তৃতীয়া	ষড়্ভিঃ
চতুর্থী	ষড়্ভ্যঃ
পঞ্চমী	ষড়্ভ্যঃ
ষষ্ঠী	ষণ্ণাম্
সপ্তমী	ষট্সু

তিন লিঙ্গেই এইরূপ।

অষ্টন্ শব্দ—বহুবচনান্ত

	বহুবচন
প্রথমা	অষ্টৌ, অষ্ট
দ্বিতীয়া	অষ্টৌ, অষ্ট
তীয়া	অষ্টাভিঃ, অষ্টভিঃ
চতুর্থী	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
পঞ্চমী	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
ষষ্ঠী	অষ্টানাম্
সপ্তমী	অষ্টাসু, অষ্টসু

তিন লিঙ্গেই একরূপ।

সপ্তন্, নবন্, দশন্ প্রভৃতি সমুদায় নকারান্ত সংখ্যাবাচক শব্দ পঞ্চন্ শব্দের তুল্য।

অব্যয় শব্দ

কতকগুলি শব্দ এরূপ আছে যে তাহাদের উত্তর বিভক্তি থাকে না। সুতরাং যেমন শব্দ তেমনই থাকে, কোন পরিবর্ত্তন হয় না, কেবল অন্তেস্থিত র্ ও স্ বিসর্গ হয়। এই সকল শব্দকে **অব্যয়** বলে। যথা,—প্রাতর্, অন্তর্, স্বর্, পুনর্, উচ্চৈস্, নীচৈস্, শনৈস্, বহিস্, নমস্, যুগপৎ, পৃথক্, বিনা, ঋতে, স্বয়ম্, সায়ম্, বৃথা, মৃষা, মিথ্যা, সহ, সার্দ্ধম্, অলম্, অথ, এব, এবম্, নূনম্, ধিক্, চ, বা, তু, হি, ভোস্ অথবা, প্র, পরা, অপ, সম্, নি, অব, অনু, নির্, দুর্,

বি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অভি, অতি, অপি, উপ, আ। যদি ক্রিয়ার সহিত যোগ হয়, তাহা হইলে প্র হইতে আ পর্য্যন্ত কুড়িটি অব্যয়কে **উপসর্গ** বলা হয়।

স্ত্রীলিঙ্গ প্রত্যয়

অকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের মধ্যে কতকগুলি আকারান্ত ও কতকগুলি ঈকারান্ত হয়। যথা,—সর্ব্ব-সর্ব্বা, স্থির-স্থিরা, প্রবল-প্রবলা, কৃশ-কৃশা, বৈশ্য-বৈশ্যা, শূদ্র-শূদ্রা, দৃঢ়-দৃঢ়া ইত্যাদি। বৈষ্ণব-বৈষ্ণবী, নদ-নদী, হংস-হংসী, মৃগ-মৃগী, গৌর-গৌরী, কুমার-কুমারী, সুন্দর-সুন্দরী ইত্যাদি।

যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে মৎ অথবা বৎ থাকে, তাহাদের অন্তে ঈকার হয়। যথা,—বুদ্ধিমৎ-বুদ্ধিমতী, শ্রীমৎ-শ্রীমতী, ভক্তিমৎ-ভক্তিমতী, বলবৎ-বলবতী, লজ্জাবৎ-লজ্জাবতী, বিদ্যাবৎ-বিদ্যাবতী, গুণবৎ-গুণবতী ইত্যাদি।

যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে অৎ থাকে, তাহাদের অন্তে প্রায় ঈকার হয়। তন্মধ্যে কতকগুলির ৎ ন্ত্ হয়। যথা,—গচ্ছৎ-গচ্ছন্তী, তিষ্ঠৎ-তিষ্ঠন্তী, পশ্যৎ-পশ্যন্তী, পতৎ-পতন্তী, নৃত্যৎ-নৃত্যন্তী, বদৎ-বদন্তী, গায়ৎ-গায়ন্তী, ধ্যায়ৎ-ধ্যায়ন্তী, রুদৎ-রুদতী, কুর্ব্বৎ-কুর্ব্বতী, গৃহ্নৎ-গৃহ্নতী, দ্বিষৎ-দ্বিষতী, স্তুবৎ-স্তুবতী ইত্যাদি।

যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে ইন্ থাকে, তাহাদের অন্তে ঈ হয়। যথা,—কমলিন্-কমলিনী, মালিন্-মালিনী,

মানিন্-মানিনী, শুভদায়িন্-শুভদায়িনী, মনোহারিন্-মনোহারিণী, চমৎকারিন্-চমৎকারিণী, মেধাবিন্-মেধাবিনী, মা য়া বি ন্-মায়াবিনী ইত্যাদি।

যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে হ্রস্ব উ থাকে, প্রায় তাহাদের উ-কারের পর বিকল্পে ঈ হয়। যথা,—মৃদু-মৃদ্বী, মৃদুঃ ; সাধু-সাধ্বী, সাধুঃ ; গুরু-গুর্ব্বী, গুরুঃ ; লঘু-লঘ্বী, লঘুঃ ইত্যাদি।

যে সকল স্ত্রীলিঙ্গ শব্দের অন্তে ঋ থাকে, তাহাদের ঋকারের পর ঈ হয়। যথা,—কর্তৃ-কর্ত্রী, ধাতৃ-ধাত্রী, জনয়িতৃ-জনয়িত্রী, প্রসবিতৃ-প্রসবিত্রী ইত্যাদি।

কারক

কারক ছয় প্রকার,—অপাদান, সম্প্রদান, করণ, অধিকরণ কর্ম্ম, কর্ত্তা।

অপাদান

যাহা হইতে কোন বস্তু বা ব্যক্তি চলিত, ভীত, গৃহীত বা উৎপন্ন হয়, তাহাকে অপাদান কারক বলে। **অপাদান কারকে পঞ্চমী বিভক্তি** হয়। যথা,—বৃক্ষাৎ পত্রং পততি, বৃক্ষ হইতে পত্র পতিত হইতেছে। ব্যাঘ্রাৎ বিভেতি, ব্যাঘ্র হইতে ভীত হইতেছে। সরোবরাৎ জলং গৃহ্লাতি, সরোবর হইতে জল গ্রহণ করিতেছে। দুগ্ধাৎ ঘৃতমুৎপদ্যতে, দুগ্ধ হইতে ঘৃত উৎপন্ন হয়।

সম্প্রদান

যাহাকে কোন বস্তু দান করা যায়, তাহাকে সম্প্রদান কারক বলে। **সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়।** যথা দরিদ্রায় ধনং দীয়তাম্, দরিদ্রকে ধন দাও। দীনেভ্যঃ অন্নং দেহি, দীনজনদিগকে অন্ন দাও। মহ্যং পুস্তকং দেহি, আমাকে পুস্তক দাও।

করণ

যাহা দ্বারা কর্ম্ম নিষ্পন্ন হয়, তাহাকে করণ কারক বলে। **করণ কারকে তৃতীয়া বিভক্তি হয়।** যথা,—হস্তেন গৃহ্লাতি, হস্ত দ্বারা গ্রহণ করিতেছে। চক্ষুষা পশ্যতি, চক্ষু দ্বারা দেখিতেছে। দন্তেন চর্ব্বয়তি, দন্ত দ্বারা চর্ব্বন করিতেছে। দণ্ডেন তাড়য়তি, দণ্ডদ্বারা তাড়না করিতেছে। জলেন অগ্নিং নির্ব্বাপয়তি, জলদ্বারা অগ্নি নির্ব্বাণ করিতেছে।

অধিকরণ

ক্রিয়ার যে আধার, তাহাকে অধিকরণ বলে। **অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি হয়।** যথা,—শয্যায়াং শেতে, শয্যায় শুইতেছে। আসনে উপবিশতি, আসনে বসিতেছে। গৃহে তিষ্ঠতি, গৃহে থাকে। বিদ্যায়াম্ অনুরাগো বিদ্যতে, বিদ্যায় অনুরাগ আছে। সুখে অভিলাষোঽস্তি, সুখে অভিলাষ আছে। দুগ্ধে মাধুর্য্যমস্তি, দুগ্ধে মাধুর্য্য আছে। কলসে জলমস্তি, কলসে জল আছে। তিলেষু তৈলমস্তি, তিলে তৈল আছে।

পাত্রে দুগ্ধং স্থাপয়তি, পাত্রে দুগ্ধ রাখিতেছে। বর্ষাসু বৃষ্টির্ভবতি, বর্ষাকালে বৃষ্টি হয়। সায়ং সূর্য্যোঽস্তং যাতি, সূর্য্য সায়ংকালে অস্ত যায়। রাত্রৌ চন্দ্র উদেতি, রাত্রিতে চন্দ্র উদয় হয়।

কর্ম্ম

যাহা করা যায়, যাহা দেখা যায়, যাহা খাওয়া যায়, যাহা পান করা যায়, দান করা যায়, স্পর্শ করা যায়, তাহাকে কর্ম্মকারক বলে। **কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি** হয়। যথা,—ঘটং করোতি, ঘট করিতেছে। চন্দ্রং পশ্যতি, চন্দ্র দেখিতেছে। অন্নং ভুঙ্‌ক্তে, অন্ন খাইতেছে। দুগ্ধং পিবতি, দুগ্ধ পান করিতেছে। ধনং দদাতি, ধন দান করিতেছে। গাত্রং স্পৃশতি, গাত্র স্পর্শ করিতেছে। শত্রুং জয়তি, শত্রু জয় করিতেছে। শাস্ত্রম্‌ অধীতে, শাস্ত্র অধ্যয়ন করিতেছে। পুষ্পং চিনোতি, পুষ্প চয়ন করিতেছে। গুরুং পৃচ্ছতি, গুরুকে জিজ্ঞাসা করিতেছে। গ্রামং গচ্ছতি, গ্রামে যাইতেছে ইত্যাদি।

কর্ত্তা

যে করে, সে কর্ত্তা ; **কর্ত্তায় প্রথমা বিভক্তি** হয়। যথা,—দেবদত্তো গচ্ছতি, দেবদত্ত গমন করিতেছে। বালকো রোদিতি, বালক রোদন করিতেছে। মৃগো ধাবতি, মৃগ দৌড়াইতেছে ; মৃগৌ ধাবতঃ, দুইটি মৃগ দৌড়িতেছে ; মৃগাঃ ধাবন্তি, অনেক মৃগ দৌড়িতেছে।

———

বিভক্তি-নির্ণয়

প্রথমা বিভক্তি

১। 'প্রাতিপদিকার্থমাত্রে প্রথমা'—যে স্থলে কর্ম্মপদ, ক্রিয়াপদ প্রভৃতি না থাকিলেও, কেবল প্রাতিপদিক অর্থাৎ নাম বা শব্দের অর্থটুকু মাত্র বুঝাইবার জন্য শব্দ প্রয়োজন হয়, সেখানে সেই শব্দের উত্তর প্রথমা বিভক্তি হয়।

যথা,—বৃক্ষঃ, নদী, রামঃ, লতা, পুষ্পম্, জলম্, নরঃ, মহিষঃ, রাজা, গৃহম্, পুস্তকম্, অন্নম্, বস্ত্রম্ ইত্যাদি।

২। 'সম্বোধনে চ'—সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। যথা,—হে কৃষ্ণ! হে রাম!

৩। 'ক্বচিন্নিপাতেনাভিধানম্'—কখনও কখনও নিপাতের (অব্যয়) যোগে প্রথমা বিভক্তি হয়। যথা,—স অযোধ্যা ইতি রাজ্যস্য রাজা। 'বিষবৃক্ষোঽপি সংবর্ধ্য স্বয়ং ছেত্তুম-সাম্প্রতম্'।

দ্বিতীয়া বিভক্তি

১। 'ক্রিয়াবিশেষণে চ'—ক্রিয়াবিশেষণে দ্বিতীয়া বিভক্তি ও ক্লীবলিঙ্গের একবচন হয়। যথা,—স মধুরং গায়তি। রামঃ সত্বরং ধাবতি।

২। 'কালাধ্বনোরত্যন্তসংযোগে'—অত্যন্তসংযোগ বা ব্যাপ্তি (অর্থাৎ একমাস ব্যাপিয়া, এক ক্রোশ ব্যাপিয়া, এইরূপ অর্থ) বুঝাইলে কালবাচক ও পথবাচক শব্দের উত্তর দ্বিতীয়া

হয়। যথা,—কালবাচক—মাসম্ অধীতে (একমাস ধরিয়া পড়িতেছে)। পথবাচক—ক্রোশং পর্বতঃ (এক ক্রোশ জুড়িয়া পাহাড়)।

৩। 'অভিপরিসর্ব্বোভয়ৈস্তসন্তৈঃ'—তস্-প্রত্যয়ান্ত অভি, পরি, সর্ব্ব ও উভয় শব্দের অর্থাৎ অভিতঃ, পরিতঃ, সর্ব্বতঃ এবং উভয়তঃ শব্দের যোগে দ্বিতীয়া হয়। যথা,—নদীমভিতঃ (নদীর দিকে); নগরীং পরিতঃ (নগরীর চারিধারে); উদ্যানং সর্ব্বতঃ (বাগানের সর্ব্বস্থানে); নদীমুভয়তঃ (নদীর উভয় পার্শ্বে)।

৪। 'প্রত্যনুধিঙ্নিকষান্তরান্তরেণযাবদ্ভিঃ'—প্রতি, অনু, ধিক্, নিকষা, অন্তরা, অন্তরেণ ও যাবৎ শব্দের যোগে দ্বিতীয়া হয়। যথা,—রামং প্রতি (রামের উপর); রামমনু জাতো লক্ষ্মণঃ (লক্ষ্মণ রামের পরে জন্মিয়াছে); পাপিনং ধিক্ (পাপীকে ধিক); গৃহং নিকষা সরঃ বর্ত্ততে (গৃহের নিকটে সরোবর আছে); অন্তরা ত্বাং মাং চ হরিঃ (তোমার ও আমার মধ্যে হরি); অন্তরেণ হরিং নাস্তি সুখম্ (হরি বিনা সুখ নাই); বনং যাবৎ মাম্ অনুসর (বন পর্য্যন্ত আমাকে অনুসরণ কর)।

৫। 'অধিশীঙ্স্থাসামধিকরণং কর্ম্ম'—অধি-পূর্ব্বক শী, স্থা, ও আস্ ধাতুর অধিকরণ কারক কর্ম্ম হয়; অতএব দ্বিতীয়া বিভক্তি হয়। যথা,—শয্যাম্ অধিশেতে (শয্যায় শুইয়া আছে); শয্যাম্ অধিতিষ্ঠতি, অধ্যাস্তে বা।

৬। 'উপান্বধ্যাঙ্‌বসঃ'—উপ, অনু, অধি ও আ-পূর্ব্বক বস্ ধাতুর অধিকরণ কর্ম্ম হয়; সুতরাং দ্বিতীয়া বিভক্তি হয়। যথা,—হরির্বৈকুণ্ঠম্ উপবসতি, অনুবসতি, অধিবসতি, আবসতি (হরি বৈকুণ্ঠে বাস করেন)। কিন্তু, 'উপবাস' বুঝাইলে হইবে না। যথা,—রামঃ বনে উপবসতি (রাম বনে উপবাস করে)।

তৃতীয়া বিভক্তি

১। 'সহযুক্তে অপ্রধানে'—'সহ' অথবা সহার্থক (সমম্, সাকম্, সার্দ্ধম্) শব্দের যোগে অপ্রধানে তৃতীয়া বিভক্তি হয়। [সহার্থক শব্দের দ্বারা যে দুইটি বস্তু বা ব্যক্তির সম্বন্ধ বুঝাইবে, সেই দুইটির মধ্যে যাহার ক্রিয়ার সহিত সাক্ষাৎ সম্বন্ধ নাই, তাহাকেই এখানে 'অপ্রধান' বলিয়া বুঝিতে হইবে।] যথা,—পুত্রেণ সহ আগতঃ পিতা (পুত্রের সহিত পিতা আসিয়াছেন]; পিত্রা সহ আগতঃ পুত্রঃ (পুত্র পিতার সহিত আসিয়াছে); রামেণ সার্দ্ধং বনং গতঃ (রামের সহিত বনে গিয়াছে)। সহার্থক শব্দের প্রয়োগ না থাকিলেও উহার অর্থ বুঝাইলেই তৃতীয়া বিভক্তি হইবে, যথা,—রামেণ বনং গতঃ।

২। 'অপবর্গে তৃতীয়া'—অপবর্গ অর্থাৎ ফলপ্রাপ্তি বুঝাইলে কালবাচক ও পথবাচক শব্দের উত্তর ব্যাপ্তির অর্থে তৃতীয়া হইবে। যথা,—মাসেন ব্যাকরণম্ অধীতবান্ (একমাসে ব্যাকরণ শিখিয়াছে); ক্রোশেন গ্রন্থঃ অধীতঃ (এক ক্রোশ চলিবার মধ্যে গ্রন্থটি শিখিয়াছে)। কিন্তু, ফলপ্রাপ্তি না

বুঝাইলে দ্বিতীয়া হইবে। যথা,—মাসং ব্যাকরণম্ অধীতবান্ (একমাস ব্যাকরণ পড়িয়াছে)।

৩। **'হেতৌ'**—হেতু বুঝাইলে হেতু-বাচক শব্দের উত্তর তৃতীয়া হয়। যথা,—পুণ্যেন দৃষ্টো হরিঃ (পুণ্যহেতু হরি দেখা গেল); হর্ষেণ নৃত্যতি (হর্ষহেতু নাচিতেছে)। এখানে 'হেতু' বলিতে ফলও বুঝাইবে। যথা,—অধ্যয়নেন বসতি (অধ্যয়নের জন্য বাস করে)।

৪। **'প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানম্'**—প্রকৃতি প্রভৃতি শব্দের উত্তর তৃতীয়া হয়। যথা,—প্রকৃত্যা চারুঃ (স্বভাবতঃ সুন্দর); নাম্না সুতীক্ষ্ণঃ (সুতীক্ষ্ণ নামে); সুখেন গচ্ছতি (সুখে যায়) ইত্যাদি।

৫। **'যেনাঙ্গবিকারঃ'**—যে অঙ্গ বিকৃত হইলে অঙ্গীর (অর্থাৎ ঐ বিকৃত অঙ্গটি যাহার তাহার) বিকার লক্ষিত হয়, সেই অঙ্গবাচক শব্দের উত্তর তৃতীয়া হয়। যথা,—অক্ষ্ণা কাণঃ (চোখে কাণা); পাদেন খঞ্জঃ (পায়ে খোঁড়া) ইত্যাদি। অঙ্গের আধিক্যও একজাতীয় বিকার, অতএব আধিক্য বুঝাইলেও তৃতীয়া হইবে। যথা,—বপুষা চতুর্ভুজঃ (দেহে চারিটি হাত)।

৬। **'ইত্থম্ভূতলক্ষণে'**—যে লক্ষণ দ্বারা কোন ব্যক্তি লক্ষিত হয়, সেই লক্ষণ-বাচক শব্দে তৃতীয়া হয়। যথা,—জটাভিঃ তাপসঃ (জটা দ্বারা তাপস বুঝা যাইতেছে)।

৭। 'ঊনবারণপ্রয়োজনার্থৈশ্চ'—ঊনার্থক, বারণার্থক এবং প্রয়োজনার্থক শব্দের যোগে তৃতীয়া বিভক্তি হয়। যথা, বিদ্যয়া ঊনঃ (হীনঃ শূন্যঃ রহিতঃ বা)—বিদ্যাহীন। জীবনেন অলম্ (কিম্ বা)—জীবনের দরকার নাই। ধনেন প্রয়োজনম্ —ধনের প্রয়োজন।

৮। 'অনুক্তে কর্ত্তরি তৃতীয়া'—কর্ত্তা ক্রিয়ার দ্বারা উক্ত না হইলে, উহাতে তৃতীয়া বিভক্তি হয়। যথা, ময়া চন্দ্রো দৃশ্যতে —আমাদ্বারা চাঁদ দেখা হইতেছে। পত্রেণ পত্যতে—পাতাদ্বারা পড়া হইতেছে।

চতুর্থী বিভক্তি

১। 'তাদর্থ্যে চতুর্থী বাচ্যা'—তাদর্থ্য বুঝাইলে যাহার নিমিত্ত কোন কিছু হয়, তাহাতে ৪র্থী হয়। ['তাদর্থ্য' বলিতে দুইটি বস্তুর সম্বন্ধ বুঝায়, উহা কার্য্যকারণ-ভাব বা অন্য প্রকার সম্বন্ধও হইতে পারে। তদর্থ শব্দের অন্তর্গত 'অর্থ' শব্দটির প্রয়োজন বা নিমিত্ত এবং নিবৃত্তি বা নিবারণ —এই দুই অর্থই বুঝায়, সুতরাং 'তদর্থ' শব্দে (ক) 'তাহার জন্য' এবং (খ) 'তাহার নিবৃত্তির জন্য'—এই দুইরূপ অর্থই হইবে। (ক) নিমিত্তার্থে—কুণ্ডলায় হিরণ্যম্ (কুণ্ডলের জন্য সোনা) ; অশ্বায় ঘাসঃ ; যূপায় দারু ইত্যাদি।

(খ) নিবৃত্তির অর্থে—মশকায় ধূমঃ (মশকনিবারণের জন্য ধূম) ; রোগায় ভেষজম্ (রোগনিবারণের জন্য ঔষধ) ; আতপায় ছত্রম্ ; পাপায় প্রায়শ্চিত্তম্ ইত্যাদি।

২। **'নমঃস্বস্তিস্বাহাস্বধালংবষড্‌যোগাচ্চ'**—নমঃ, স্বস্তি, স্বাহা, স্বধা, অলম্‌-অর্থক (অর্থাৎ সমর্থার্থক) শব্দ এবং বষট্‌ শব্দের যোগে ৪র্থী হয়। যথা, গুরবে নমঃ (গুরুকে প্রণাম); স্বস্তি প্রজাভ্যঃ (প্রজাদের মঙ্গল); অগ্নয়ে স্বাহা (অগ্নিকে নিবেদন); পিতৃভ্যঃ স্বধা (পিতৃগণকে নিবেদন); ইন্দ্রায় বষট্‌ (ইন্দ্রকে নিবেদন); অলং (সমর্থঃ, শক্তঃ প্রভুঃ) মল্লো মল্লায় ইত্যাদি।

৩। **'কৢপি সম্পদ্যমানে চ'**—'পরিণত হওয়া' অর্থ বুঝাইলে কৢপ্‌, সম্‌-পদ্‌, জন্‌, ভূ ইত্যাদি ধাতুর প্রয়োগে, যে পরিণতি লাভ করিল, তাহার উত্তর ৪র্থী হয়। যথা, ভক্তি-র্জ্ঞানায় কল্পতে (ভক্তি জ্ঞানে পরিণত হয়); ধর্মঃ সুখায় জায়তে ইত্যাদি।

৪। **'হিতযোগে চ'**—'হিত' শব্দের যোগে ৪র্থী হইবে। যথা; ব্রাহ্মণায় হিতম্‌ (ব্রাহ্মণের হিতকর)।

৫। **'মন্যকর্ম্মণ্যনাদরে বিভাষা অপ্রাণিষু'**—মন্‌ ধাতুর কর্মের প্রতি অনাদর বুঝাইলে অনাদর—বোধক শব্দে ৪র্থী বিভক্তি ও দ্বিতীয়া বিভক্তি হইবে। অনাদরবোধক শব্দটি অপ্রাণি-বাচক হওয়া চাই। যথা, অহং ত্বাং তৃণায় (তৃণং বা) ন মন্যে।

৬। **'উপপদবিভক্তের্কারকবিভক্তির্ব্বলীয়সী'**—উপপদ-বিভক্তি (ক্রিয়া ছাড়া অন্য কোন পদের যোগে যে বিভক্তি হয়) হইতে কারকবিভক্তি বলবান্‌। যথা, হরয়ে নমঃ। এখানে 'নমঃ' শব্দের যোগে 'হরি' শব্দে ৪র্থী বিভক্তি হইল;

সুতরাং উহা উপপদবিভক্তি। কিন্তু, হরিং নমস্করোতি—এখানে চতুর্থীকে বাধা দিয়া কর্ম্মে দ্বিতীয়া বিভক্তি হইল।

৭। 'ক্রিয়ার্থোপপদস্য চ কর্ম্মণি স্থানিনঃ'—একটি ক্রিয়ার নিমিত্ত যেখানে আর একটি ক্রিয়া নিষ্পন্ন হয়, সেখানে ঐ দ্বিতীয় ক্রিয়াটিকে 'ক্রিয়ার্থ ক্রিয়া' বলে। এই ক্রিয়ার্থক্রিয়া যেখানে অপর তুমুন্নন্ত ক্রিয়াটির উপপদ, সেখানে তুমুন্নন্ত ক্রিয়াটি লোপ পাইলে উহার কর্ম্মে চতুর্থী হয়। সহজ কথায় তুম্ প্রত্যয়ান্ত ক্রিয়ার প্রয়োগ না থাকিলে ঐ ক্রিয়ার কর্ম্মে ৪র্থী হয়। যথা,—ফলেভ্যঃ যাতি ; এখানে, ফলেভ্যঃ = ফলানি আহর্ত্তুম্। এখন 'আহর্ত্তুম্' পদটি লোপ করিলে উহার কর্ম 'ফলানি'তে ৪র্থী হইবে।

৮। 'তুমর্থাচ্চ ভাববচনাৎ'—ভাববাচ্যে ধাতুর উত্তর ঘঞ্, অনট্ ইত্যাদি প্রত্যয় দ্বারা যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তুমুনের অর্থ বুঝাইলে তাহাদের উত্তর ৪র্থী হয়। যথা,—পাকায় (= পক্তুম্) যাতি। স্নানায় (= স্নাতুম্) যাতি ইত্যাদি।

৯। 'ক্রিয়য়া যমভিপ্রৈতি সোঽপি সম্প্রদানম্'—কর্ত্তা ক্রিয়ার দ্বারা যাহাকে অভিপ্রায় করেন অর্থাৎ যাহার জন্য ক্রিয়াটি করেন, তাহা 'সম্প্রদান' হইবে ; সুতরাং, তদ্বাচক শব্দে চতুর্থী হইবে। যথা, মাত্রে কথয়তি ; রঘবে দূতং বিসৃষ্টবান্ ; পত্যে শেতে ইত্যাদি।

১০। 'রুচ্যর্থানাং প্রীয়মাণঃ'—রুচ্যর্থক ধাতুর প্রয়োগে যে প্রীত হয়, সে 'সম্প্রদান' হয় ; অতএব তদ্বাচক শব্দে চতুর্থী

হয়। যথা, হরয়ে রোচতে ভক্তিঃ—ভক্তি হরিকে প্রীত করে। মোদকং শিশবে স্বদতে—মিঠাই শিশুর ভাল লাগে।

১১। 'ধারেরুত্তমর্ণঃ'—ধারি-ধাতুর প্রয়োগে উত্তমর্ণ (অর্থাৎ, যিনি ধার দিয়াছেন) সম্প্রদান হয়; অতএব, তদ্বাচক শব্দে চতুর্থী হয়। যথা, তুভ্যমহং শতং ধারয়ামি—আমি তোমার নিকট একশত টাকা ধারি।

১২। 'স্পৃহেরীপ্সিতঃ'—স্পৃহি-ধাতুর প্রয়োগে কর্ত্তার ঈপ্সিত অর্থাৎ অভিলষিত বস্তু সম্প্রদান হয় এবং তদ্বাচক শব্দে চতুর্থী হয়। যথা,—পুষ্পেভ্যঃ স্পৃহয়তি।

১৩। 'ক্রুধদ্রুহের্ষ্যাসূয়ার্থানাং যং প্রতি কোপঃ'—ক্রুধার্থক, দ্রুহার্থক, ঈর্ষ্যার্থক এবং অসূয়ার্থক ধাতুর প্রয়োগে যাহার প্রতি কোপ প্রকাশ করা হয়, তাহা সম্প্রদান হয় এবং তদ্বাচক শব্দে চতুর্থী হয়। যথা,—হরয়ে ক্রুধ্যতি, দ্রুহ্যতি, ঈর্ষ্যতি, অসূয়তি। (দ্রোহ=অপকার; অসূয়া=গুণে দোষ দেখা।)

১৪। 'ক্রুধদ্রুহোরুপসৃষ্টয়োঃ কর্ম্ম'—ক্রুধ্ এবং দ্রুহ্ ধাতুর পূর্ব্বে যদি উপসর্গ থাকে, তবে, যাহার প্রতি কোপ, সে কর্ম্ম হইবে; সম্প্রদান হইবে না। যথা,—ভৃত্যম্ অভিক্রুধ্যতি অভিদ্রুহ্যতি বা।

পঞ্চমী বিভক্তি

১। 'পৃথগ্বিনানানাভিস্তৃতীয়ান্যতরস্যাম্'— 'পৃথক্', 'বিনা', ও 'নানা' (=বিনা) শব্দের যোগে পঞ্চমী, দ্বিতীয়া ও

তৃতীয়া হয়। যথা, ঘটঃ পটাৎ পৃথক্ (ঘট কাপড় হইতে ভিন্ন); শ্রমাৎ (শ্রমং শ্রমেণ বা) বিনা সুখং ন ভবতি, নানা নারীং (নার্য্যা নার্য্যাঃ বা) নিষ্ফলা লোকযাত্রা।

২। 'ঋতেযোগে দ্বিতীয়া চ'—'ঋতে' শব্দের যোগে দ্বিতীয়া ও পঞ্চমী বিভক্তি হয়। যথা,—ঋতে কৃষ্ণাৎ (কৃষ্ণং বা) কুতঃ সুখম্ ?

৩। অন্যার্থক শব্দ, বহিঃ, আরাৎ, আরভ্য ও প্রভৃতি শব্দের যোগে পঞ্চমী হয়। যথা,—রামাদন্যং (ভিন্নম্ ইতরং বা) ন জানামি। স নগরাৎ বহির্ন যাতি। আরাৎ কাননাৎ ('আরাৎ দূরসমীপয়োঃ')। তদ্দিনাৎ আরভ্য স বিষ্ণুং সেবতে। বাল্যাৎ প্রভৃতি বিদ্যা অর্জ্জনীয়া ইত্যাদি।

৪। 'ল্যব্‌লোপে কর্মণ্যধিকরণে চ'—ক্ত্বা ও ল্যপ্-প্রত্যয়ান্ত পদের প্রয়োগ না থাকিলে, উহার কর্ম্মে ও অধিকরণে পঞ্চমী হইবে। যথা,—প্রাসাদাৎ (প্রাসাদমারুহ্য) প্রেক্ষতে। বৃক্ষাৎ (বৃক্ষে স্থিত্বা) অবলোকয়তি ইত্যাদি।

৫। 'মর্য্যাদাভিবিধ্যোরাযোগে'—মর্য্যাদা অর্থাৎ সীমা এবং অভিবিধি অর্থাৎ ব্যাপ্তি বুঝাইলে 'আঙ্' এই অব্যয়যোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা,—আ মৃত্যোঃ হরিং ভজ। এখানে 'মৃত্যুর পূর্ব পর্য্যন্ত' এই অর্থ 'আ'-পদটির দ্বারা বুঝাইতেছে; সুতরাং, এখানে আ-পদটি মর্য্যাদার অর্থে প্রয়োগ করা হইয়াছে। আবার, আ সকলাৎ পরং ব্রহ্ম। এখানে 'সকলের মধ্যে, সকলকে ব্যাপিয়া' এই অভিবিধি বা ব্যাপ্তির অর্থে 'আ'-পদটির প্রয়োগ হইয়াছে।

৬। **'দিগ্ দেশকালবাচিভিঃ পূর্ব্বাদিভিঃ'**— বিশেষ বিশেষ দিক্, দেশ ও কাল বাচক পূর্ব্বাদি শব্দের যোগে পঞ্চমী হইবে। যথা,—পূর্ব্বো গ্রামাৎ, প্রাক্ ভোজনাৎ, চৈত্রাৎ পূর্ব্বো ফাল্গুনঃ ইত্যাদি।

৭। **'প্রতিনিধিপ্রতিদানে চ যস্মাৎ'**—'প্রতিনিধি' বা 'প্রতিদান' বুঝাইলে 'প্রতি' শব্দের যোগে পঞ্চমী হয়। যথা,—প্রদ্যুম্নঃ কৃষ্ণাৎ প্রতি (= প্রতিনিধি)। তিলেভ্যঃ প্রতিযচ্ছতি মাষান্।

৮। **'দূরান্তিকার্থৈঃ ষষ্ঠ্যন্যতরস্যাম্'**—দূরার্থক ও অন্তিকার্থক শব্দের যোগে পঞ্চমী ও ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—নগরস্য (নগরাৎ বা) দূরম্। গ্রামস্য (গ্রামাৎ বা) অন্তিকম্।

৯। **'পঞ্চমী বিভক্তে'**—দুইটি পৃথক্ পদার্থের মধ্যে তারতম্য বুঝাইলে যাহা অপেক্ষা ভাল বা মন্দ বলা হয়, তাহার উত্তর পঞ্চমী হয়। যথা,—জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী। ধনাৎ বিদ্যা গরীয়সী। রামঃ শ্যামাৎ দীর্ঘতরঃ ইত্যাদি।

১০। **'হেত্বর্থে পঞ্চমী'**—হেতু-বোধক পদটির উত্তর পঞ্চমী বিভক্তি হয়। যথা,—লোভাৎ বদ্ধঃ। ধূমাৎ বহ্নিমান্। শোকাৎ রোদিতি ইত্যাদি।

১১। **'ভীত্রার্থানাং ভয়হেতুঃ'**—ভয়ার্থক এবং ত্রাণার্থক ধাতুর প্রয়োগে ভয়ের হেতু অপাদান হয়; সুতরাং, তদ্বাচক শব্দে পঞ্চমী হয়। যথা,—ব্যাঘ্রাৎ বিভেতি ; চৌরাৎ ত্রায়তে ইত্যাদি।

১২। **'বারণার্থানামীপ্সিতঃ'**—বারণার্থক ধাতুর প্রয়োগে কর্ত্তার ঈপ্সিত অপাদান হয় এবং তদ্বাচক শব্দে পঞ্চমী হয়। যথা,—যবেভ্যো গাং বারয়তি।

১৩। **'শ্রুত্যর্থানাং শ্রাবয়িতা'**—শ্রবণার্থক ধাতুর প্রয়োগে বক্তা অপাদান হয় এবং তদ্বাচক শব্দে পঞ্চমী হয়। যথা,—পিতুঃ শৃণোতি। আচার্য্যাৎ অধীতে ইত্যাদি।

১৪। **'জনিকর্ত্তুঃ প্রকৃতিঃ'**—যাহার জন্ম হয়, সেই বস্তুর জন্মের হেতু অপাদান হয়। যথা,—ব্রহ্মণঃ প্রজাঃ প্রজায়ন্তে। গোময়াৎ বৃশ্চিকাঃ জায়ন্তে।

১৫। **'ভুবঃ প্রভবঃ'**—পূর্ব্বে বিদ্যমান যে বস্তু প্রথম যেখানে প্রকাশ পায়, সেই প্রকাশস্থান অপাদান এবং তদ্বাচক শব্দে পঞ্চমী হয়। যথা,—হিমালয়াৎ গঙ্গা প্রভবতি।

১৬। **'দূরান্তিকার্থেভ্যো দ্বিতীয়া চ'**—দূরার্থক এবং অন্তিকার্থক শব্দের উত্তর দ্বিতীয়া, তৃতীয়া এবং পঞ্চমী হয়। যথা,—গ্রামস্য দূরং দূরেণ দূরাৎ বা। নগরস্য অন্তিকম্ অন্তিকেন অন্তিকাৎ বা।

ষষ্ঠী বিভক্তি

১। **'ষষ্ঠী শেষে'**—বিভিন্ন কারকের দ্বারা বা প্রাতিপদিকের দ্বারা যে অর্থ বুঝায়, তাহা না বুঝাইয়া যদি দুইটি পদের ভিতরে কোনরূপ সম্বন্ধ বুঝায়, তাহা হইলে এই সম্বন্ধ বুঝাইতে ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—রামস্য পুস্তকম্, বৃক্ষস্য শাখা, রাজ্ঞঃ পুরুষঃ, মম মাতা, তব গৃহম্।

২। **'কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি'**—কৃৎ-প্রত্যয়ান্ত শব্দের প্রয়োগ হইলে, তাহার যোগে কর্ত্তায় ও কর্ম্মে ষষ্ঠী হইবে। যথা, কর্ত্তায়—রামস্য গমনম্, শিশোঃ শয়নম্, মম পিপাসা ইত্যাদি। কর্ম্মে—অন্নস্য পাকঃ, জলস্য পানম্, দুঃখস্য ভোগঃ ইত্যাদি।

৩। **'উভয়প্রাপ্তৌ কর্ম্মণি'**—কৃৎ প্রত্যয়ান্ত শব্দের যোগে কর্ত্তায় ও কর্ম্মে একসঙ্গে ষষ্ঠী বিভক্তির প্রাপ্তি হইলে কর্ম্মেই ষষ্ঠী হইবে। যথা,—অন্নস্য ভক্ষণং রামেণ, পুস্তকস্য পাঠশ্ছাত্রেণ, আশ্চর্য্যো গবাং দোহোঽগোপেন ইত্যাদি।

৪। **'ক্তস্য চ বর্ত্তমানে'**—বর্ত্তমান কালের অর্থে ক্ত প্রত্যয় হইলে, সেই ক্ত প্রত্যয়ান্ত শব্দের যোগে কর্ত্তায় ষষ্ঠী হইবে। যথা,—ধার্ম্মিকঃ সতাং মতঃ। বিদ্বান্ রাজ্ঞাং পূজিতঃ ইত্যাদি।

৫। **'ষষ্ঠী হেতুপ্রয়োগে'**—হেতু বা তদর্থক শব্দের প্রয়োগে ষষ্ঠী বিভক্তি হইবে। যথা,—অন্নস্য হেতোর্বসতি ; সীতায়াঃ হেতোর্লংকা দগ্ধা ইত্যাদি।

৬। **'সর্ব্বনাম্নস্তৃতীয়া চ'**—সর্ব্বনাম শব্দের সহিত হেতু বা তদর্থক শব্দের প্রয়োগ থাকিলে তৃতীয়া বিভক্তিও হয়। যথা,—কেন হেতুনা কস্য হেতোর্বা বসতি। বস্তুতঃ, হেত্বর্থক শব্দের প্রয়োগে সকল বিভক্তিই হইতে পারে, অবশ্য সর্ব্বনাম শব্দ না থাকিলে প্রথমা ও দ্বিতীয়া বিভক্তি হইবে না। ('নিমিত্ত-পর্য্যায়প্রয়োগে সর্বাসাং প্রায়দর্শনম্') যথা,—জ্ঞানেন নিমিত্তেন, জ্ঞানায় নিমিত্তায়, জ্ঞানাৎ নিমিত্তাৎ, জ্ঞানস্য নিমিত্তস্য, জ্ঞানে নিমিত্তে বা বসতি। কিন্তু, 'জ্ঞানং নিমিত্তম্' হইবে না।

অবশ্য 'কিং নিমিত্তম্' 'কো হেতুঃ' ইত্যাদি সর্ব্বনাম স্থলে প্রথমা ও দ্বিতীয়া বিভক্তিও হইতে পারে।

৭। **'ন লোকাব্যয়নিষ্ঠাখলর্থতৃণাম্'**—ল (শতৃ, শানচ্ ইত্যাদি প্রত্যয়ান্ত), উ-কারান্ত, উক-প্রত্যয়ান্ত, অব্যয় (ক্ত্বা, ল্যপ্, তুম্ ইত্যাদি প্রত্যয়ান্ত), নিষ্ঠা-প্রত্যয়ান্ত (ক্ত, ক্তবতু), খলর্থ-প্রত্যয়ান্ত (খল্, অন্ ইত্যাদি) এবং তৃন্ প্রত্যয়ান্ত শব্দের যোগে কর্ত্তা বা কর্ম্মে ষষ্ঠী হইবে না। যথা, ল—কুর্বন্ সৃষ্টিং বিষ্ণুঃ। এখানে 'সৃষ্ট্যাঃ' বা 'সৃষ্টেঃ' হইবে না। উ—কৃষ্ণং দিদৃক্ষুঃ। উক—দৈত্যান্ ঘাতুকো হরিঃ। অব্যয়—বিশ্বং সৃষ্ট্বা; দুঃখং লব্ধুম্। নিষ্ঠা—দৈত্যান্ হতবান্ বিষ্ণুঃ। স গৃহং গতঃ। খলর্থ—ময়া সুকরমিদম্। তৃন্—ধনং দাতা ইত্যাদি।

৮। **'কৃত্যানাং কর্ত্তরি বা'**—কৃত্য-প্রত্যয়ান্ত শব্দের যোগে কর্ত্তায় তৃতীয়া অথবা ষষ্ঠী হয়। যথা,—ময়া (মম বা) সেবনীয়ঃ হরিঃ। ত্বয়া (তব বা) স্তুত্যঃ বিষ্ণুঃ।

৯। **'তুল্যার্থৈরতুলোপমাভ্যাং ষষ্ঠ্যন্যতরস্যাম্'**—তুল্যার্থক শব্দের যোগে ষষ্ঠী ও তৃতীয়া বিভক্তি হয়। যথা,—শ্যামেন শ্যামস্য বা তুল্যঃ সদৃশঃ সমঃ ইত্যাদি। কিন্তু, 'তুলা' ও 'উপমা' শব্দের যোগে কেবল ষষ্ঠী হয়। যথা,—তুলা উপমা বা কৃষ্ণস্য নাস্তি।

১০। **'স্মরণার্থদয়েশাং কর্ম্মণি'**—স্মরণার্থক ধাতু, দয়্ ধাতু ও ঈশ্ ধাতুর যোগে কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হইবে। যথা,—মাতুঃ স্মরতি। দীনস্য দয়তে। ভৃত্যস্য ঈষ্টে। বিকল্পে

দ্বিতীয়াও হইতে পারে। যথা,—মাতরং স্মরতি ; দীনং দয়তে ; ভৃত্যম্ ঈষ্টে।

১১। 'এনপা দ্বিতীয়া'—এনবন্ত পদের যোগে ষষ্ঠী ও দ্বিতীয়া বিভক্তি হয়। যথা,—উত্তরেণ গ্রামং গ্রামস্য বা।

১২। 'তৃপ্ত্যর্থানাং বিভাষা করণে'—তৃপ্ত্যর্থক ধাতুর করণ কারকে বিকল্পে ষষ্ঠী বিভক্তি হয়। যথা;—নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাং কাষ্ঠৈর্বা।

১৩। 'কৃত্বোঽর্থানাং কালেঽধিকরণে'—কৃত্বঃ ও সুচ্-প্রত্যয়ান্ত পদের প্রয়োগে কালবাচক অধিকরণ কারকে ষষ্ঠী বিভক্তি হইবে। যথা,—পঞ্চকৃত্বোঽহ্নো ভোজনম্। ত্রিরহ্নো ভোজনম্।

১৪। 'চতুর্থী চাশিষ্যায়ুষ্যমদ্রভদ্রকুশলসুখার্থহিতৈঃ'—আশীর্ব্বাদ বুঝাইলে আয়ুষ্য, মদ্র, ভদ্র, কুশল, হিত এবং সুখার্থক শব্দের যোগে ষষ্ঠী বা চতুর্থী হইবে। যথা,—আয়ুষ্যং মদ্রং ভদ্রং কুশলং সুখং হিতং বা রামস্য (রামায় বা) ভূয়াৎ।

সপ্তমী বিভক্তি

১। 'যস্য চ ভাবেন ভাবলক্ষণম্'—যাহার ভাব বা ক্রিয়ার সময়ের দ্বারা অন্য একটি ক্রিয়ার সময় লক্ষিত হয়, তাহাতে ৭মী হয় ; অর্থাৎ, যেখানে একটি ক্রিয়ার উপরে অন্য একটি ক্রিয়া নির্ভর করে, সেখানে পূর্ব্বের ক্রিয়াটির কর্ত্তায় ৭মী হয়। যথা,—রবৌ অস্তং গতে স আগতঃ।

রাত্রৌ প্রভাতায়াং স প্রস্থিতঃ। ইহাকেই 'ভাবে সপ্তমী' বলা হয়।

২। **'ষষ্ঠী চানাদরে'**—অনাদর বুঝাইলে ভাবে ৭মীর স্থলে বিকল্পে ষষ্ঠীও হইতে পারে। যথা,—রুদতঃ পুত্রস্য (রুদতি পুত্রে বা) মাতা জগাম। 'পশ্যতো বকমূর্খস্য (পশ্যতি বকমূর্খে বা) নকুলৈর্ভক্ষিতাঃ সুতাঃ'।

৩। **'যতশ্চ নির্দ্ধারণম্'**—জাতি, গুণ, ক্রিয়া অথবা সংজ্ঞা দ্বারা বহু হইতে এককে পৃথক্ করার নাম নির্দ্ধারণ। যে সমষ্টি হইতে এই নির্দ্ধারণ হয়, তাহার উত্তর ষষ্ঠী ও সপ্তমী হয়। যথা, জাতি—মনুষ্যেষু (মনুষ্যাণাং বা) ব্রাহ্মণঃ শ্রেষ্ঠঃ। গুণ—গোষু (গবাং বা) কৃষ্ণা বহুক্ষীরা। ক্রিয়া—পথিকানাং (পথিকেষু বা) ধাবন্তো দ্রুতগামিনঃ। সংজ্ঞা—কবিষু (কবীনাং বা) কালিদাসঃ শ্রেষ্ঠঃ।

৪। **'নিমিত্তাৎ কর্ম্মযোগে'**—যে নিমিত্ত অর্থাৎ ফলের আকাঙ্ক্ষায় ক্রিয়া নিষ্পন্ন হয়, সেই নিমিত্ত যদি কর্ম্মের সহিত যুক্ত থাকে, তবে সেই নিমিত্তবাচক পদটিতে সপ্তমী হইবে। যথা,—'চর্ম্মণি দ্বীপিনং হন্তি দন্তয়োর্হন্তি কুঞ্জরম্। কেশেষু চমরীং হন্তি সীম্নি পুষ্কলকো হতঃ॥' এখানে চর্ম্ম, দন্ত, কেশ প্রভৃতি যথাক্রমে দ্বীপী, কুঞ্জর এবং চমরীর সহিত যুক্ত আছে; কাজেই উহাদের উত্তর ৭মী হইল।

৫। **'সাধুনিপুণাভ্যামর্চায়াং সপ্তম্যপ্রতেঃ'**—প্রশংসা বুঝাইলে সাধু ও নিপুণ শব্দের যোগে ৭মী হইবে, কিন্তু 'প্রতি' প্রভৃতি শব্দের প্রয়োগ থাকিলে ৭মী না হইয়া দ্বিতীয়া

হইবে। যথা,—সাধুঃ নিপুণো বা কৃষ্ণো মাতরি। কিন্তু, সাধুর্মাতরং প্রতি পরি অনু বা।

৬। 'প্রসিতোৎসুকাভ্যাং তৃতীয়া চ'—প্রসিত ও উৎসুক শব্দের যোগে তৃতীয়া ও ৭মী হয়। যথা,—প্রসিতো (=আসক্ত) হরৌ হরিণা বা। পাঠে পাঠেন বা উৎসুকঃ।

বিশেষ্য বিশেষণ

যাহা দ্বারা কেবল কোন বস্তু বা ব্যক্তি বোধ হয়, তাহাকে বিশেষ্য পদ কহে। যথা,—গৃহম্, জলম্, বৃক্ষঃ, লতা, নৌকা, বস্ত্রম্, পুস্তকম্, পৃথিবী, চন্দ্রঃ, সূর্য্যঃ, নক্ষত্রম্, শিশুঃ ইত্যাদি।

যাহা দ্বারা বিশেষ্যের গুণ ও অবস্থা প্রকাশ হয়, তাহাকে বিশেষণ পদ কহে। বিশেষণ পদ প্রায় বিশেষ্যের পূর্ব্বে থাকে। যথা,—নূতনং গৃহম্, নির্ম্মলং জলম্, ফলবান্ বৃক্ষঃ, পুষ্পিতা লতা, ভগ্না নৌকা, ছিন্নং বস্ত্রম্, উত্তমং পুস্তকম্, গোলাকারা পৃথিবী, শীতলশ্চন্দ্রঃ, প্রদীপ্তঃ সূর্য্যঃ, উজ্জ্বলং নক্ষত্রম্, ধার্ম্মিকঃ পুরুষঃ, সুশীলঃ শিশুঃ।

কতকগুলি বিশেষ্য শব্দ পুংলিঙ্গ, কতকগুলি স্ত্রীলিঙ্গ কতকগুলি ক্লীবলিঙ্গ হয়। বিশেষ্য, শব্দের যে লিঙ্গ, বিশেষণ শব্দেরও সেই লিঙ্গ হয়। যথা, সুন্দরঃ শিশুঃ, সুন্দরী কন্যা, সুন্দরং গৃহম্। উজ্জ্বলঃ শশী, উজ্জ্বলা দীপশিখা, উজ্জ্বলং নক্ষত্রম্। বুদ্ধিমান্ পুরুষঃ, বুদ্ধিমতী স্ত্রী। নির্ম্মলা বুদ্ধিঃ, নির্ম্মলম্ জলম্।

বিশেষ্য পদ যে বচনের, বিশেষণ পদও সেই বচনের হয়,

অর্থাৎ বিশেষ্য পদ একবচনান্ত হইলে, বিশেষণ পদও একবচনান্ত হয়। বিশেষ্য পদ দ্বিবচনান্ত হইলে, বিশেষণ পদও দ্বিবচনান্ত হয়। বিশেষ্য পদ বহুবচনান্ত হইলে, বিশেষণ পদও বহুবচনান্ত হয়। যথা,—বলবান্ সিংহঃ, বলবন্তৌ সিংহৌ, বলবন্তঃ সিংহাঃ। বেগবতী নদী, বেগবত্যৌ নদ্যৌ, বেগবত্যঃ নদ্যঃ। নিবিড়ং বনম্, নিবিড়ে বনে, নিবিড়ানি বনানি।

বিশেষ্য পদের যে বিভক্তি, বিশেষণ পদেও সেই বিভক্তি হয়। যথা, সুন্দরঃ শিশুঃ। সুন্দরং শিশুম্। সুন্দরেণ শিশুনা। সুন্দরায় শিশবে। সুন্দরাৎ শিশোঃ। সুন্দরস্য শিশোঃ। সুন্দরে শিশৌ। নির্ম্মলং জলম্। নির্ম্মলেন জলেন। নির্ম্মলায় জলায়। নির্ম্মলাৎ জলাৎ। নির্ম্মলস্য জলস্য। নির্ম্মলে জলে।

তিঙন্ত প্রকরণ

ভূ, স্থা, গম্, দৃশ্ প্রভৃতিকে **ধাতু** বলে। এক এক ধাতুতে এক এক ক্রিয়া বুঝায়। ধাতুর উত্তর যে সকল বিভক্তি হয়, তাহাদের নাম তিঙ। এই নিমিত্ত ক্রিয়াবাচক পদকে 'তিঙন্ত' বলে।

ক্রিয়া তিন কালে হয়,—বর্ত্তমান, অতীত, ভবিষ্যৎ। যাহা উপস্থিত আছে, তাহাকে বর্ত্তমান কাল বলে। যথা,—পশ্যতি, দেখিতেছে ; পশ্যামি, দেখিতেছি ; করোতি, করিতেছে ; করোমি, করিতেছি। যাহা গত হইয়াছে, তাহাকে অতীতকাল বলে। যথা,—অপশ্যৎ, দেখিল, দেখিয়াছে, দেখিয়াছিল ; অকরোৎ, করিল, করিয়াছে, করিয়াছিল। আর যাহা পরে হইবে,

তাহাকে ভবিষ্যৎ কাল বলে। যথা,—গমিষ্যামি, যাইব; করিষ্যামি, করিব।

ক্রিয়ার তিন বচন,—একবচন, দ্বিবচন, বহুবচন। একবচনে একজনের ক্রিয়া বুঝায়; দ্বিবচনে দুইজনের ক্রিয়া বুঝায়; বহুবচনে বহুজনের ক্রিয়া বুঝায়। যথা,—গচ্ছামি, আমি যাইতেছি; গচ্ছাবঃ, আমরা দুইজন যাইতেছি; গচ্ছামঃ, আমরা অনেকে যাইতেছি; গমিষ্যসি, তুমি যাইবে; গমিষ্যথঃ, তোমরা দুইজন যাইবে; গমিষ্যথ, তোমরা অনেকে যাইবে। গমিষ্যতি, সে যাইবেক; গমিষ্যতঃ, তাহারা দুইজন যাইবে; গমিষ্যন্তি, তাহারা অনেকে যাইবে।

বর্ত্তমানকালের অর্থে লট্, অতীতকালের অর্থে লঙ্, ভবিষ্যৎ কালের অর্থে লৃট্, অনুজ্ঞার অর্থে লোট্ এবং বিধি বা ঔচিত্যার্থে লিঙ্ হয়। এই লিঙ্‌কে সাধারণতঃ বিধিলিঙ্ বলা হয়।

প্রথম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষে ধাতুর উত্তর ভিন্ন ভিন্ন বিভক্তি হয়; সুতরাং, ক্রিয়াবাচক পদ সকলের রূপ ভিন্ন ভিন্ন। অস্মদ্ শব্দে উত্তম পুরুষ বুঝায়; যুষ্মদ্ শব্দে মধ্যম পুরুষ বুঝায়; তদ্ভিন্ন সমুদায়ে প্রথম পুরুষ। যথা,—অহং গচ্ছামি, আমি যাইতেছি। ত্বং গচ্ছসি, তুমি যাইতেছ। রাজা গচ্ছতি, রাজা যাইতেছেন।

অকর্ম্মক ক্রিয়া

যে সকল ক্রিয়ার কর্ম্মপদ আবশ্যক করে না, তাহাকে অকর্ম্মক অর্থাৎ কর্ম্মশূন্য ক্রিয়া কহে। যথা,—অহং তিষ্ঠামি,

আমি আছি। শিশুঃ শেতে, শিশু শুইয়া আছে। অশ্বো ধাবতি, অশ্ব দৌড়িতেছে। নদী বর্দ্ধতে, নদী বাড়িতেছে।

সকর্ম্মক ক্রিয়া

যে ক্রিয়ার সহিত কর্ম্মপদ থাকে, তাহাকে সকর্ম্মক অর্থাৎ কর্ম্মযুক্ত ক্রিয়া কহে। যথা,—গুরুঃ শিষ্যম্ উপদিশতি, গুরু শিষ্যকে উপদেশ দিতেছেন। রামঃ রাবণং জঘান, রাম রাবণকে বধ করিয়াছিলেন।

ধাতু-বিভক্তির আকৃতি

পরস্মৈপদ

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তি	সি	মি
দ্বিবচন	তস্	থস্	বস্
বহুবচন	অন্তি	থ	মস্

লোট্

একবচন	তু	হি	আনি
দ্বিবচন	তাম্	তম্	আব
বহুবচন	অন্তু	ত	আম

লঙ্

একবচন	দ্	স	অম্
দ্বিবচন	তাম্	তম্	ব
বহুবচন	অন্	ত	ম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	যাৎ	যাস্	যাম্
দ্ববচন	যাতাম্	যাতম্	যাব
বহুবচন	যুস্	যাত	যাম

লৃট

একবচন	স্যতি	স্যসি	স্যামি
দ্বিবচন	স্যতস্	স্যথস্	স্যাবস্
বহুবচন	স্যন্তি	স্যথ	স্যামস্

আত্মনেপদ

লট্

একবচন	তে	সে	এ
দ্বিবচন	আতে	আথে	বহে
বহুবচন	অন্তে	ধ্বে	মহে

লোট্

একবচন	তাম্	স্ব	ঐ
দ্বিবচন	আতাম্	আথাম্	আবহৈ
বহুবচন	অন্তাম্	ধ্বম্	আমহৈ

লঙ্

একবচন	ত	থাস্	ই
দ্বিবচন	আতাম্	আথাম্	বহি
বহুবচন	অন্ত	ধ্বম্	মহি

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ঈত	ঈথাস্	ঈয়
দ্বিবচন	ঈয়াতাম্	ঈয়াথাম্	ঈবহি
বহুবচন	ঈরন্	ঈধ্বম্	ঈমহি

লৃট্

একবচন	স্যতে	স্যসে	স্যে
দ্বিবচন	স্যেতে	স্যেথে	স্যাবহে
বহুবচন	স্যন্তে	স্যধ্বে	স্যামহে

ধাতু-বিভাগ

সংস্কৃতের যাবতীয় ধাতুকে দশ শ্রেণীতে ভাগ করা যায়, এক একটি শ্রেণীর নাম 'গণ'। তুদাদি, ভ্বাদি, দিবাদি, স্বাদি, ক্র্যাদি, তনাদি, রুধাদি, অদাদি, হ্বাদি, চুরাদি—এই দশ প্রকারের গণ আছে। বিশেষ বিশেষ গণের ধাতুতে বিশেষ বিশেষ বর্ণ প্রথমে যুক্ত হয় ; পরে উহার সহিত বিভক্তি যোগ করিয়া ধাতুরূপ করা হয়। কোন্ ধাতু কোন্ গণের উহা ঐ সকল বিশেষ বিশেষ বর্ণ—যাহাদিগকে 'আগম' বলে—স্পষ্টভাবে বুঝাইয়া দেয়। কোন্ গণের ধাতুতে কি আগম হইবে, তাহা প্রতিটি গণের ধাতুরূপ দেখাইবার কালে নির্দ্দেশ করা হইবে।

ধাতুরূপ

তুদাদি

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্—এই চারি বিভক্তিতে তুদাদিগণীয় ধাতুর উত্তর 'অ' হয়। 'অ' ধাতুর শেষ বর্ণের সহিত যুক্ত হয়।

স্পৃশ্ ধাতু (পরস্মৈপদী)—স্পর্শ করা—To touch

বর্ত্তমান কাল (লট্)

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্পৃশতি	স্পৃশসি	স্পৃশামি
দ্বিবচন	স্পৃশতঃ	স্পৃশথঃ	স্পৃশাবঃ
বহুবচন	স্পৃশন্তি	স্পৃশথ	স্পৃশামঃ

অনুজ্ঞা (লোট্)

একবচন	স্পৃশতু	স্পৃশ	স্পৃশানি
দ্বিবচন	স্পৃশতাম্	স্পৃশতম্	স্পৃশাব
বহুবচন	স্পৃশন্তু	স্পৃশত	স্পৃশাম

অতীত কাল (লঙ্)

একবচন	অস্পৃশৎ	অস্পৃশঃ	অস্পৃশম্
দ্বিবচন	অস্পৃশতাম্	অস্পৃশতম্	অস্পৃশাব
বহুবচন	অস্পৃশন্	অস্পৃশত	অস্পৃশাম

বিধিলিঙ্

একবচন	স্পৃশেৎ	স্পৃশেঃ	স্পৃশেয়ম্
দ্বিবচন	স্পৃশেতাম্	স্পৃশেতম্	স্পৃশেব
বহুবচন	স্পৃশেয়ুঃ	স্পৃশেত	স্পৃশেম

ভবিষ্যৎ কাল (লৃট্)

একবচন	স্প্রক্ষ্যতি	স্প্রক্ষ্যসি	স্প্রক্ষ্যামি
দ্বিবচন	স্প্রক্ষ্যতঃ	স্প্রক্ষ্যথঃ	স্প্রক্ষ্যাবঃ
বহুবচন	স্প্রক্ষ্যন্তি	স্প্রক্ষ্যথ	স্প্রক্ষ্যামঃ

ইষ্ ধাতু (পরস্মৈপদী)—ইচ্ছা করা—To wish

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ইচ্ছতি	ইচ্ছসি	ইচ্ছামি
দ্বিবচন	ইচ্ছতঃ	ইচ্ছথঃ	ইচ্ছাবঃ
বহুবচন	ইচ্ছন্তি	ইচ্ছথ	ইচ্ছামঃ

লোট্

একবচন	ইচ্ছতু	ইচ্ছ	ইচ্ছানি
দ্বিবচন	ইচ্ছতাম্	ইচ্ছতম্	ইচ্ছাব
বহুবচন	ইচ্ছন্তু	ইচ্ছত	ইচ্ছাম

লঙ্

একবচন	ঐচ্ছৎ	ঐচ্ছঃ	ঐচ্ছম্
দ্বিবচন	ঐচ্ছতাম্	ঐচ্ছতম্	ঐচ্ছাব
বহুবচন	ঐচ্ছন্	ঐচ্ছত	ঐচ্ছাম

বিধিলিঙ্

একবচন	ইচ্ছেৎ	ইচ্ছেঃ	ইচ্ছেয়ম্
দ্বিবচন	ইচ্ছেতাম্	ইচ্ছেতম্	ইচ্ছেব
বহুবচন	ইচ্ছেয়ুঃ	ইচ্ছেত	ইচ্ছেম

লৃট্

একবচন	এষিষ্যতি	এষিষ্যসি	এষিষ্যামি
দ্বিবচন	এষিষ্যতঃ	এষিষ্যথঃ	এষিষ্যাবঃ
বহুবচন	এষিষ্যন্তি	এষিষ্যথ	এষিষ্যামঃ

প্রচ্ছ্ ধাতু (পরস্মৈপদী)—জিজ্ঞাসা করা—To ask

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পৃচ্ছতি	পৃচ্ছসি	পৃচ্ছামি
দ্বিবচন	পৃচ্ছতঃ	পৃচ্ছথঃ	পৃচ্ছাবঃ
বহুবচন	পৃচ্ছন্তি	পৃচ্ছথ	পৃচ্ছামঃ

লোট্

একবচন	পৃচ্ছতু	পৃচ্ছ	পৃচ্ছানি
দ্বিবচন	পৃচ্ছতাম্	পৃচ্ছতম্	পৃচ্ছাব
বহুবচন	পৃচ্ছন্তু	পৃচ্ছত	পৃচ্ছাম

লঙ্

একবচন	অপৃচ্ছৎ	অপৃচ্ছঃ	অপৃচ্ছম্
দ্বিবচন	অপৃচ্ছতাম্	অপৃচ্ছতম্	অপৃচ্ছাব
বহুবচন	অপৃচ্ছন্	অপৃচ্ছত	অপৃচ্ছাম

বিধিলিঙ্

একবচন	পৃচ্ছেৎ	পৃচ্ছেঃ	পৃচ্ছেয়ম্
দ্বিবচন	পৃচ্ছেতাম্	পৃচ্ছেতম্	পৃচ্ছেব
বহুবচন	পৃচ্ছেয়ুঃ	পৃচ্ছেত	পৃচ্ছেম

লৃট্

একবচন	প্রক্ষ্যতি	প্রক্ষ্যসি	প্রক্ষ্যামি
দ্বিবচন	প্রক্ষ্যতঃ	প্রক্ষ্যথঃ	প্রক্ষ্যাবঃ
বহুবচন	প্রক্ষ্যন্তি	প্রক্ষ্যথ	প্রক্ষ্যামঃ

মৃ ধাতু (আত্মনেপদী)—মরা—To die

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ম্রিয়তে	ম্রিয়সে	ম্রিয়ে
দ্বিবচন	ম্রিয়েতে	ম্রিয়েথে	ম্রিয়াবহে
বহুবচন	ম্রিয়ন্তে	ম্রিয়ধ্বে	ম্রিয়ামহে

লোট্

একবচন	ম্রিয়তাম্	ম্রিয়স্ব	ম্রিয়ৈ
দ্বিবচন	ম্রিয়েতাম্	ম্রিয়েথাম্	ম্রিয়াবহৈ
বহুবচন	ম্রিয়ন্তাম্	ম্রিয়ধ্বম্	ম্রিয়ামহৈ

অতীত কাল (লঙ্)

একবচন	অম্রিয়ত	অম্রিয়থাঃ	অম্রিয়ে
দ্বিবচন	অম্রিয়েতাম্	অম্রিয়েথাম্	অম্রিয়াবহি
বহুবচন	অম্রিয়ন্ত	অম্রিয়ধ্বম্	অম্রিয়ামহি

বিধিলিঙ্

একবচন	ম্রিয়েত	ম্রিয়েথাঃ	ম্রিয়েয়
দ্বিবচন	ম্রিয়েয়াতাম্	ম্রিয়েয়াথাম্	ম্রিয়েবহি
বহুবচন	ম্রিয়েরন্	ম্রিয়েধ্বম্	ম্রিয়েমহি

ল‍ৃট্

ল‍ৃট্ (ভবিষ্যৎ কাল) করিলে মৃ ধাতু পরস্মৈপদী হয়।

একবচন	মরিষ্যতি	মরিষ্যসি	মরিষ্যামি
দ্বিবচন	মবিষ্যতঃ	মরিষ্যথঃ	মরিষ্যাবঃ
বহুবচন	মরিষ্যন্তি	মরিষ্যথ	মরিষ্যামঃ

ভ্বাদি

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্—এই চারি বিভক্তিতে ভ্বাদিগণীয় ধাতুর উত্তর 'অ' হয় ; 'অ' ধাতুর শেষবর্ণের সহিত যুক্ত হয়।

ভূ ধাতু (পরস্মৈপদী)—হওয়া—To be

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভবতি	ভবসি	ভবামি
দ্বিবচন	ভবতঃ	ভবথঃ	ভবাবঃ
বহুবচন	ভবন্তি	ভবথ	ভবামঃ

লোট্

একবচন	ভবতু	ভব	ভবানি
দ্বিবচন	ভবতাম্	ভবতম্	ভবাব
বহুবচন	ভবন্তু	ভবত	ভবাম

লঙ্

একবচন	অভবৎ	অভবঃ	অভবম্
দ্বিবচন	অভবতাম্	অভবতম্	অভবাব
বহুবচন	অভবন্	অভবত	অভবাম

বিধিলিঙ্

একবচন	ভবেৎ	ভবেঃ	ভবেয়ম্
দ্বিবচন	ভবেতাম্	ভবেতম্	ভবেব
বহুবচন	ভবেয়ুঃ	ভবেত	ভবেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভবিষ্যতি	ভবিষ্যসি	ভবিষ্যামি
দ্বিবচন	ভবিষ্যতঃ	ভবিষ্যথঃ	ভবিষ্যাবঃ
বহুবচন	ভবিষ্যন্তি	ভবিষ্যথ	ভবিষ্যামঃ

সেব্ ধাতু (আত্মনেপদী)—সেবা করা—To serve

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	সেবতে	সেবসে	সেবে
দ্বিবচন	সেবেতে	সেবেথে	সেবাবহে
বহুবচন	সেবন্তে	সেবধ্বে	সেবামহে

লোট্

একবচন	সেবতাম্	সেবস্ব	সেবৈ
দ্বিবচন	সেবেতাম্	সেবেথাম্	সেবাবহৈ
বহুবচন	সেবন্তাম্	সেবধ্বম্	সেবামহৈ

লঙ্

একবচন	অসেবত	অসেবথাঃ	অসেবে
দ্বিবচন	অসেবেতাম্	অসেবেথাম্	অসেবাবহি
বহুবচন	অসেবন্ত	অসেবধ্বম্	অসেবামহি

বিধিলিঙ্

একবচন	সেবেত	সেবেথাঃ	সেবেয়
দ্বিবচন	সেবেয়াতাম্	সেবেয়াথাম	সেবেবহি
বহুবচন	সেবেয়ন্	সেবেধ্বম্	সেবেমহি

ল‍ৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	সেবিষ্যতে	সেবিষ্যসে	সেবিষ্যে
দ্বিবচন	সেবিষ্যেতে	সেবিষ্যেথে	সেবিষ্যাবহে
বহুবচন	সেবিষ্যন্তে	সেবিষ্যধ্বে	সেবিষ্যামহে

স্থা ধাতু (পরস্মৈপদী)—থাকা—To exist

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	তিষ্ঠতি	তিষ্ঠসি	তিষ্ঠামি
দ্বিবচন	তিষ্ঠতঃ	তিষ্ঠথঃ	তিষ্ঠাবঃ
বহুবচন	তিষ্ঠন্তি	তিষ্ঠথ	তিষ্ঠামঃ

লোট্

একবচন	তিষ্ঠতু	তিষ্ঠ	তিষ্ঠানি
দ্বিবচন	তিষ্ঠতাম্	তিষ্ঠতম্	তিষ্ঠাব
বহুবচন	তিষ্ঠন্তু	তিষ্ঠত	তিষ্ঠাম

লঙ্

একবচন	অতিষ্ঠৎ	অতিষ্ঠঃ	অতিষ্ঠম্
দ্বিবচন	অতিষ্ঠতাম্	অতিষ্ঠতম্	অতিষ্ঠাব
বহুবচন	অতিষ্ঠন্	অতিষ্ঠত	অতিষ্ঠাম

বিধিলিঙ্

একবচন	তিষ্ঠেৎ	তিষ্ঠেঃ	তিষ্ঠেয়ম্
দ্বিবচন	তিষ্ঠেতাম্	তিষ্ঠেতম্	তিষ্ঠেব
বহুবচন	তিষ্ঠেয়ুঃ	তিষ্ঠেত	তিষ্ঠেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	স্থাস্যতি	স্থাস্যসি	স্থাস্যামি
দ্বিবচন	স্থাস্যতঃ	স্থাস্যথঃ	স্থাস্যাবঃ
বহুবচন	স্থাস্যন্তি	স্থাস্যথ	স্থাস্যামঃ

গম্ ধাতু (পরস্মৈপদী)—যাওয়া—To go

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	গচ্ছতি	গচ্ছসি	গচ্ছামি
দ্বিবচন	গচ্ছতঃ	গচ্ছথঃ	গচ্ছাবঃ
বহুবচন	গচ্ছন্তি	গচ্ছথ	গচ্ছামঃ

লোট্

একবচন	গচ্ছতু	গচ্ছ	গচ্ছানি
দ্বিবচন	গচ্ছতাম্	গচ্ছতম্	গচ্ছাব
বহুবচন	গচ্ছন্তু	গচ্ছত	গচ্ছাম

লঙ্

একবচন	অগচ্ছৎ	অগচ্ছঃ	অগচ্ছম্
দ্বিবচন	অগচ্ছতাম্	অগচ্ছতম্	অগচ্ছাব
বহুবচন	অগচ্ছন্	অগচ্ছত	অগচ্ছাম

বিধিলিঙ্

একবচন	গচ্ছেৎ	গচ্ছেঃ	গচ্ছেয়ম্
দ্বিবচন	গচ্ছেতাম্	গচ্ছেতম্	গচ্ছেব
বহুবচন	গচ্ছেয়ুঃ	গচ্ছেত	গচ্ছেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	গমিষ্যতি	গমিষ্যসি	গমিষ্যামি
দ্বিবচন	গমিষ্যতঃ	গমিষ্যথঃ	গমিষ্যাবঃ
বহুবচন	গমিষ্যন্তি	গমিষ্যথ	গমিষ্যামঃ

দৃশ্ ধাতু (পরস্মৈপদী)—দেখা—To see

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পশ্যতি	পশ্যসি	পশ্যামি
দ্বিবচন	পশ্যতঃ	পশ্যথঃ	পশ্যাবঃ
বহুবচন	পশ্যন্তি	পশ্যথ	পশ্যামঃ

লোট্

একবচন	পশ্যতু	পশ্য	পশ্যানি
দ্বিবচন	পশ্যতাম্	পশ্যতম্	পশ্যাব
বহুবচন	পশ্যন্তু	পশ্যত	পশ্যাম

লঙ্

একবচন	অপশ্যৎ	অপশ্যঃ	অপশ্যম্
দ্বিবচন	অপশ্যতাম্	অপশ্যতম্	অপশ্যাব
বহুবচন	অপশ্যন্	অপশ্যত	অপশ্যাম

বিধিলিঙ্

একবচন	পশ্যেৎ	পশ্যেঃ	পশ্যেয়ম্
দ্বিবচন	পশ্যেতাম্	পশ্যেতম্	পশ্যেব
বহুবচন	পশ্যেয়ুঃ	পশ্যেত	পশ্যেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দ্রক্ষ্যতি	দ্রক্ষ্যসি	দ্রক্ষ্যামি
দ্বিবচন	দ্রক্ষ্যতঃ	দ্রক্ষ্যথঃ	দ্রক্ষ্যাবঃ
বহুবচন	দ্রক্ষ্যন্তি	দ্রক্ষ্যথ	দ্রক্ষ্যামঃ

পা ধাতু (পরস্মৈপদী)—পান করা—To drink

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পিবতি	পিবসি	পিবামি
দ্বিবচন	পিবতঃ	পিবথঃ	পিবাবঃ
বহুবচন	পিবন্তি	পিবথ	পিবামঃ

লোট্

একবচন	পিবতু	পিব	পিবানি
দ্বিবচন	পিবতাম্	পিবতম্	পিবাব
বহুবচন	পিবন্তু	পবত	পিবাম

লঙ্

একবচন	অপিবৎ	অপিবঃ	অপিবম্
দ্বিবচন	অপিবতাম্	অপিবতম্	অপিবাব
বহুবচন	অপিবন্	অপিবত	অপিবাব

বিধিলিঙ্

একবচন	পিবেৎ	পিবেঃ	পিবেয়ম্
দ্বিবচন	পিবেতাম্	পিবেতম্	পিবেব
বহুবচন	পিবেয়ুঃ	পিবেত	পিবেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	পাস্যতি	পাস্যসি	পাস্যামি
দ্বিবচন	পাস্যতঃ	পাস্যথঃ	পাস্যাবঃ
বহুবচন	পাস্যন্তি	পাস্যথ	পাস্যামঃ

ঘ্রা ধাতু (পরস্মৈপদী)—আঘ্রাণ করা—To Smell

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	জিঘ্রতি	জিঘ্রসি	জিঘ্রামি
দ্বিবচন	জিঘ্রতঃ	জিঘ্রথঃ	জিঘ্রাবঃ
বহুবচন	জিঘ্রন্তি	জিঘ্রথ	জিঘ্রামঃ

লোট্

একবচন	জিঘ্রতু	জিঘ্র	জিঘ্রাণি
দ্বিবচন	জিঘ্রতাম্	জিঘ্রতম্	জিঘ্রাব
বহুবচন	জিঘ্রন্তু	জিঘ্রত	জিঘ্রাম

লঙ্

একবচন	অজিঘ্রৎ	অজিঘ্রঃ	অজিঘ্রম্
দ্বিবচন	অজিঘ্রতাম্	অজিঘ্রতম্	অজিঘ্রাব
বহুবচন	অজিঘ্রন্	অজিঘ্রত	অজিঘ্রাম

বিধিলিঙ

একবচন	জিঘ্রেৎ	জিঘ্রেঃ	জিঘ্রেয়ম্
দ্বিবচন	জিঘ্রেতাম্	জিঘ্রেতম্	জিঘ্রেব
বহুবচন	জিঘ্রেয়ুঃ	জিঘ্রেত	জিঘ্রেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভ্রাস্যতি	ভ্রাস্যসি	ভ্রাস্যামি
দ্বিবচন	ভ্রাস্যতঃ	ভ্রাস্যথঃ	ভ্রাস্যাবঃ
বহুবচন	ভ্রাস্যন্তি	ভ্রাস্যথ	ভ্রাস্যামঃ

বদ্ ধাতু (পরস্মৈপদী)—বলা—To say

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বদতি	বদসি	বদামি
দ্বিবচন	বদতঃ	বদথঃ	বদাবঃ
বহুবচন	বদন্তি	বদথ	বদামঃ

লোট্

একবচন	বদতু	বদ	বদানি
দ্বিবচন	বদতাম্	বদতম্	বদাব
বহুবচন	বদন্তু	বদত	বদাম

লঙ্

একবচন	অবদৎ	অবদঃ	অবদম্
দ্বিবচন	অবদতাম্	অবদতম্	অবদাব
বহুবচন	অবদন্	অবদত	অবদাম

বিধিলিঙ্

একবচন	বদেৎ	বদেঃ	বদেয়ম্
দ্বিবচন	বদেতাম্	বদেতম্	বদেব
বহুবচন	বদেয়ুঃ	বদেত	বদেম

লৃট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বদিষ্যতি	বদিষ্যসি	বদিষ্যামি
দ্বিবচন	বদিষ্যতঃ	বদিষ্যথঃ	বদিষ্যাবঃ
বহুবচন	বদিষ্যন্তি	বদিষ্যথ	বদিষ্যামঃ

নিম্নলিখিত ভ্বাদিগণীয় ধাতুগুলির রূপ লক্ষ্য কর—

ধাব্ (উভয়পদী)—দৌড়ান—(To run)—ধাবতি—ধাবতে ; ধাবতু—ধাবতাম্ ; অধাবৎ—অধাবত ; ধাবেৎ—ধাবেত ; ধাবিষ্যতি—ধাবিষ্যতে।

জি (পরস্মৈ)—জয় করা—(To conquer)—জয়তি ; জয়তু—অজয়ৎ, জয়েৎ, জেষ্যতি।

বৃৎ (আত্মনে)—থাকা—(To stay)—বর্ত্ততে ; বর্ত্ততাম্ ; অবর্ত্তত ; বর্ত্তেত।

লৃট্ করিলে বৃৎ-ধাতু আত্মনেপদী ও পরস্মৈপদী উভয়ই হয়—বর্ত্তিষ্যতে—বর্ৎস্যতি।

স্মৃ (পরস্মৈ)—স্মরণ করা—(To remember)—স্মরতি ; স্মরতু ; অস্মরৎ ; স্মরেৎ ; স্মরিষ্যতি।

দন্শ্ (পরস্মৈ)—দংশন করা—(To bite)—দশতি ; দশতু ; অদশৎ ; দশেৎ ; দঙ্ক্ষ্যতি।

ক্রম্ (পরস্মৈ)—চলা—(To walk)—ক্রামতি ; ক্রামতু ; অক্রামৎ ; ক্রামেৎ ; ক্রমিষ্যতি।

দহ্ (পরস্মৈ)—পোড়ান—(To burn)—দহতি ; দহতু ; অদহৎ ; দহেৎ ; ধক্ষ্যতি।

ত্রৈ (আত্মনে)—রক্ষা করা—(To save)—ত্রায়তে ; ত্রায়তাম্ ; অত্রায়ত ; ত্রায়েত ; ত্রাস্যতে।

তৃ (পরস্মৈ)—অতিক্রম করা—(To cross)—তরতি ; তরতু ; অতরৎ ; তরেৎ ; তরিষ্যতি—তরীষ্যতি।

দা (পরস্মৈ)—দেওয়া—(To give)—যচ্ছতি ; যচ্ছতু ; অযচ্ছৎ ; যচ্ছেৎ ; দাস্যতি।

লভ্ (আত্মনে)—লাভ করা—(To gain)—লভতে ; লভতাম্ ; অলভত ; লভেত ; লপ্স্যতে।

হস্ (পরস্মৈ)—হাসা—(To smile)—হসতি ; হসতু ; অহসৎ ; হসেৎ ; হসিষ্যতি।

পত্ (পরস্মৈ)—পড়া—(To fall)—পততি ; পততু ; অপতৎ ; পতেৎ ; পতিষ্যতি।

ত্যজ্ (পরস্মৈ)—ত্যাগ করা—(To give up)—ত্যজতি ; ত্যজতু ; অত্যজৎ ; ত্যজেৎ ; ত্যজিষ্যতি।

দিবাদি

দিবাদিগণীয় ধাতুতে 'য' আসে।

নৃত্ ধাতু (পরস্মৈপদী)—নাচা—To dance

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	নৃত্যতি	নৃত্যসি	নৃত্যামি
দ্বিবচন	নৃত্যতঃ	নৃত্যথঃ	নৃত্যাবঃ
বহুবচন	নৃত্যন্তি	নৃত্যথ	নৃত্যামঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	নৃত্যতু	নৃত্য	নৃত্যানি
দ্বিবচন	নৃত্যতাম্	নৃত্যতম্	নৃত্যাব
বহুবচন	নৃত্যন্তু	নৃত্যত	নৃত্যাম

লঙ্

একবচন	অনৃত্যৎ	অনৃত্যঃ	অনৃত্যম্
দ্বিবচন	অনৃত্যতাম্	অনৃত্যতম্	অনৃত্যাব
বহুবচন	অনৃত্যন্	অনৃত্যত	অনৃত্যাম

বিধিলিঙ্

একবচন	নৃত্যেৎ	নৃত্যেঃ	নৃত্যেয়ম্
দ্বিবচন	নৃত্যেতাম্	নৃত্যেতম্	নৃত্যেব
বহুবচন	নৃত্যেয়ুঃ	নৃত্যেত	নৃত্যেম

বিদ্ ধাতু (আত্মনেপদী)—থাকা—To exist

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিদ্যতে	বিদ্যসে	বিদ্যে
দ্বিবচন	বিদ্যেতে	বিদ্যেথে	বিদ্যাবহে
বহুবচন	বিদ্যন্তে	বিদ্যধ্বে	বিদ্যামহে

লোট্

একবচন	বিদ্যতাম্	বিদ্যস্ব	বিদ্যৈ
দ্বিবচন	বিদ্যেতাম্	বিদ্যেথাম্	বিদ্যাবহৈ
বহুবচন	বিদ্যন্তাম্	বিদ্যধ্বম্	বিদ্যামহৈ

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অবিদ্যত	অবিদ্যথাঃ	অবিদ্যে
দ্বিবচন	অবিদ্যেতাম্	অবিদ্যেথাম্	অবিদ্যাবহি
বহুবচন	অবিদ্যন্ত	অবিদ্যধ্বম্	অবিদ্যামহি

বিধিলিঙ্

একবচন	বিদ্যেত	বিদ্যেথাঃ	বিদ্যেয়
দ্বিবচন	বিদ্যেয়াতাম্	বিদ্যেয়াথাম্	বিদ্যেবহি
বহুবচন	বিদ্যেরন্	বিদ্যেধ্বম্	বিদ্যেমহি

লৃট্

একবচন	বেৎস্যতে	বেৎস্যসে	বেৎস্যে
দ্বিবচন	বেৎস্যেতে	বেৎস্যেথে	বেৎস্যাবহে
বহুবচন	বেৎস্যন্তে	বেৎস্যধ্বে	বেৎস্যামহে

জন্ ধাতু (আত্মনেপদী) —জন্মান—To grow

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	জায়তে	জায়সে	জায়ে
দ্বিবচন	জায়েতে	জায়েথে	জায়াবহে
বহুবচন	জায়ন্তে	জায়ধ্বে	জায়ামহে

লোট্

একবচন	জায়তাম্	জায়স্ব	জায়ৈ
দ্বিবচন	জায়েতাম্	জায়েথাম্	জায়াবহৈ
বহুবচন	জায়ন্তাম্	জায়ধ্বম্	জায়ামহৈ

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অজায়ত	অজায়থাঃ	অজায়ে
দ্বিবচন	অজায়েতাম্	অজায়েথাম্	অজায়াবহি
বহুবচন	অজায়ন্ত	অজায়ধ্বম্	অজায়ামহি

বিধিলিঙ্

একবচন	জায়েত	জায়েথাঃ	জায়েয়
দ্বিবচন	জায়েয়াতাম্	জায়েয়াথাম্	জায়েবহি
বহুবচন	জায়েরন্	জায়েধ্বম্	জায়েমহি

লৃট্

একবচন	জনিষ্যতে	জনিষ্যসে	জনিষ্যে
দ্বিবচন	জনিষ্যেতে	জনিষ্যেথে	জনিষ্যাবহে
বহুবচন	জনিষ্যন্তে	জনিষ্যধ্বে	জনিষ্যামহে

নিম্নের দিবাদিগণীয় ধাতুগুলির রূপ লক্ষ্য কর :—

দিব্—শোভা পাওয়া, খেলা করা—To shine, To play—দীব্যতি ; দীব্যতু ; অদীব্যৎ ; দীব্যেৎ ; দেবিষ্যতি।

জৄ—জীর্ণ হওয়া—To grow old—জীর্য্যতি ; জীর্য্যতু ; অজীর্য্যৎ ; জীর্য্যেৎ, জরিষ্যতি।

দৄ—বিদীর্ণ হওয়া—To be split—দীর্য্যতি ; দীর্য্যতু ; অদীর্য্যৎ ; দীর্য্যেৎ ; দরিষ্যতি।

বুধ্—বুঝা—To understand—বুধ্যতে ; বুধ্যতাম্ ; অবুধ্যত ; বুধ্যেত ; ভোৎস্যতে।

যুধ্—যুদ্ধ করা—To fight—যুধ্যতে; যুধ্যতাম্; অযুধ্যত; যুধ্যেত; যোৎস্যতে।

শম্—থামা, শান্ত হওয়া—To stop, To be calm—শাম্যতি; শাম্যতু; অশাম্যৎ; শাম্যেৎ; শমিষ্যতি।

ক্রুধ্—ক্রুদ্ধ হওয়া—To be angry—ক্রুধ্যতি; ক্রুধ্যতু; অক্রুধ্যৎ; ক্রুধ্যেৎ; ক্রোৎস্যতি।

কুপ্—ক্রুদ্ধ হওয়া—To be angry—কুপ্যতি; কুপ্যতু; অকুপ্যৎ; কুপ্যেৎ; কোপিষ্যতি।

মন্—বিবেচনা করা—To consider—মন্যতে; মন্যতাম্; অমন্যত; মন্যেত; মংস্যতে।

নশ্—নাশ পাওয়া—To be lost—নশ্যতি; নশ্যতু; অনশ্যৎ; নশ্যেৎ; নঙ্ক্ষ্যতি।

স্বাদি

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্—এই চারি বিভক্তিতে স্বাদিগণীয় ধাতুর উত্তর 'নু' হয়।

আপ্ ধাতু (পরস্মৈপদী)—পাওয়া—To get

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	আপ্নোতি	আপ্নোষি	আপ্নোমি
দ্বিবচন	আপ্নুতঃ	আপ্নুথঃ	আপ্নুবঃ
বহুবচন	আপ্নুবন্তি	আপ্নুথ	আপ্নুমঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	আপ্নোতু	আপ্নুহি	আপ্নবানি
দ্বিবচন	আপ্নুতাম্	আপ্নুতম্	আপ্নবাব
বহুবচন	আপ্নুবন্তু	আপ্নুত	আপ্নবাম

লঙ্

একবচন	আপ্নোৎ	আপ্নোঃ	আপ্নবম্
দ্বিবচন	আপ্নুতাম্	আপ্নুতম্	আপ্নুব
বহুবচন	আপ্নুবন্	আপ্নুত	আপ্নুম

বিধিলিঙ্

একবচন	আপ্নুয়াৎ	আপ্নুয়াঃ	আপ্নুয়াম্
দ্বিবচন	আপ্নুয়াতাম্	আপ্নুয়াতম্	আপ্নুয়াব
বহুবচন	আপ্নুয়ুঃ	আপ্নুয়াত	আপ্নুয়াম

লৃট্

একবচন	আপ্স্যতি	আপ্স্যসি	আপ্স্যামি
দ্বিবচন	আপ্স্যতঃ	আপ্স্যথঃ	আপ্স্যাবঃ
বহুবচন	আপ্স্যন্তি	আপ্স্যথ	আপ্স্যামঃ

শ্রু ধাতু (পরস্মৈপদী)—শ্রবণ করা—To hear

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	শৃণোতি	শৃণোষি	শৃণোমি
দ্বিবচন	শৃণুতঃ	শৃণুথঃ	শৃণুবঃ, শৃণ্বঃ
বহুবচন	শৃণ্বন্তি	শৃণুথ	শৃণুমঃ, শৃণ্মঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	শৃণোতু	শৃণু	শৃণবানি
দ্বিবচন	শৃণুতাম্	শৃণুতম্	শৃণবাব
বহুবচন	শৃণ্বন্তু	শৃণুত	শৃণবাম

লঙ্

একবচন	অশৃণোৎ	অশৃণোঃ	অশৃণবম্
দ্বিবচন	অশৃণুতাম্	অশৃণুতম্	অশৃণুব, অশৃণ্ব
বহুবচন	অশৃণ্বন্	অশৃণুত	অশৃণুম, অশৃণ্ম

বিধিলিঙ্

একবচন	শৃণুয়াৎ	শৃণুয়াঃ	শৃণুয়াম্
দ্বিবচন	শৃণুয়াতাম্	শৃণুয়াতম্	শৃণুয়াব
বহুবচন	শৃণুয়ুঃ	শৃণুয়াত	শৃণুয়াম

লৃট্

একবচন	শ্রোষ্যতি	শ্রোষ্যসি	শ্রোষ্যামি
দ্বিবচন	শ্রোষ্যতঃ	শ্রোষ্যথঃ	শ্রোষ্যাবঃ
বহুবচন	শ্রোষ্যন্তি	শ্রোষ্যথ	শ্রোষ্যামঃ

অশ্ ধাতু (আত্মনেপদী)—ব্যাপ্ত করা—To spread over

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অশ্নুতে	অশ্নুষে	অশ্নুবে
দ্বিবচন	অশ্নুবাতে	অশ্নুবাথে	অশ্নুবহে
বহুবচন	অশ্নুবতে	অশ্নুধ্বে	অশ্নুমহে

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অশ্নুতাম্	অশ্নুষ্ব	অশ্নবৈ
দ্বিবচন	অশ্নুবাতাম্	অশ্নুবাথাম্	অশ্নবাবহৈ
বহুবচন	অশ্নুবতাম্	অশ্নুধ্বম্	অশ্নবামহৈ

লঙ্

একবচন	আশ্নুত	আশ্নুথাঃ	আশ্নুবি
দ্বিবচন	আশ্নুবাতাম্	আশ্নুবাথাম্	আশ্নুবহি
বহুবচন	আশ্নুবত	আশ্নুধ্বম্	আশ্নুমহি

বিধিলিঙ্

একবচন	অশ্নুবীত	অশ্নুবীথাঃ	অশ্নুবীয়
দ্বিবচন	অশ্নুবীয়াতাম্	অশ্নুবীয়াথাম্	অশ্নুবীবহি
বহুবচন	অশ্নুবীরন্	অশ্নুবীধ্বম্	অশ্নুবীমহি

লৃট্

একবচন	অশিষ্যতে, অক্ষ্যতে	অশিষ্যসে, অক্ষ্যসে	অশিষ্যে, অক্ষ্যে
দ্বিবচন	অশিষ্যেতে, অক্ষ্যেতে	অশিষ্যেথে, অক্ষ্যেথে	অশিষ্যাবহে অক্ষ্যাবহে
বহুবচন	অশিষ্যন্তে, অক্ষ্যন্তে	অশিষ্যধ্বে, অক্ষ্যধ্বে	অশিষ্যামহে, অক্ষ্যামহে

ক্র্যাদি

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্,—এই চারি বিভক্তিতে ক্র্যাদিগণীয় ধাতুতে 'না' হয়।

ক্রী ধাতু (উভয়পদী)—ক্রয় করা—To buy

পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ক্রীণাতি	ক্রীণাসি	ক্রীণামি
দ্বিবচন	ক্রীণীতঃ	ক্রীণীথঃ	ক্রীণীবঃ
বহুবচন	ক্রীণন্তি	ক্রীণীথ	ক্রীণীমঃ

লোট্

একবচন	ক্রীণাতু	ক্রীণীহি	ক্রীণানি
দ্বিবচন	ক্রীণীতাম্	ক্রীণীতম্	ক্রীণাব
বহুবচন	ক্রীণন্তু	ক্রীণীত	ক্রীণাম

লঙ্

একবচন	অক্রীণাৎ	অক্রীণাঃ	অক্রীণাম্
দ্বিবচন	অক্রীণীতাম্	অক্রীণীতম্	অক্রীণীব
বহুবচন	অক্রীণন্	অক্রীণীত	অক্রীণীম

বিধিলিঙ্

একবচন	ক্রীণীয়াৎ	ক্রীণীয়াঃ	ক্রীণীয়াম্
দ্বিবচন	ক্রীণীয়াতাম্	ক্রীণীয়াতম্	ক্রীণীয়াব
বহুবচন	ক্রীণীয়ুঃ	ক্রীণীয়াত	ক্রীণীয়াম

লৃট্

একবচন	ক্রেষ্যতি	ক্রেষ্যসি	ক্রেষ্যামি
দ্বিবচন	ক্রেষ্যতঃ	ক্রেষ্যথঃ	ক্রেষ্যাবঃ
বহুবচন	ক্রেষ্যন্তি	ক্রেষ্যথ	ক্রেষ্যামঃ

আত্মনেপদ

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ক্রীণীতে	ক্রীণীষে	ক্রীণে
দ্বিবচন	ক্রীণাতে	ক্রীণাথে	ক্রীণীবহে
বহুবচন	ক্রীণতে	ক্রীণীধ্বে	ক্রীণীমহে

লোট্

একবচন	ক্রীণীতাম্	ক্রীণীষ্ব	ক্রীণৈ
দ্বিবচন	ক্রীণাতাম্	ক্রীণাথাম্	ক্রীণাবহৈ
বহুবচন	ক্রীণতাম্	ক্রীণীধ্বম্	ক্রীণামহৈ

লঙ্

একবচন	অক্রীণীত	অক্রীণীথাঃ	অক্রীণি
দ্বিবচন	অক্রীণাতাম্	অক্রীণাথাম্	অক্রীণাবহি
বহুবচন	অক্রীণত	অক্রীণীধ্বম্	অক্রীণামহি

বিধিলিঙ্

একবচন	ক্রীণীত	ক্রীণীথাঃ	ক্রীণীয়
দ্বিবচন	ক্রীণীয়াতাম্	ক্রীণীয়াথাম্	ক্রীণীবহি
বহুবচন	ক্রীণীরন্	ক্রীণীধ্বম্	ক্রীণীমহি

লৃট্—ক্রেষ্যতে ইত্যাদি।

গ্রহ্ ধাতু (উভয়পদী)—গ্রহণ করা—To take

পরস্মৈপদ

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	গৃহ্লাতি	গৃহ্লাসি	গৃহ্লামি
দ্বিবচন	গৃহ্লীতঃ	গৃহ্লীথঃ	গৃহ্লীবঃ
বহুবচন	গৃহ্লন্তি	গৃহ্লীথ	গৃহ্লীমঃ

লোট্

একবচন	গৃহ্লাতু	গৃহাণ	গৃহ্লানি
দ্বিবচন	গৃহ্লীতাম্	গৃহ্লীতম্	গৃহ্লাব
বহুবচন	গৃহ্লন্তু	গৃহ্লীত	গৃহ্লাম

লঙ

একবচন	অগৃহ্লাৎ	অগৃহ্লাঃ	অগৃহ্লাম্
দ্বিবচন	অগৃহ্লীতাম্	অগৃহ্লীতম্	অগৃহ্লীব
বহুবচন	অগৃহ্লন্	অগৃহ্লীত	অগৃহ্লীম

বিধিলিঙ্

একবচন	গৃহ্লীয়াৎ	গৃহ্লীয়াঃ	গৃহ্লীয়াম্
দ্বিবচন	গৃহ্লীয়াতাম্	গৃহ্লীয়াতম্	গৃহ্লীয়াব
বহুবচন	গৃহ্লীয়ুঃ	গৃহ্লীয়াত	গৃহ্লীয়াম

ল়্ট—গ্রহীষ্যতি ইত্যাদি।

নিম্নলিখিত ক্র্যাদিগণীয় ধাতুগুলির রূপ লক্ষ্য কর :—

অশ্ (খাওয়া)—অশ্নাতি ; অশ্নাতু ; অশান (লোট্ হি); আশ্নাৎ; অশ্নীয়াৎ ; অশিষ্যতি।

জ্ঞা (জানা)—জানাতি; জানাতু ; জানীহি (লোট্ হি); অজানাৎ ; জানীয়াৎ ; জ্ঞাস্যতি।

পূ্ (পবিত্র করা)—পুনাতি ; পুনাতু ; পুনীহি (লোট্ হি) ; অপুনাৎ ; পুনীয়াৎ ; পবিষ্যতি।

বন্ধ্ (বাঁধা)—বধ্নাতি ; বধ্নাতু ; বধান (লোট্ হি) ; অবধ্নাৎ; বধ্নীয়াৎ ; ভন্ৎস্যতি।

তনাদি

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্—এই চারি বিভক্তিতে তনাদিগণীয় ধাতুর উত্তর 'উ' হয়। 'উ' ধাতুর শেষবর্ণে যুক্ত হয়।

কৃ ধাতু (উভয়পদী)—করা—To do

পরস্মৈপদ

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	করোতি	করোষি	করোমি
দ্বিবচন	কুরুতঃ	কুরুথঃ	কুর্ব্বঃ
বহুবচন	কুর্ব্বন্তি	কুরুথ	কুর্ম্মঃ

লোট্

একবচন	করোতু	কুরু	করবাণি
দ্বিবচন	কুরুতাম্	কুরুতম্	করবাব
বহুবচন	কুর্ব্বন্তু	কুরুত	করবাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অকরোৎ	অকরোঃ	অকরবম্
দ্বিবচন	অকুরুতাম্	অকুরুতম্	অকুর্ব্ব
বহুবচন	অকুর্ব্বন্	অকুরুত	অকুর্ম্ম

বিধিলিঙ্

একবচন	কুর্য্যাৎ	কুর্য্যাঃ	কুর্য্যাম্
দ্বিবচন	কুর্য্যাতাম্	কুর্য্যাতম্	কুর্য্যাব
বহুবচন	কুর্য্যুঃ	কুর্য্যাত	কুর্য্যাম

লৃট্—করিষ্যতি ইত্যাদি।

আত্মনেপদ

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	কুরুতে	কুরুষে	কুর্ব্বে
দ্বিবচন	কুর্ব্বাতে	কুর্ব্বাথে	কুর্ব্বহে
বহুবচন	কুর্ব্বতে	কুরুধ্বে	কুর্ম্মহে

লোট্

একবচন	কুরুতাম্	কুরুষ্ব	করবৈ
দ্বিবচন	কুর্ব্বাতাম্	কুর্ব্বাথাম্	করবাবহৈ
বহুবচন	কুর্ব্বতাম্	কুরুধ্বম্	করবামহৈ

লঙ্

একবচন	অকুরুত	অকুরুথাঃ	অকুর্ব্বি
দ্বিবচন	অকুর্ব্বাতাম্	অকুর্ব্বাথাম্	অকুর্ব্বহি
বহুবচন	অকুর্ব্বত	অকুরুধ্বম্	অকুর্ম্মহি

বিধিলিঙ্

একবচন	কুর্ব্বীত	কুর্ব্বীথাঃ	কুর্ব্বীয়
দ্বিবচন	কুর্ব্বীয়াতাম্	কুর্ব্বীয়াথাম্	কুর্ব্বীবহি
বহুবচন	কুর্ব্বীরন্	কুর্ব্বীধ্বম্	কুর্ব্বীমহি

ল়ৃট্—করিষ্যতে ইত্যাদি।

তন্ ধাতু (বিস্তার করা)—তনোতি ; তনোতু ; অতনোৎ ; তনুয়াৎ ; তনিষ্যতি।

রুধাদি

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্—এই চারি বিভক্তির পরে রুধাদিগণীয় ধাতুর শেষ স্বরের পরে 'ন্' আসে।

ভুজ্ ধাতু (উভয়পদী)

পরস্মৈপদ—(রক্ষা করা—To protect)

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভুনক্তি	ভুনক্ষি	ভুনজ্মি
দ্বিবচন	ভুঙ্ক্তঃ	ভুঙ্ক্থঃ	ভুঞ্জ্বঃ
বহুবচন	ভুঞ্জন্তি	ভুঙ্ক্থ	ভুঞ্জ্মঃ

লোট্

একবচন	ভুনক্তু	ভুঙ্গ্ধি	ভুনজানি
দ্বিবচন	ভুঙ্ক্তাম্	ভুঙ্ক্তম্	ভুনজাব
বহুবচন	ভুঞ্জন্তু	ভুঙ্ক্ত	ভুনজাম

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অভুনক্	অভুনক্	অভুনজম্
দ্বিবচন	অভুঙ্‌ক্তাম্	অভুঙ্‌ক্তম্	অভুঞ্জ্ব
বহুবচন	অভুঞ্জন্	অভুঙ্‌ক্ত	অভুঞ্জ্ম

বিধিলিঙ্

একবচন	ভুঞ্জ্যাৎ	ভুঞ্জ্যাঃ	ভুঞ্জ্যাম্
দ্বিবচন	ভুঞ্জ্যাতাম্	ভুঞ্জ্যাতম্	ভুঞ্জ্যাব
বহুবচন	ভুঞ্জ্যুঃ	ভুঞ্জ্যাত	ভুঞ্জ্যাম

লৃট্—ভোক্ষ্যতি ইত্যাদি।

আত্মনেপদ—(খাওয়া, ভোগ করা—To eat, To enjoy)

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভুঙ্‌ক্তে	ভুঙ্ক্ষে	ভুঞ্জে
দ্বিবচন	ভুঞ্জাতে	ভুঞ্জাথে	ভুঞ্জ্বহে
বহুবচন	ভুঞ্জতে	ভুঙ্গ্ধ্বে	ভুঞ্জ্মহে

লোট্

একবচন	ভুঙ্‌ক্তাম্	ভুঙ্‌ক্ষ্ব	ভুনজৈ
দ্বিবচন	ভুঞ্জাতাম্	ভুঞ্জাথাম্	ভুনজাবহৈ
বহুবচন	ভুঞ্জতাম্	ভুঙ্গ্ধ্বম্	ভুনজামহৈ

লঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অভুঙ্ক্ত	অভুঙ্ক্থাঃ	অভুঞ্জি
দ্বিবচন	অভুঞ্জাতাম্	অভুঞ্জাথাম্	অভুঞ্জ্বহি
বহুবচন	অভুঞ্জত	অভুঙ্গ্ধ্বম্	অভুঞ্জ্মহি

বিধিলিঙ্

একবচন	ভুঞ্জীত	ভুঞ্জীথাঃ	ভুঞ্জীয়
দ্বিবচন	ভুঞ্জীয়াতাম্	ভুঞ্জীয়াথাম্	ভুঞ্জীবহি
বহুবচন	ভুঞ্জীরন্	ভুঞ্জীধ্বম্	ভুঞ্জীমহি

লৃট্—ভোক্ষ্যতে ইত্যাদি।

নিম্নলিখিত রুধাদিগণীয় ধাতুর রূপ লক্ষ্য কর :—

রুধ্ (উভয়পদী)—To obstract—রুণদ্ধি ; রুন্ধে ; রুণদ্ধু ; রুন্ধাম্ ; অরুণৎ ; অরুন্ধ ; রুন্ধ্যাৎ ; রুন্ধীত ; রোৎস্যতি ; রোৎস্যতে।

যুজ্ (To unite)—যুনক্তি ; যুনক্তু ; অযুনক্ ; যুঞ্জ্যাৎ ; যোক্ষ্যতি।

ভিদ্ (To separate)—ভিনত্তি ; ভিনত্তু ; অভিনৎ ; ভিন্দ্যাৎ ; ভেৎস্যতি ।

ছিদ্ (To cut asunder)—ছিনত্তি ; ছিনত্তু; অচ্ছিনৎ ; ছিন্দ্যাৎ ; ছেৎস্যতি।

অদাদি

অস্ ধাতু (পরস্মৈপদী)—হওয়া বা থাকা—To be, To exist

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অস্তি	অসি	অস্মি
দ্বিবচন	স্তঃ	স্থঃ	স্বঃ
বহুবচন	সন্তি	স্থ	স্মঃ

লোট্

একবচন	অস্তু	এধি	অসানি
দ্বিবচন	স্তাম্	স্তম্	অসাব
বহুবচন	সন্তু	স্ত	অসাম

লঙ্

একবচন	আসীৎ	আসীঃ	আসম্
দ্বিবচন	আস্তাম্	আস্তম্	আস্ব
বহুবচন	আসন্	আস্ত	আস্ম

বিধিলিঙ্

একবচন	স্যাৎ	স্যাঃ	স্যাম্
দ্বিবচন	স্যাতাম্	স্যাতম্	স্যাব
বহুবচন	স্যুঃ	স্যাত	স্যাম

লৃট্—ভবিষ্যতি ইত্যাদি।

শী ধাতু (আত্মনেপদী)—শয়ন করা—To lie down

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	শেতে	শেষে	শয়ে
দ্বিবচন	শয়াতে	শয়াথে	শেবহে
বহুবচন	শেরতে	শেধ্বে	শেমহে

লোট্

একবচন	শেতাম্	শেষ্ব	শয়ৈ
দ্বিবচন	শয়াতাম্	শয়াথাম্	শয়াবহৈ
বহুবচন	শেরতাম্	শেধ্বম্	শয়ামহৈ

লঙ্

একবচন	অশেত	অশেথাঃ	অশয়ি
দ্বিবচন	অশয়াতাম্	অশয়াথাম্	অশেবহি
বহুবচন	অশেরত	অশেধ্বম্	অশেমহি

বিধিলিঙ্

একবচন	শয়ীত	শয়ীথাঃ	শয়ীয়
দ্বিবচন	শয়ীয়াতাম্	শয়ীয়াথাম্	শয়ীবহি
বহুবচন	শয়ীরন্	শয়ীধ্বম্	শয়ীমহি

লৃট্—শয়িষ্যতে ইত্যাদি।

ই ধাতু (পরস্মৈপদী)—যাওয়া—To go

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	এতি	এষি	এমি
দ্বিবচন	ইতঃ	ইথঃ	ইবঃ
বহুবচন	যন্তি	ইথ	ইমঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	এতু	ইহি	অয়ানি
দ্বিবচন	ইতাম্	ইতম্	অয়াব
বহুবচন	যন্তু	ইত	অয়াম

লঙ্

একবচন	ঐৎ	ঐঃ	আয়ম্
দ্বিবচন	ঐতাম্	ঐতম্	ঐব
বহুবচন	আয়ন্	ঐত	ঐম

বিধিলিঙ্

একবচন	ইয়াৎ	ইয়াঃ	ইয়াম্
দ্বিবচন	ইয়াতাম্	ইয়াতম্	ইয়াব
বহুবচন	ইয়ুঃ	ইয়াত	ইয়াম

লৃট্—এষ্যতি ইত্যাদি।

অধি—ই (আত্মনেপদী)—পড়া—To read

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অধীতে	অধীষে	অধীয়ে
দ্বিবচন	অধীয়াতে	অধীয়াথে	অধীবহে
বহুবচন	অধীয়তে	অধীধ্বে	অধীমহে

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	অধীতাম্	অধীষ্ব	অধ্যয়ৈ
দ্বিবচন	অধীয়াতাম্	অধীয়াথাম্	অধ্যয়াবহৈ
বহুবচন	অধীয়তাম্	অধীধ্বম্	অধ্যয়ামহৈ

লঙ্

একবচন	অধ্যৈত	অধ্যৈথাঃ	অধ্যৈয়ি
দ্বিবচন	অধ্যৈয়াতাম্	অধ্যৈয়াথাম্	অধ্যৈবহি
বহুবচন	অধ্যৈয়ত	অধ্যৈধ্বম্	অধ্যৈমহি

বিধিলিঙ্

একবচন	অধীয়ীত	অধীয়ীথাঃ	অধীয়ীয়
দ্বিবচন	অধীয়ীয়াতাম্	অধীয়ীয়াথাম্	অধীয়ীবহি
বহুবচন	অধীয়ীরন্	অধীয়ীধ্বম্	অধীয়ীমহি

লৃট্—অধ্যেষ্যতে ইত্যাদি।

ব্রূ ধাতু (উভয়পদী)—বলা—To tell

পরস্মৈপদ

লট্

একবচন	ব্রবীতি	ব্রবীষি	ব্রবীমি
দ্বিবচন	ব্রূতঃ	ব্রূথঃ	ব্রূবঃ
বহুবচন	ব্রুবন্তি	ব্রূথ	ব্রূমঃ

লোট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ব্রবীতু	ব্রূহি	ব্রবাণি
দ্বিবচন	ব্রূতাম্	ব্রূতম্	ব্রবাব
বহুবচন	ব্রুবন্তু	ব্রূত	ব্রবাম

লঙ্

একবচন	অব্রবীৎ	অব্রবীঃ	অব্রবম্
দ্বিবচন	অব্রূতাম্	অব্রুতম্	অব্রূব
বহুবচন	অব্রুবন্	অব্রুত	অব্রূম

বিধিলিঙ্

একবচন	ব্রূয়াৎ	ব্রূয়াঃ	ব্রূয়াম্
দ্বিবচন	ব্রূয়াতাম্	ব্রূয়াতম্	ব্রূয়াব
বহুবচন	ব্রূয়ুঃ	ব্রূয়াত	ব্রূয়াম

লৃট্—বক্ষ্যতি ইত্যাদি।

আত্মনেপদ

লট্—ব্রূতে ব্রুবাতে ব্রুবতে। ব্রূষে ব্রুবাথে ব্রূধ্বে। ব্রুবে ব্রূবহে ব্রূমহে।

লোট্—ব্রূতাম্ ব্রুবাতাম্ ব্রুবতাম্। ব্রূষ্ব ব্রুবাথাম্ ব্রূধ্বম্। ব্রবৈ ব্রবাবহৈ ব্রবামহৈ।

লঙ্—অব্রূত অব্রুবাতাম্ অব্রুবত। অব্রূথাঃ অব্রুবাথাম্ অব্রূধ্বম্। অব্রুবি অব্রূবহি অব্রূমহি।

বিধিলিঙ্—ব্রুবীত ইত্যাদি।

লৃট্—বক্ষ্যতে ইত্যাদি।

হন্ ধাতু (পরস্মৈপদী)—বধ করা—To kill

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	হন্তি	হংসি	হন্মি
দ্বিবচন	হতঃ	হথঃ	হন্বঃ
বহুবচন	ঘ্নন্তি	হথ	হন্মঃ

লোট্

একবচন	হন্তু	জহি	হনানি
দ্বিবচন	হতাম্	হতম্	হনাব
বহুবচন	ঘ্নন্তু	হত	হনাম

লঙ্

একবচন	অহন্	অহন্	অহনম্
দ্বিবচন	অহতাম্	অহতম্	অহন্ব
বহুবচন	অঘ্নন্	অহত	অহন্ম

বিধিলিঙ্

একবচন	হন্যাৎ	হন্যাঃ	হন্যাম্
দ্বিবচন	হন্যাতাম্	হন্যাতম্	হন্যাব
বহুবচন	হন্যুঃ	হন্যাত	হন্যাম

লৃট্—হনিষ্যতি ইত্যাদি।

শাস্ (পরস্মৈপদী)—শাসন করা—To govern, To instruct

লট্—শাস্তি শিষ্টঃ শাসতি। শাস্সি শিষ্ঠঃ শিষ্ঠ। শাস্মি শিষ্বঃ শিষ্মঃ।

লোট্—শাস্তু শিষ্টাম্ শাসতু। শাধি শিষ্টম্ শিষ্ট। শাসানি শাসাব শাসাম।
লঙ্—অশাৎ অশিষ্টাম্ অশাসুঃ। অশাৎ—অশাঃ অশিষ্টম্ অশিষ্ট। অশাসম্ অশিষ্ব অশিষ্ম।
বিধিলিঙ্—শিষ্যাৎ শিষ্যাতাম্ শিষ্যুঃ। শিষ্যাঃ শিষ্যাতম্ শিষ্যাত। শিষ্যাম্ শিষ্যাব শিষ্যাম।
লৃট্—শাসিষ্যতি ইত্যাদি।

রুদ্ (পরস্মৈপদী)—To cry—কাঁদা

লট্—রোদিতি রুদিতঃ রুদন্তি। রোদিষি রুদিথঃ রুদিথ। রোদিমি রুদিবঃ রুদিমঃ।
লোট্—রোদিতু রুদিতাম্ রুদন্তু। রুদিহি রুদিতম্ রুদিত। রোদানি রোদাব রোদাম।
লঙ্—অরোদীৎ অরোদৎ; অরুদিতাম্; অরুদন্। অরোদীঃ, অরোদঃ; অরুদিতম্; অরুদিত। অরোদম্ অরুদিব অরুদিম।
বিধিলিঙ্—রুদ্যাৎ ইত্যাদি।
লৃট্—রোদিষ্যতি ইত্যাদি।

দ্বিষ্ (উভয়পদী)—To envy—শত্রুতা করা

পরস্মৈপদ

লট্—দ্বেষ্টি দিষ্টঃ দ্বিষন্তি। দ্বেক্ষি দ্বিষ্ঠঃ দ্বিষ্ঠ। দ্বেষ্মি দ্বিষ্বঃ দ্বিষ্মঃ।

লোট্—দ্বেষ্টু দ্বিষ্টাম্ দ্বিষন্তু। দ্বিড্ঢি দ্বিষ্টম্ দ্বিষ্ট। দ্বেষাণি দ্বেষাব দ্বেষাম।
লঙ্—অদ্বেট্; অদ্বিষ্টাম্; অদ্বিষুঃ অদ্বিষন্। অদ্বেট্ অদ্বিষ্টম্ অদ্বিষ্ট। অদ্বেষম্ অদ্বিষ্ব অদ্বিষ্ম।
বিধিলিঙ্—দ্বিষ্যাৎ ইত্যাদি।
লৃট্—দ্বেক্ষ্যতি ইত্যাদি।

বিদ্ (পরস্মৈপদী)—To know—জানা

লট্—বেত্তি, বেদ; বিত্তঃ, বিদতুঃ; বিদন্তি, বিদুঃ। বেৎসি বেত্থ; বিত্থঃ,বিদথুঃ; বিত্থ, বিদ। বেদ্মি, বেদ; বিদ্বঃ, বিদ্ব; বিদ্মঃ; বিদ্ম।
লোট্—বেত্তু বিত্তাম্ বিদন্তু। বদ্ধি বিত্তম্ বিত্ত। বেদানি বেদাব বেদাম।
লঙ্—অবেৎ অবিত্তাম্; অবিদুঃ; অবিদন্। অবেৎ অবিত্তম্ অবিত্ত। অবেদম্ অবিদ্ব অবিদ্ম।
বিধিলিঙ্—বিদ্যাৎ ইত্যাদি।
লৃট্—বেৎস্যতি ইত্যাদি।

দুহ্ ধাতু (উভয়পদী)—To milk—দোহন করা

পরস্মৈপদ

লট্—দোগ্ধি দুগ্ধঃ দুহন্তি। ধোক্ষি দুগ্ধঃ দুগ্ধ। দোহ্মি দুহ্বঃ দুহ্মঃ।

লোট্—দোগ্ধু দুগ্ধাম্ দুহন্তু। দুগ্ধি দুগ্ধম্ দুগ্ধ। দোহানি দোহাব দোহাম।

লঙ—অধোক্ অদুগ্ধাম্ অদুহন্। অধোক্ অদুগ্ধম্ অদুগ্ধ অদোহম্ অদুহ্ব অদুহ্ম।

বিধিলিঙ্—দুহ্যাৎ ইত্যাদি।

লৃট্—ধোক্ষ্যতি ইত্যাদি।

যা—ধাতু (পরস্মৈপদী)—To go—যাওয়া

লট্—যাতি যাতঃ যান্তি। যাসি যাথঃ যাথ। যামি যাবঃ যামঃ।

লোট্—যাতু যাতাম্ যান্তু। যাহি যাতম্ যাত। যানি যাব যাম।

লঙ্—অযাৎ; অযাতাম্; অযুঃ, অযান্। অযাঃ অযাতম্ অযাত। অযাম্ অযাব অযাম।

বিধিলিঙ্—যায়াৎ ইত্যাদি।

লট—যাস্যতি ইত্যাদি।

কতকগুলি অদাদিগণীয় ধাতু :—স্তু (To praise, স্তুতি করা), নু (To pray, বন্দনা করা সূ (To gave birth to, প্রসব করা), জাগৃ (To be awake, জাগা), আস্ (To sit, to stay, বসা, থাকা)।

হ্বাদি বা জুহোত্যাদি

লট্, লোট্, লঙ্ ও বিধিলিঙ্—এই চারি বিভক্তিতে হ্বাদিগণীয় ধাতুর দ্বিত্ব হয়।

দা ধাতু (উভয়পদী)—দান করা—To give

পরস্মৈপদ

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	দদাতি	দদাসি	দদামি
দ্বিবচন	দত্তঃ	দত্থঃ	দদ্বঃ
বহুবচন	দদতি	দত্থ	দদ্ম

লোট্

একবচন	দদাতু	দেহি	দদানি
দ্বিবচন	দত্তাম্	দত্তম্	দদাব
বহুবচন	দদতু	দত্ত	দদাম

লঙ্

একবচন	অদদাৎ	অদদাঃ	অদদাম্
দ্বিবচন	অদত্তাম্	অদত্তম্	অদদ্ব
বহুবচন	অদদুঃ	অদত্ত	অদদ্ম

বিধিলিঙ্

একবচন	দদ্যাৎ	দদ্যাঃ	দদ্যাম্
দ্বিবচন	দদ্যাতাম্	দদ্যাতম্	দদ্যাব
বহুবচন	দদ্যুঃ	দদ্যাত	দদ্যাম

লৃট্—দাস্যতি ইত্যাদি।

আত্মনেপদ

লট্—দত্তে দদাতে দদতে। দৎসে দদাথে দদ্ধে। দদে দদ্বহে দদ্মহে।

লোট্—দত্তাম্ দদাতাম্ দদতাম্ ইত্যাদি।

লঙ্—অদত্ত অদদাতাম্ অদদত ইত্যাদি।

বিধিলিঙ্—দদীত দদীয়াতাম্ দদীরন্ ইত্যাদি।

লৃট্—দাস্যতে ইত্যাদি।

ভী ধাতু (পরস্মৈপদী)—ভয় পাওয়া—To be afraid

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিভেতি	বিভেষি	বিভেমি
দ্বিবচন	বিভীতঃ	বিভীথঃ	বিভীবঃ
বহুবচন	বিভ্যতি	বিভীথ	বিভীমঃ

লোট্

একবচন	বিভেতু	বিভীহি	বিভয়ানি
দ্বিবচন	বিভীতাম্	বিভীতম্	বিভয়াব
বহুবচন	বিভ্যতু	বিভীত	বিভয়াম

লঙ্

একবচন	অবিভেৎ	অবিভেঃ	অবিভয়ম্
দ্বিবচন	অবিভীতাম্	অবিভীতম্	অবিভীব
বহুবচন	অবিভয়ুঃ	অবিভীত	অবিভীম

বিধিলিঙ্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	বিভীয়াৎ	বিভীয়াঃ	বিভীয়াম্
দ্বিবচন	বিভীয়াতাম্	বিভীয়াতম্	বিভীয়াব
বহুবচন	বিভীয়ুঃ	বিভীয়াত	বিভীয়াম্

লট্—ভেষ্যতি ইত্যাদি।

নিম্নলিখিত হ্বাদিগণীয় ধাতুগুলির রূপ লক্ষ্য কর ঃ—

হু (আহুতি দেওয়া)—জুহোতি ; জুহোতু ; জুহুধি (লোট্ হি) ; অজুহোৎ ; অজুহবুঃ (লঙ্ অন্) ; জুহুয়াৎ ; হোষ্যতি।

ভৃ (ভরণ করা)—বিভর্ত্তি ; বিভর্ত্তু ; অবিভঃ ; বিভৃয়াৎ ; ভরিষ্যতি।

ধা (ধরা)—দধাতি ; দধাতু ; অদধাৎ ; দধ্যাৎ ; ধাস্যতি।

হা (ত্যাগ করা)—জহাতি ; জহাতু ; জহিহি জহীহি জহাহি (লোট্ হি) ; অজহাৎ ; জহ্যাৎ ; হাস্যতি।

চুরাদি

চুরাদিগণীয় ধাতুর উত্তর স্বার্থে 'ণিচ্' হয় এবং ভ্বাদিগণীয় ধাতুর মত ইহার রূপ হয়।

ভক্ষ্ ধাতু (উভয়পদী)—খাওয়া—To eat

পরস্মৈপদী

লট্

	প্রথম পুরুষ	মধ্যম পুরুষ	উত্তম পুরুষ
একবচন	ভক্ষয়তি	ভক্ষয়সি	ভক্ষয়ামি
দ্বিবচন	ভক্ষয়তঃ	ভক্ষয়থঃ	ভক্ষয়াবঃ
বহুবচন	ভক্ষয়ন্তি	ভক্ষয়থ	ভক্ষয়ামঃ

লোট্

একবচন	ভক্ষয়তু	ভক্ষয়	ভক্ষয়াণি
দ্বিবচন	ভক্ষয়তাম্	ভক্ষয়তম্	ভক্ষয়াব
বহুবচন	ভক্ষয়ন্তু	ভক্ষয়ত	ভক্ষয়াম

লঙ্

একবচন	অভক্ষয়ৎ	অভক্ষয়ঃ	অভক্ষয়ম্
দ্বিবচন	অভক্ষয়তাম্	অভক্ষয়তম্	অতক্ষয়াব
বহুবচন	অভক্ষয়ন্	অভক্ষয়ত	অভক্ষয়াম

বিধিলিঙ্—ভক্ষয়েৎ ইত্যাদি।

লৃট্—ভক্ষয়িষ্যতি ইত্যাদি।

আত্মনেপদ

লট্—ভক্ষয়তে ভক্ষয়েতে ভক্ষয়ন্তে।

লোট্—ভক্ষয়তাম্ ভক্ষয়েতাম্ ভক্ষয়ন্তাম্।

লঙ্—অভক্ষয়ত অভক্ষয়েতাম্ অভক্ষয়ন্ত।

বিধিলিঙ—ভক্ষয়েত ইত্যাদি।

লৃট্—ভক্ষয়িষ্যতে ইত্যাদি।

কর্ত্তৃবাচ্য

যেখানে কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি ও কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি থাকে, তাহাকে কর্ত্তৃবাচ্য প্রয়োগ বলে। যথা,—কুম্ভকারঃ ঘটং করোতি, কুম্ভকার ঘট গড়িতেছে। দেবদত্তঃ গ্রামং গচ্ছতি, দেবদত্ত গ্রামে যাইতেছে। শিশুঃ পুস্তকং পঠতি, শিশু পুস্তক পড়িতেছে। অশ্বঃ জলং পিবতি, অশ্ব জল খাইতেছে।

কর্ত্তৃবাচ্যে কর্ত্তার যে বচন, ক্রিয়াতেও সেই বচন হয় ; অর্থাৎ কর্ত্তা একবচনের হইলে ক্রিয়াতে একবচন ; কর্ত্তা দ্বিবচনের হইলে ক্রিয়াতে দ্বিবচন ; কর্ত্তা বহুবচনের হইলে ক্রিয়াতে বহুবচন। যথা,—কুম্ভকারঃ ঘটং করোতি ; কুম্ভকারৌ ঘটং কুরুতঃ ; কুম্ভকারাঃ ঘটং কুর্ব্বন্তি। শিশুঃ পুস্তকং পঠতি ; শিশূ পুস্তকং পঠতঃ। শিশবঃ পুস্তকং পঠন্তি।

কর্ম্মবাচ্য

যে স্থলে কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি ও কর্ম্মকারকে প্রথমা বিভক্তি থাকে, তাহাকে কর্ম্মবাচ্য প্রয়োগ বলে। যথা,—কুম্ভকারেণ ঘটঃ ক্রিয়তে, কুম্ভকার ঘট গড়িতেছে। শিষ্যেণ গুরুঃ পৃচ্ছ্যতে, শিষ্য গুরুকে জিজ্ঞাসা করিতেছে। ময়া চন্দ্রঃ দৃশ্যতে, আমি চন্দ্র দেখিতেছি।

কর্ত্তৃবাচ্যে যেমন কর্ত্তৃকারকের বচনানুসারে ক্রিয়ার বচন হয়, কর্ম্মবাচ্যে প্রয়োগ সেরূপ নহে। **কর্ম্মবাচ্যে কর্ম্মের যে বচন, ক্রিয়ার সেই বচন হয়,** অর্থাৎ, কর্ম্ম একবচনের হইলে

ক্রিয়ার একবচন; কর্ম্ম দ্বিবচনের হইলে ক্রিয়ার দ্বিবচন; কর্ম্ম বহুবচনের হইলে ক্রিয়ার বহুবচন। যথা,—কুম্ভকারেণ ঘটঃ ক্রিয়তে, কুম্ভকারেণ ঘটৌ ক্রিয়েতে, কুম্ভকারেণ ঘটাঃ ক্রিয়ন্তে। শিষ্যেণ গুরুঃ পৃচ্ছ্যতে, শিষ্যেণ গুরূ পৃচ্ছ্যেতে, শিষ্যেণ গুরবঃ পৃচ্ছ্যন্তে।

ভাববাচ্য

যেখানে কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়, কর্ম্মপদ না থাকে, তাহাকে ভাববাচ্য প্রয়োগ বলে। **ভাববাচ্যের ক্রিয়া সর্ব্বদাই একবচনান্ত হয়।** যথা,—ময়া স্থীয়তে, আমি আছি। আবাভ্যাং স্থীয়তে, আমরা দুজন আছি। অস্মাভিঃ স্থীয়তে, আমরা বহুজন আছি।

কৃদন্ত

ধাতুর উত্তর তুম্, ত্বা, প্রভৃতি কতকগুলি প্রত্যয় হয়। সেই সকল প্রত্যয়কে **কৃৎ** বলে। কৃৎ প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয়, তাহারা প্রায় ক্রিয়ার মত অর্থ প্রকাশ করে। কৃৎ প্রত্যয় বহুসংখ্যক, তন্মধ্যে কতকগুলির বিষয় স্থূলরূপে লিখিত হইতেছে।

তুম্

নিমিত্ত অর্থ বুঝিতে ধাতুর উত্তর তুম্ প্রত্যয় হয়। যথা,—দা ধাতু তুম্—দাতুম্, দিবার নিমিত্ত। স্থা ধাতু তুম্—স্থাতুম্, থাকিবার নিমিত্ত। পা ধাতু তুম্—পাতুম্, পান করিবার নিমিত্ত। হন্ ধাতু তুম্—হন্তুম্, বধ করিবার নিমিত্ত।

গম্ ধাতু তুম্—গন্তুম্, যাইবার নিমিত্ত। গ্রহ্ ধাতু তুম্—গ্রহীতুম্, গ্রহণ করিবার নিমিত্ত। কৃ ধাতু তুম্—কর্ত্তুম্, করিবার নিমিত্ত। বচ্ ধাতু তুম্—বক্তুম্, বলিবার নিমিত্ত। জি ধাতু তুম্—জেতুম্, জয় কবিবার নিমিত্ত। দৃশ্ ধাতু তুম্—দ্রষ্টুম্, দেখিবার নিমিত্ত। চিন্তি ধাতু তুম্—চিন্তয়িতুম্, চিন্তা করিবার নিমিত্ত। ভুজ্ ধাতু তুম্—ভোক্তুম্, খাইবার নিমিত্ত ইত্যাদি।

ক্ত্বা—

অনন্তর অর্থে ধাতুর উত্তর ক্ত্বা প্রত্যয় হয়। যথা,—কৃ ধাতু ক্ত্বা—কৃত্বা, করিয়া, করণানন্তর। জি ধাতু ক্ত্বা—জিত্বা, জয় করিয়া, জয়ানন্তর। গম্ ধাতু ক্ত্বা—গত্বা, যাইয়া, গমনানন্তর। ভুজ্ ধাতু ক্ত্বা—ভুক্ত্বা, খাইয়া, ভোজনানন্তর। দৃশ্ ধাতু ক্ত্বা—দৃষ্ট্বা, দেখিয়া, দর্শনানন্তর। দা ধাতু ক্ত্বা—দত্ত্বা, দিয়া, দানানন্তর। পা ধাতু ক্ত্বা—পীত্বা, পান করিয়া, পানানন্তর। চিন্তি ধাতু ক্ত্বা—চিন্তয়িত্বা, চিন্তা করিয়া, চিন্তানন্তর। বচ্ ধাতু ক্ত্বা—উক্ত্বা; বলিয়া, কথনানন্তর। গ্রহ্ ধাতু ক্ত্বা—গৃহীত্বা, লইয়া, গ্রহণানন্তর ইত্যাদি।

যপ্—

যদি ধাতুর পূর্ব্বে উপসর্গ থাকে তাহা হইলে তাহার উত্তর অনন্তর অর্থে যপ্ প্রত্যয় হয়। যথা,—আ—দা ধাতু যপ্—আদায়; গ্রহণ করিয়া, গ্রহণানন্তর। আ—গম্ ধাতু যপ—আগম্য, আগত্য, আসিয়া, আগমনানন্তর। আ—হন্

ধাতু—যপ্, আহত্য ; আঘাত করিয়া, আঘাতানন্তর। বি—জি ধাতু যপ্—বিজিত্য ; জয় করিয়া, জয়ানন্তর। সং—স্মৃ ধাতু যপ্—সংস্মৃত্য ; স্মরণ করিয়া, স্মরণানন্তর। প্র—নম্ ধাতু যপ্—প্রণম্য, প্রণত্য ; প্রণাম করিয়া, প্রণামানন্তর।

তুম্, ত্বা ও যপ্ প্রত্যয় করিয়া যে সকল শব্দ নিষ্পন্ন হয় তাহারা অব্যয়। প্রয়োগকালে এই সকল শব্দে প্রথমা বিভক্তি একবচন হয়।

তব্য, অনীয়, য—

ভবিষ্যত কালে ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে তব্য, অনীয়, য এই তিন প্রত্যয় হয়। এই তিন প্রত্যয় করিয়া যে শব্দ নিষ্পন্ন হয়, তাহাদের রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতা শব্দের ন্যায়, ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায়।

কর্ম্মবাচ্যে তব্য, অনীয়, য করিলে যে শব্দ হয় তাহা **কর্ম্মের বিশেষণস্বরূপ।** এই নিমিত্ত কর্ম্মপদের যে লিঙ্গ, যে বিভক্তি, যে বচন, ঐ সকল শব্দেও সেই লিঙ্গ, সেই বিভক্তি, সেই বচন হয়। যথা,—পঠ্ ধাতু অনীয়—ময়া গ্রন্থঃ পঠনীয়ঃ, আমি গ্রন্থ পাঠ করিব। ময়া পত্রিকা পঠনীয়া। ময়া পুস্তকং পঠনীয়ম্। পঠনীয়ম্ গ্রন্থম্ ; পঠনীয়েন গ্রন্থেন ; পঠনীয়ায় গ্রন্থায় ; পঠনীয়াৎ গ্রন্থাৎ ; পঠনীয়স্য গ্রন্থস্য ; পঠনীয়ে গ্রন্থে ; পঠনীয়য়োঃ গ্রন্থয়োঃ ; পঠনীয়েষু গ্রন্থেষু।

ভাববাচ্যে তব্য, অনীয়, য করিয়া যে শব্দ হয়, তাহার রূপ **অকারন্ত ক্লীবলিঙ্গ শব্দের প্রথমার একবচনের ন্যায় হয়।**

যথা,—স্থা ধাতু তব্য—ময়া স্থাতব্যম্, আমি থাকিব। ক্রীড় ধাতু তব্য—ত্বয়া ক্রীড়িতব্যম্, তুমি ক্রীড়া করিবে। লজ্জ্ ধাতু তব্য—তেন লজ্জিতব্যম্, সে লজ্জা পাইবে।

তব্য, অনীয়, য কোন কোন স্থলে ধাতুর সহিত কেবল যোগ হইয়া পদ হয়; কোন কোন স্থানে ধাতুর কিছু কিছু আকার পরিবর্ত্তন হয়। যথা,—দা ধাতু—দাতব্যম্, দানীয়ম্, দেয়ম্; জি ধাতু—জেতব্যম্, জয়নীয়ম্, জেয়ম্; শী ধাতু—শয়িতব্যম্, শয়নীয়ম্, শেয়ম্; শ্রু ধাতু—শ্রোতব্যম্, শ্রবণীয়ম্, শ্রাব্যম্; ভূ ধাতু—ভবিতব্যম্, ভবনীয়ম্, ভব্যম্; কৃ ধাতু—কর্ত্তব্যম্, করণীয়ম্, কার্য্যম্; গ্রহ্ ধাতু—গ্রহীতব্যম্, গ্রহণীয়ম্, গ্রাহ্যম্; গম্ ধাতু—গন্তব্যম্, গমনীয়ম্, গম্যম্; দৃশ্ ধাতু—দ্রষ্টব্যম্, দর্শনীয়ম্, দৃশ্যম্; বচ্ ধাতু—বক্তব্যম্, বচনীয়ম্, বাচ্যম্; ভুজ্ ধাতু—ভোক্তব্যম্, ভোজনীয়ম্, ভোজ্যম; চিন্তি ধাতু—চিন্তয়িতব্যম্, চিন্তনীয়ম্, চিন্ত্যম্।

ক্তবৎ—

অতীতকালে ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ক্তবৎ প্রত্যয় হয়। ক্তবৎ প্রত্যয় করিয়া যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা **কর্ত্তার বিশেষণ।** এই নিমিত্ত কর্ত্তার যে লিঙ্গ, যে বিভক্তি, যে বচন, ঐ সকল শব্দেও সেই লিঙ্গ, সেই বিভক্তি, সেই বচন হইয়া থাকে। এই সকল শব্দের রূপ পুংলিঙ্গে ও ক্লীবলিঙ্গে শ্রীমৎ শব্দের ন্যায়; স্ত্রীলিঙ্গে নদী শব্দের ন্যায়।

জি ধাতু তবৎ—জিতবৎ, পুং—জিতবান্, জিতবন্তৌ, জিতবন্তঃ; ক্লী—জিতবৎ, জিতবতী, জিতবন্তি; স্ত্রী—জিতবতী, জিতবত্যৌ, জিতবত্যঃ। রামো রাবণং জিতবান্; রাম রাবণকে জয় করিয়াছিলেন। শ্রু ধাতু—অহং শাস্ত্রং শ্রুতবান্; আমি শাস্ত্র শুনিয়াছি। কৃ ধাতু—স কিং কৃতবান্; সে কি করিয়াছে। এই রূপ স্থা ধাতু, স্থিতবান্; দা ধাতু, দত্তবান্; গম্ ধাতু, গতবান্; হন্ ধাতু, হতবান্; গ্রহ্ ধাতু, গৃহীতবান্; দৃশ্ ধাতু, দৃষ্টবান্; জ্ঞা ধাতু, জ্ঞাতবান্; বচ্ ধাতু, উক্তবান্; ভুজ্ ধাতু, ভুক্তবান্; চিন্তি ধাতু, চিন্তিতবান্।

ত—

অতীতকালে ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ত প্রত্যয় হয়। যথা,—জি ধাতু, জিতঃ; কৃ ধাতু, কৃতঃ; গ্রহ্ ধাতু, গৃহীতঃ; দা ধাতু, দত্তঃ; দৃশ্ ধাতু, দৃষ্টঃ; জ্ঞা ধাতু, জ্ঞাতঃ; শ্রু ধাতু, শ্রুতঃ; বচ্ ধাতু, উক্তঃ।

কর্ম্মবাচ্যে ত প্রত্যয় করিলে যে শব্দ হয় তাহা **কর্ম্মের বিশেষণ**। এই নিমিত্ত কর্ম্মের যে লিঙ্গাদি, ঐ শব্দের তাহাই হয়। ত প্রত্যয় করিয়া যে শব্দ হয়, তাহার রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, ক্লীবলিঙ্গে ফল শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতা শব্দের ন্যায়। যথা,—পঠ্ ধাতু ত—তেন গ্রন্থঃ পঠিতঃ; সে গ্রন্থ পাঠ করিয়াছে। তেন পত্রী পঠিতা; সে পত্র পাঠ করিয়াছে। তেন পুস্তকং পঠিতম্; সে পুস্তক পাঠ করিয়াছে।

অকর্ম্মক ধাতুর উত্তর এবং গম্, রুহ্ প্রভৃতি কতকগুলি সকর্ম্মক ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ত প্রত্যয় হয়। কর্ত্তৃবাচ্যে ত প্রত্যয় করিয়া যে শব্দ নিষ্পন্ন হয়, তাহা কর্ত্তার বিশেষণ। যথা, মৃ ধাতু, পুরুষো মৃতঃ, পুরুষ মরিয়াছে ; স্ত্রী মৃতা, স্ত্রী মরিয়াছে ; অপত্যং মৃতং, সন্তান মরিয়াছে। ভূ ধাতু, ভূতঃ ; স্থা ধাতু, স্থিতঃ ; লজ্জ্ ধাতু, লজ্জিতঃ ; ভী ধাতু, ভীতঃ ; জাগৃ ধাতু, জাগরিতঃ ; গম্ ধাতু, গতঃ—স গৃহং গতঃ, সে গৃহে গিয়াছে ; রুহ্ ধাতু, রূঢ়ঃ—বানরো বৃক্ষম্ আরূঢ়ঃ ; বানর গাছে চড়িয়াছে।

অকর্ম্মক ও সকর্ম্মক দুই প্রকার ধাতুর উত্তর ভাববাচ্যে ত হয়। ভাববাচ্যে ত প্রত্যয় করিয়া যে শব্দ নিষ্পন্ন হয়, তাহার সর্ব্বদাই ক্লীবলিঙ্গে প্রথমা বিভক্তির একবচনের ন্যায় রূপ হইয়া থাকে। যথা :—ময়া জিতম্, আমি জিতিয়াছি। তেন কুত্র স্থিতম্, সে কোথায় ছিল। ত্বয়া দৃষ্টম্, তুমি দেখিয়াছ। শিশুনা রুদিতম্, শিশু রোদন করিল। ময়া ভুক্তম্, আমি খাইয়াছি। স্ত্রিয়া লজ্জিতম্, স্ত্রী লজ্জা পাইয়াছে। তেন জাগরিতম্, সে জাগিয়াছে। চৌরেণ পলায়িতম্, চোর পলাইল।

তদ্ধিত প্রত্যয়

১। অর্থ বিশেষে, শব্দের উত্তর তা, ত্ব, মৎ, বৎ, ইন্, বিন্ প্রভৃতি প্রত্যয় হয়। সেই সকল প্রত্যয়কে তদ্ধিত বলে। তদ্ধিত প্রত্যয় অনেকগুলি, তন্মধ্যে কতকগুলির বিষয় সংক্ষেপে লিখিত হইয়াছে।

তা, ত্ব

২। ভাব অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তা ও ত্ব হয়। তা প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ ও ত্ব প্রত্যয়ান্ত শব্দ ক্লীবলিঙ্গ হইয়া থাকে। যথা—প্রভুতা, প্রভুত্বম্, প্রভুর ভাব। লঘুতা, লঘুত্বম্, লঘুর ভাব। পশুতা, পশুত্বম্, পশুর ভাব। খলতা, খলত্বম্, খলের ভাব।

বৎ

৩। তুলনা বুঝাইলে প্রাতিপদিকের উত্তর বৎ হয়। এই বৎপ্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা—চন্দ্রবৎ, চন্দ্রের মত; পিতৃবৎ পিতার মত; মাতৃবৎ, মাতার মত; পুত্রবৎ, পুত্রের মত; গুরুবৎ, গুরুর মত।

মৎ

৪। অস্ত্যর্থ (আছে, এই অর্থে) প্রাতিপদিকের উত্তর মৎ হয়। যথা—বুদ্ধিঃ অস্তি অস্য ইতি বুদ্ধিমান্। এইরূপ, শ্রীমান্, ধীমান্, মতিমান্, অংশুমান্, অগ্নিমান্, বায়ুমান্। অবর্ণান্ত প্রাতিপদিকের উত্তর মতের ম স্থানে ব হয়। যথা,—জ্ঞানবান্, গুণবান্, বিদ্যাবান্, দয়াবান্।

ইন্

৫। যাহার বা যাহাতে আছে এই অর্থে একের অধিক স্বরবিশিষ্ট অবর্ণান্ত শব্দের উত্তর বিকল্পে ইন্ হয়। ইন্ হইলে অন্ত্য স্বরের লোপ হয়। যথা,—জ্ঞানী, গুণী, ধনী, জ্ঞানবান্, বলবান্, ধনবান্।

---

(১) ধাতু ও প্রত্যয় ভিন্ন অর্থবোধক শব্দকে প্রাতিপদিক বলে।

বিন্

৬। যাহার বা যাহাতে আছে এই অর্থে অস্‌ভাগান্ত প্রাতিপদিকের উত্তর বিন্ হয়। যথা,—যশস্-যশস্বী, তেজস্-তেজস্বী, তপস্-তপস্বী, পয়স্-পয়স্বী। স্রজ্, মায়া ও মেধা শব্দের উত্তরও হয়। যথা,—স্রজ-স্রগ্বী, মায়া-মায়াবী, মেধা-মেধাবী।

তর, তম

৭। দুয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর তর ও বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, তম হয়। যথা,—দুয়ের মধ্যে দৃঢ়, দৃঢ়তরঃ; দুয়ের মধ্যে গুরু, গুরুতরঃ; দুয়ের মধ্যে মৃদু, মৃদুতরঃ; বহুর মধ্যে দৃঢ়, দৃঢ়তমঃ; গুরুতমঃ। এইরূপ মৃদুতমঃ।

ময়

৮। বিকার, ব্যাপ্তি ও অবয়ব অর্থ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ময় হয়। যথা,—স্বর্ণের বিকার, স্বর্ণময়ম্; রজতের বিকার, রজতময়ম্; লৌহের বিকার, লৌহময়ম্; মৃদের বিকার, মৃন্ময়ম্; ধূমে ব্যাপ্ত, ধূমময়ম্; জলে ব্যাপ্ত, জলময়ম্; রোগে ব্যাপ্ত, রোগময়ম্; দারু যাহার অবয়ব, দারুময়ম্; কাষ্ঠ যাহার অবয়ব, কাষ্ঠময়ম্; ঊর্ণা যাহার অবয়ব, ঊর্ণাময়ম্।

ধা

৯। প্রকার অর্থ বুঝাইলে, সংখ্যাবাচক প্রাতিপদিকের উত্তর ধা হয়। ধ প্রত্যয়ান্ত শব্দ অব্যয়। যথা,—এক প্রকার, একধা; দ্বি প্রকার, দ্বিধা; ত্রি প্রকার, ত্রিধা; চতুঃ প্রকার,

চতুর্ধা। নকারান্ত শব্দের উত্তর ধা প্রত্যয় হইলে, শব্দের অন্তেস্থিত নকারের লোপ হয়। যথা,—পঞ্চ (পঞ্চন্) প্রকার, পঞ্চধা ; নব (নবন্) প্রকার, নবধা।

তস্

১০। পঞ্চমী ও সপ্তমী বিভক্তি স্থানে বিকল্পে তস্ হয়। যথা,—পঞ্চমী—গৃহাৎ গৃহতঃ, গ্রামাৎ গ্রামতঃ, উভয়স্মাৎ উভয়তঃ, একস্মাৎ একতঃ ; সপ্তমী—অগ্রে অগ্রতঃ, আদৌ আদিতঃ, অন্তে অন্ততঃ।

ত্র

১১। সর্ব্বনাম প্রাতিপদিকের সপ্তমী বিভক্তির স্থানে বিকল্পে ত্র হয়। যথা,—সর্ব্বস্মিন্, সর্ব্বত্র ; অন্যস্মিন্, অন্যত্র ; একস্মিন্, একত্র ; পরস্মিন্; পরত্র ; উভয়স্মিন্, উভয়ত্র।

থ

১২। প্রকার অর্থ বুঝাইলে, সর্ব্বনামের তৃতীয়া বিভক্তির স্থানে থা হয়। যথা,—অন্যেন প্রকারেণ অন্যথা, সর্ব্বৈঃ প্রকারৈঃ সর্ব্বথা, ইতরেণ প্রকারেণ ইতরথা, উভয়েন প্রকারেণ উভয়থা।

তন

১৩। উৎপত্তি বা ঘটনা বুঝাইলে কালবাচক অব্যয় শব্দের উত্তর তন হয়। যথা, অদ্য-অদ্যতনম্, সায়ম্-সায়ন্তনম্, পুরা-পুরাতনম্, চিরম্-চিরন্তনম্, অধুনা-অধুনাতনম্, ইদানীম্-ইদানীন্তনম্, তদানীম্-তদানীন্তনম্।

ম

আদিমঃ (আদৌ ভবঃ) ; এইরূপ, মধ্যেভবঃ মধ্যমঃ।

চিৎ, চন

১৪। বিভক্ত্যন্ত কিম্ শব্দের উত্তর অনির্দ্দিষ্ট অর্থে চিৎ ও চন হয়। যথা,—কঃ-কশ্চিৎ, কশ্চন ; কিম্-কিঞ্চিৎ, কিঞ্চন ; কা-কাচিৎ, কাচন ; কে-কেচিৎ, কেচন, কেনচিৎ, কস্যচিৎ, কেষাঞ্চিৎ, কয়াচিৎ, কস্যাশ্চিৎ, কাসাঞ্চিৎ ; কুতশ্চিৎ, কুতশ্চন ; ক্বচিৎ, ক্বচন ; কুত্রচিৎ, কুত্রচন।

ইত

১৫। ইহার বা ইহাতে জন্মিয়াছে এই অর্থে প্রাতিপদিকের উত্তরে ইত হয়। যথা,—তারকা অস্মিন্ সংজাতা, তারকিতং নভঃ ; পল্লবা অস্য সংজাতাঃ, পল্লবিতস্তরুঃ ; এইরূপ, পুষ্পিতঃ, পিপাসিতঃ, দুঃখিতঃ ইত্যাদি।

ঈয়স্, ইষ্ঠ

১৬। দুয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে, প্রাতিপদিকের উত্তর ঈয়স্ হয় এবং বহুর মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে ইষ্ঠ হয়। যথা,—গুরু গরীয়স্ ; গরিষ্ঠঃ ; লঘু লঘীয়স্ লঘিষ্ঠঃ।

শব্দ	ঈয়স প্রত্যয় নিষ্পন্ন	ইষ্ঠ প্রত্যয় নিষ্পন্ন
প্রশস্য	শ্রেয়স্, জ্যায়স্	শ্রেষ্ঠঃ, জ্যেষ্ঠঃ
বৃদ্ধ	বর্ষীয়স্, জ্যায়স্	বর্ষিষ্ঠঃ, জ্যেষ্ঠঃ
যুবন্	কনীয়স্, যবীয়স্	কনিষ্ঠঃ, যবিষ্ঠঃ
অল্প	কনীয়স্, অল্পীয়স্	কনিষ্ঠঃ, অল্পিষ্ঠঃ

অন্যান্য প্রত্যয়

প্রত্যয়ের নাম	যে অর্থে ব্যবহৃত হয়	সিদ্ধপদ
ঈয়	আছে	তদীয়ম্, ভারতবর্ষীয়ম্ ত্বদীয়ম্, মদীয়ম্
ইমন্	ভাবার্থে	নীলিমা, মধুরিমা
আমহ	পিতৃ, মাতৃ	পিতামহঃ মাতামহঃ,
আকিন্	সহায়শূন্য	একাকী
দা	কালার্থে	একদা, সর্ব্বদা
দানীম্	ঐ	ইদানীম্
ইন্	আছে অর্থে	পুষ্করিণী
শ	আছে	লোমশঃ
ইল	ঐ	পিচ্ছিলঃ, পঙ্কিলঃ
র	ভাবার্থে	মধুরঃ
উল, ব্য	ভ্রাতা	মাতুলঃ, পিতৃব্যঃ

সমাস

বিভক্তিহীন শব্দকে নাম কহে। ঐ নাম বিভক্তিযুক্ত হইলে তাহাকে পদ বলা হয়। বৃক্ষ, গিরি, পশু, ভ্রাতৃ এই সকল শব্দে বিভক্তি যোগ হয় নাই; ইহাদিগকে এই অবস্থায় নাম বলে। বৃক্ষঃ, বৃক্ষৌ, বৃক্ষাঃ; গিরিঃ, গিরী, গিরয়ঃ; পশুঃ, পশূ, পশবঃ; ভ্রাতা, ভ্রাতরৌ, ভ্রাতরঃ—এই সকল

শব্দ বিভক্তি যুক্ত হইয়াছে, অতএব ইহাদিগকে এক্ষণে নাম না বলিয়া পদ বলে।

প্রত্যেক পদের অন্তেই এক এক বিভক্তি থাকে। কখন কখন দুই তিন পদ একত্র করা যায়; তখন কেবল শেষের পদটিতেই বিভক্তি থাকে, পূর্ব্ব পূর্ব্ব পদে বিভক্তি থাকে না। যথা :—সুশীলবালকঃ। পূর্ব্বে 'সুশীলঃ বালকঃ' এইরূপ ছিল; কিন্তু দুই পদ একত্র যোগ করাতে 'সুশীলবালকঃ' হইল। যোগ হইল বলিয়া সুশীল পদে বিভক্তি নাই; বালক পদ শেষে আছে বলিয়া কেবল তাহাতেই বিভক্তি রহিল। এইরূপ দুই অথবা অনেক পদ একত্র যোগ করাকে সমাস কহে।

সমাস ছয় প্রকার :—কর্ম্মধারয়, তৎপুরুষ, দ্বন্দ্ব, বহুব্রীহি, দ্বিগু, অব্যয়ীভাব।

কর্ম্মধারয়—

বিশেষণ ও বিশেষ্য পদের যে সমাস, তাহার নাম কর্ম্মধারয়। যথা :—উন্নতঃ তরুঃ, উন্নততরুঃ। নীলম্ উৎপলম্, নীলোৎপলম্। গভীরঃ কূপঃ, গভীরকূপঃ। সুন্দরঃ পুরুষঃ, সুন্দরপুরুষঃ।

যদি বিশেষণ ও বিশেষ্য স্ত্রীলিঙ্গ হয়, তাহা হইলে বিশেষণ শব্দ পুংলিঙ্গের মত হইয়া যায়, অর্থাৎ আকার ঈকার প্রভৃতি স্ত্রীলিঙ্গের যে চিহ্ন, তাহা থাকে না। যথা :—দীর্ঘা যষ্টিঃ, দীর্ঘযষ্টিঃ। জীর্ণা তরিঃ, জীর্ণতরিঃ। সতী প্রবৃত্তিঃ, সৎপ্রবৃত্তিঃ।

তৎপুরুষ

যেখানে পূর্ব্বপদ দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী ইহার মধ্যে কোন বিভক্তি যুক্ত হয়, অন্য পদ প্রথমা বিভক্তি যুক্ত, তাহাকে তৎপুরুষ সমাস কহে। যথা ঃ—গৃহং গতঃ, গৃহগতঃ। লোভেন জিতঃ, লোভজিতঃ। ধনায় লোভঃ, ধনলোভঃ। সর্পাৎ ভয়ম্, সর্পভয়ম্। বৃক্ষস্য শাখা, বৃক্ষশাখা। পুরুষেষু উত্তমঃ, পুরুষোত্তমঃ।

দ্বন্দ্ব—

পরস্পর বিশেষ্য বিশেষণ নয়, এরূপ প্রথমা বিভক্তিযুক্ত দুই অথবা বহু পদের যে সমাস, তাহার নাম দ্বন্দ্ব। যদি দুইটি একবচনান্ত পদে দ্বন্দ্ব সমাস হয়, তাহা হইলে শেষের পদ দ্বিবচনান্ত হয়। আর সর্ব্বত্র বহুবচনান্ত হয়। শেষের পদের যে লিঙ্গ, দ্বন্দ্ব সমাস করিলে সেই লিঙ্গ থাকে। যথা ;— রামঃ লক্ষ্মণঃ—রামলক্ষ্মণে। ভীমঃ অর্জ্জুনঃ—ভীমার্জ্জুনৌ। নদী পর্ব্বতঃ—নদীপর্ব্বতৌ। ফলম্ পুষ্পম্—ফলপুষ্পে। কন্দঃ মূলং ফলম্—কন্দমূলফলানি। রূপং, রসঃ, গন্ধঃ, স্পর্শঃ, শব্দঃ —রূপরসগন্ধস্পর্শশব্দাঃ, ইহার নাম **ইতরেতর দ্বন্দ্ব**।

কখন কখন দ্বন্দ সমাস করিলে শেষের শব্দ, যে লিঙ্গের হউক না কেন, ক্লীবলিঙ্গ ও একবচনান্ত হইয়া যায়। ইহাকে **সমাহার দ্বন্দ্ব** কহে। যথা,—হংসঃ কোকিলঃ, হংসকোকিলম্। পাণী পাদৌ, পাণিপাদম্।

বহুব্রীহি—

যে কয়েক পদে সমাস করা যায়, সেই কয়েক পদের যে অর্থ, তাহা না বুঝাইয়া অন্য বস্তু বা ব্যক্তি যেখানে বুঝায়, তাহাকে বহুব্রীহি সমাস কহে। সমাস কালে বহুব্রীহিতে যদ্ শব্দের এক পদ থাকে। যথা,—দীর্ঘৌ বাহূ যস্য—দীর্ঘবাহুঃ। এই স্থলে দীর্ঘ দুই বাহু না বুঝাইয়া দীর্ঘবাহুবিশিষ্ট ব্যক্তি বুঝাইল। নির্ম্মলং জলং যস্যাঃ—নির্ম্মলজলা নদী। এস্থলে নির্মল জল না বুঝাইয়া নির্ম্মল জল বিশিষ্ট নদী বুঝাইল।

যদি দুই স্ত্রীলিঙ্গ পদে বহুব্রীহি সমাস হয়, তাহা হইলে প্রায় পূর্ব্ব পদ পুংলিঙ্গ হইয়া যায়, অর্থাৎ স্ত্রীলিঙ্গের চিহ্ন আকার ঈকারাদি থাকে না। যথা,—নির্ম্মলা মতির্যস্য, নির্ম্মলমতিঃ। মৃদ্বী গতির্যস্য, মৃদুগতিঃ।

বহুব্রীহি সমাস করিয়া যে পদ নিষ্পন্ন হয়, উহা প্রায় বিশেষণ। সুতরাং বিশেষ্যের লিঙ্গ, বিভক্তি ও বচন প্রাপ্ত হয়।

দ্বিগু—

যাহাতে পূর্ব্বপদ সংখ্যাবাচক শব্দ ও যাহাতে সমাহার থাকে, অর্থাৎ এককালে অনেক বস্তু বোধ হয়, উহাকে সমাহার দ্বিগু বলে; সমাহার ভিন্ন অন্য অর্থেও দ্বিগু হয়। সমাহার দ্বিগু করিলে, কোন কোন স্থলে স্ত্রীলিঙ্গ ও ঈ হয়, কোন কোন স্থানে ক্লীবলিঙ্গ হয়। যথা,—ত্রয়াণাং লোকানাং সমাহারঃ, ত্রিলোকী। এস্থলে স্ত্রীলিঙ্গ ও ঈ হইল। ত্রিলোকী কহিলে এককালে তিন লোকের বোধ হয়। ত্রয়াণাং ভুবনানাং সমাহারঃ, ত্রিভুবনম্।

অব্যয়ীভাব—

সামীপ্য, বীপ্সা, অনতিক্রম, অভাব, পর্য্যন্ত ইত্যাদি অর্থে যে সমাস হয়, তাহার নাম অব্যয়ীভাব। যে কয়েকপদে সমাস হয়, তন্মধ্যে প্রথম পদ অব্যয় শব্দ। সমাস করিলে, শেষের শব্দ যদি অকারান্ত হয়, তাহার রূপ পঞ্চমী ভিন্ন সকল বিভক্তিতেই অকারান্ত ক্লীবলিঙ্গ শব্দের প্রথমার একবচনের ন্যায় হয়; তদ্ভিন্ন সর্ব্বত্র অব্যয় শব্দের ন্যায় হয়, অর্থাৎ কোন বিভক্তির চিহ্ন থাকে না। যথা,—কূলস্য সমীপে, উপকূলম্। গৃহে গৃহে, প্রতিগৃহম্। শক্তিমনতিক্রম্য, যথাশক্তি। বিঘ্নস্য অভাবঃ, নির্ব্বিঘ্নম্। সমুদ্রপর্য্যন্তম্, আসমুদ্রম্।

অনুশীলনী

বর্ণ-প্রকরণ (পৃঃ ১—৩)

১। ঌ, এ, ঐ, ও, ঔ—ইহাদের দীর্ঘ হয় কি ?

২। স্পর্শবর্ণ, উষ্মবর্ণ এবং অযোগবাহ বর্ণ কাহাকে বলে ?

৩। বর্ণের কয়টি উচ্চারণ-স্থান আছে ? উহাদের নাম কর এবং একটি করিয়া উদাহরণ দাও।

৪। কোন্ বর্ণটি অনুনাসিক এবং অযোগবাহ ? কোন্ অন্তঃস্থ বর্ণটি দন্ত্যোষ্ঠ্য বর্ণ ?

৫। নিম্নের বর্ণগুলির উচ্চারণ-স্থান নির্দেশ কর :—উ, ঋ, ঔ, ঘ, ঞ, ঠ, প, শ, হ, ঃ।

৬। 'আশ্রয়স্থানভাগী' কাহাকে বলে ?

সন্ধি-প্রকরণ (পৃঃ ৩—১৯)

১। সন্ধি কাহাকে বলে ? উহা কয় প্রকার ?

২। ব্যঞ্জনসন্ধি কাহাকে বলে ? উহা কয় প্রকার ?

স্বরসন্ধি (পৃঃ ৩—৯)

১। সন্ধি বিশ্লেষ কর :—প্রতীতিঃ অন্বীক্ষা, গুরূহঃ, ভূর্দ্ধম্, পিতৄণম্, অপেক্ষা, রমেশঃ, বোধোদয়ঃ, জলোচ্ছ্বাসঃ, ব্রহ্মর্ষিঃ, শীতর্ত্তুঃ, তবৈব, জলৌকাঃ, প্রত্যূহঃ, বৃষ্ট্যম্বু, লক্ষ্ম্যপেতঃ, অন্বেষণম্, সাধ্বিদম্, স্বাগীশ্বরঃ, তন্বীশ্বরঃ, মাত্রাদেশঃ, দাত্রৌদার্য্যম্, পবনঃ, রায়োঃ, পবিত্রম্, পাবকঃ।

২। সূত্র নির্দেশপূর্বক সন্ধি কর :—অন্ত+অবধি, পদ্ম+আলয়া, মহী+ইন্দ্রঃ, বধূ+উৎকঃ, ভ্রাতৃ+ঋদ্ধিঃ, ব্রজ+ইন্দ্রঃ, গঙ্গা+উদকম্, চল+ঊর্ম্মিঃ, কল্যাণ+ঋদ্ধিঃ, বিপ্র+ঋষিঃ, মহা+ঋদ্ধিঃ, প্রতি+একম্,

মহা+ঐশ্বর্য্যম্, মহা+ওদনম্, মহা+ঔৎসুক্যম্, অতি+ঐশ্বর্য্যম্, নদী+উচ্ছ্বাসঃ, সরস্বতী+ওঘঃ, দেবী+ঋদ্ধিঃ, অনু+ইতঃ, স্বাদু+ইদম্, ভ্রাতৃ+ইচ্ছা, ভ্রাতৃ+অভ্যুদয়ঃ, পিতৃ+ওকঃ, অশে+ইষ্ট, রৈ+আ, গো+আ, ভৌ+উকঃ, প্রভো+অনুজানীহি।

ব্যঞ্জন সন্ধি (পৃঃ ৯—১৯)

১। সূত্র নির্দেশপূর্বক সন্ধি বিশ্লেষ কর:—উচ্চাটনম্, উচ্ছেদঃ, ভবজ্জন্ম, স্ফুরজ্জ্বালা, উন্মিষজ্ঝংকারঃ, ভবাঞ্জানাতু, গচ্ছঞ্ঝটিতি, মহচ্ছকটম্, বিপচ্ছংকা, মহাঙ্কন্ধঃ, তদ্ধানম্, উদ্ধৃতিঃ, যজ্ঞঃ, উড্ডীনঃ, রাজণ্টৌকসে, মহাল্লাঁভঃ, তল্লিপিঃ, হসন্ন্বাচ, পশ্যংশ্চকোরঃ, পতংস্তরুঃ, চন্দ্রম্পশ্যতি, দিগীশ্বরঃ, বাগ্রোধঃ, বৃহদ্ভানুঃ, তন্নীরম্, মন্নাথঃ, দিঙ্নাগঃ।

২। সূত্র নির্দেশপূর্বক সন্ধি কর:—তরোঃ+ছায়া, ক্ষীণঃ+চন্দ্রঃ, ধনুষঃ+টংকারঃ, ভুবঃ+তলম্, স্নিগ্ধঃ+অংকুরঃ, জীর্ণঃ+ঘটঃ, চন্দ্রঃ+উদিতঃ, কঃ+আগতঃ, দেবঃ+ঋষিঃ, অশ্বাঃ+উন্নতাঃ, নরাঃ+যান্তি, বিধুঃ+উদিতঃ, হবিঃ+ঘ্রাণম্, গোঃ+হননম্, প্রাতঃ+অত্র, পুনঃ+রমতে, জ্যোতিঃ+রত্নম্, সঃ+গচ্ছতি, এষঃ+আয়াতি, ভোঃ+দামোদর, ভোঃ+অচ্যুত।

৩। অশুদ্ধি সংশোধন কর:—কিম্বা, নরান্নাহ্বয়, বশম্বদঃ, সাধুন্নিহ, পতন্তরুঃ, আপচ্‌শংকিতঃ, উদ্যংচন্দ্রঃ, শ্যামরেব, সুন্দরো পুরুষঃ, মনোকষ্টম্, বাকীশঃ, সো লভতে, নৈষঃ, হরির্ম্যঃ।

ণত্ব বিধান (পৃঃ ১৯)

১। ণত্ব বিধানের সূত্রগুলি নির্দেশ কর।

২। নিম্নলিখিত পদগুলিতে ণত্বের কারণ নির্দেশ কর:—

হরীণাম্, রোহিণী, চতসৃণাম্, রেফেণ, বৃংহণম্।

৩। ণত্ব নিষেধের কারণ বল:—নরান্, অর্জনম্, আর্ত্তানাম্, তন্দ্রালুনা, বিরসেন, অশৃণ্বন্।

ষত্ব বিধান (পৃঃ ১৯—২০)

১। ষত্ব বিধানের সূত্রগুলি লিখ।

২। নিম্নলিখিত পদগুলিতে ষত্বের কারণ বল :—সর্বেষাম্, অমুষ্মিন্, বিদুষাম্, গীর্ষু, নৌষু, ধনুষুঃ, হবিষাম্, চতুর্ষু, আকৃষ্টঃ।

৩। ষত্ব নিষেধের কারণ বল :—সর্বাসু, বিদ্বৎসু, বৎস্যতি, শুভ্রবাংসঃ।

৪। অশুদ্ধি সংশোধন কর :—আত্মষু, নরেসু, সেবিস্যামহে, আশীঃসু, ধনুসাম্।

সুবন্ত-প্রকরণ (পৃঃ ২০—৫৬)

স্বরান্ত-শব্দ (পৃঃ ২০—৩২)

১। পদ কাহাকে বলে? বিভক্তি কয়টি?

৩। শব্দরূপ কর :—অমর+আম্, বিধি+অঃ, পতি+ই, ভূপতি+আ, সখি+অঃ, মন্দধী+আ, সুধী+আম্, ভানু+ওঃ, ভ্রাতৃ+অঃ, নৃ+আম্, নৃ+ঃ, গো+অম্, গো+আম্, নিশা+আ, মতি+অঃ, রাত্রি+ই, নদী+ঔ, নদী+ঃ (সম্বোধনে), শ্রী+ঔ, শ্রী+এ, শ্রী+আম্, ভী+ই, স্ত্রী+অম্, স্ত্রী+অঃ (২য়া বহুবচন), স্ত্রী+ঃ (সম্বোধনে), ধেনু+আম্, বধূ+অঃ, ভ্রূ+আম্, ভ্রূ+ই, দুহিতৃ+অঃ, বারি+ঔ, মধু+অঃ, দধি+ই।

৪। শুদ্ধ কর :—পতিনা, নরপত্যঃ, সখেঃ, সুধীনাম্, হে সুধি, সাধুনে, দাতরঃ, ভ্রাতারঃ, গাবম্, মতীষু, নদীন্, স্ত্রিয়ে, স্ত্রিয়ি, বধূনা, দুহিতারঃ, বারীনী, দধিনি।

ব্যঞ্জনান্ত শব্দ (পৃঃ ৩২—৪৪)

১। শব্দরূপ লিখ :—সম্রাজ্+সু, ভূভৃৎ+আম্, শ্রীমৎ+অঃ, মহৎ+অঃ (২য়া বহুবচন), লঘিমন্+আ, গরিমন্+আম্, মহিমন্+ভিঃ,

যজন্ + অঃ (২য়া বহুবচন), যুবন্ + অঃ (২য়া বহুবচন), যুবন্ + আ, যুবন্ + ই, রাজন্ + ই, শ্বন্ + অঃ (২য়া বহুবচন), পথিন্ + ঃ, পথিন্ + আ, বেধস্ + সু, বিদ্বস্ + অঃ (২য়া বহুবচন), লঘীয়স্ + অঃ (২য়া বহুবচন), পুমস্ + অম্, বাচ্ + সু, অপ্ + অঃ (২য়া), দিশ্ + আম্, ধামন্ + ঔ, অহন্ + ই, হবিস্ + অঃ।

২। শুদ্ধ কর :—সম্রাজস্ত, ভূভৃতানান্, যুবানাম্, শ্বানাম্, পথেন, বিদ্বানানাম্, দিকেন, মহান্তী।

সর্বনাম শব্দ (পৃঃ ৪৫—৫৩)

১। শব্দরূপ লিখ :—সর্ব + এ, সর্ব + ই, সর্ব (স্ত্রী) + আ, সর্ব (স্ত্রী) + ই, পূর্ব + অঃ, পূর্ব + ই, পূর্ব (স্ত্রী) + ই, অস্মদ্ + অঃ (২য়া বহুবচন), অস্মদ্ + ওঃ (ষষ্ঠী দ্বিবচন), যুস্মদ্ + আ, যুস্মদ্ + আম্, ইদম্ + আম্, কিম্ + ভিস্, তৎ + অঃ (১মা বহুবচন), অদস্ + অঃ (১মা ও ২য়া বহুবচন), অদস্ + ভ্যাম্, অদস্ (স্ত্রী) + অম্, অদস্ (স্ত্রী) + অঃ (২য়া বহুবচন), অদস্ + সু।

২। শুদ্ধ কর :—সর্বেন, সর্বাণাম্, পূর্বায়, অমূনা, অমীভ্যাম্, অমীন্।

সংখ্যাবাচক শব্দ (পৃঃ ৫৩—৫৬)

১। 'এক' শব্দটির রূপ লিখ।

২। শুদ্ধ কর :—দ্বয়ানাম্, ত্রিণাম্, চত্বরঃ, পঞ্চনাম্।

৩। সংস্কৃতে অনুবাদ কর :—গিরিতে সুন্দর নির্ঝর ; রিপুগণ সাধুর অধীন ; দুই ভাইয়ের ঝগড়া ; মালতীর ভ্রূদ্বয় অতি দীর্ঘ ; গৌরীর স্বামী মহাদেব ; শর্বরীর ভূষণ চন্দ্র ; গোরুর রজ্জুটি ছিন্ন ; মধুর দ্বারা পিতার তর্পণ ; পাতাগুলি শুক্‌নো ; শিশুদের হাড় কোমল ; তোমার পিতা বিদ্বান্ ; এই পুস্তকটি কাহার ? আমার হাতে চারিটি আম।

স্ত্রীলিঙ্গ প্রত্যয় (পৃঃ ৫৭—৫৮)

১। স্ত্রীলিঙ্গে পরিবর্ত্তিত কর :—দীনঃ, বৈশ্যঃ, বৈষ্ণবঃ, সর্পঃ, গুণবান্, হসন্, জিঘ্রন্, গৃহ্ণন্, মেধাবী, পৃথুঃ, সাধুঃ, দাতা।

২। শুদ্ধ কর :—শূদ্রাণী, চতুরী, দদন্তী, নৃত্যতি, জানন্তী, সাধ্বঃ।

কারক ও বিভক্তি নির্ণয় (পৃঃ ৫৮—৭৬)

১। কারক কত প্রকার ? তাহাদের নাম লিখ।

২। করণ, অপাদান এবং অধিকরণ কারক কাহাকে বলে ? উহাতে যথাক্রমে কোন্ কোন্ বিভক্তি হয় ?

৩। উদাহরণ দাও—ক্রিয়াবিশেষণে ২য়া, অত্যন্তসংযোগে ২য়া, অধিকরণে ২য়া, অপবর্গে ৩য়া, হেতৌ ৩য়া, তাদর্থ্যে ৪র্থী, অনাদরে ৪র্থী, ল্যব্‌লোপে ৫মী, সম্বন্ধে ষষ্ঠী, কর্মে ষষ্ঠী, করণে ষষ্ঠী, অধিকরণে ষষ্ঠী, ভাবে ৭মী, অনাদরে ষষ্ঠী, নির্ধারণে ৭মী, নিমিত্তার্থে ৭মী।

৪। নিম্নলিখিত শব্দযোগে কোন্ কোন্ বিভক্তি হয়, উদাহরণ দিয়া বুঝাও :—

অনু, অন্তরেণ, সমম্, উনঃ, নমঃ, বিনা, ঋতে, আ, দূরম্।

৫। নিম্নের আয়ত অক্ষরে মুদ্রিত পদগুলির বিভক্তির কারণ নির্দেশ কর :—

ক্রমাদমুং **নারদ** ইত্যবোধি সঃ। অন্তরেণ **হরিং** ন সুখম্। বালকাঃ **উদ্যানং** পরিতো ধাবন্তি। **মধুরং** কূজন্তি বিহগাঃ। **রামেণ বাণেন** হতো বালী। **মূর্খস্য জীবনেনালম্**। উপদেশো হি মূর্খানাং **প্রকোপায়** ন শান্তয়ে। **নাম্না** সুতীক্ষ্ণঃ। **পাদেন** খঞ্জঃ। **মাসেন** ব্যাকরণমপঠৎ। **রোগায়** ভেষজম্। **বিষ্ণুং** নমস্করোতি। **পুষ্পেভ্যো** যাতি। **স্নানায়** সরঃ গচ্ছতি। **পিত্রে** নিবেদিতবান্। **কৃষ্ণাৎ** বিনা বৃথা বিদ্যা। **বৃক্ষাৎ** পশ্যতি। আ **মুক্তেঃ** হরিং ভজ। **শবর্য্যাঃ**

পূজিতঃ সম্যক্ রামো দশরথাত্মজঃ। রজ্জুচ্ছেদে কে ঘটং ধারয়ন্তি ? কিং সিংহানুনয়েন মে ? সর্বেষাং নিন্দনীয়শ্চৌরঃ। নগর্য্যা উত্তরেণ অরণ্যমস্তি। নন্দা হতাঃ পশ্যতো রাক্ষসস্য। যোগিনাং ভক্তঃ শ্রেষ্ঠঃ।

৬। অশুদ্ধি সংশোধন কর :— রামঃ শয্যায়ামধিশেতে। কৃষ্ণস্তো-ভয়তঃ গাবঃ। হরিঃ সানন্দেন ধাবতি। স কর্ণয়োঃ বধিরঃ। তব সহ মম সখ্যং নাস্তি। রামং ক্রুধ্যতি শিক্ষকঃ। স নগরস্য বহিরগচ্ছৎ। অহং রামাৎ শতং ধারয়ামি। জ্ঞানেন ঋতে কুতো মোক্ষঃ। স দুগ্ধং পানং করোতি। ব্যাঘ্রং বিভেতি স জনঃ। ভক্তির্জ্ঞানং কল্পতে। অহং ত্বাং রাজ্ঞে মন্যে। মম কিমপি দুষ্করং নাস্তি। চৈত্রস্য পূর্বো ফাল্গুনঃ। জলস্য পিপাসুঃ বালকঃ।

তিঙন্ত প্রকরণ (পৃঃ ৭৭—১২২)

১। তিঙ্ কাহাকে বলে ? 'গণ' কাহাকে বলে ? উহা কয় প্রকার ?

২। ধাতুরূপ কর :— লট্—ভূ ধাতু, শ্রু ধাতু, ভুজ্ ধাতু, অস্ ধাতু, শী ধাতু, অধি-ই ধাতু, ব্রূ ধাতু, হন ধাতু, শাস্ ধাতু, রুদ্ ধাতু, বিদ্ ধাতু, দুহ্ ধাতু, দা ধাতু, ভী ধাতু।

লোট্—ভূ ধাতু (হি), শ্রু ধাতু, ক্রী ধাতু, গ্রহ্ ধাতু (হি), কৃ ধাতু, ভুজ্ ধাতু, অস্ ধাতু, শী ধাতু (হি), হন্ ধাতু, শাস্ ধাতু, দুহ্ ধাতু, হু ধাতু (হি)।

লঙ্—ভূ ধাতু, ভুজ্ ধাতু, অস্ ধাতু, ব্রূ ধাতু, হন্ ধাতু, শাস্ ধাতু, রুদ্ ধাতু, বিদ্ ধাতু, দুহ্ ধাতু, ভী ধাতু।

লৃট্—স্পৃশ্ ধাতু, প্রচ্ছ্ ধাতু, মৃ ধাতু, বৃৎ ধাতু, দন্শ্ ধাতু, মন্ ধাতু, বন্ধ্ ধাতু, ভিদ্ ধাতু।

৩। অশুদ্ধি সংশোধন কর :—জয়িষ্যতি, মরিষ্যে, শেরন্তে, দদন্তি, অগ্নাহি, গৃহ্ন, বিভ্যন্তি, ছেদিষ্যতি, বন্ধিষ্যতি।

৪। সংস্কৃতে অনুবাদ কর :—

তিনি ভাত খাইবেন। আমি বাড়ী যাইব না। আমার কথা কি শুনিতে পাওনা তুমি? বিশ্বাস কর, ভগবান্ আছেন। রাম শয্যায় শুইয়াছে। মাটিতে শুইও না। রাজা প্রজাগণকে শাসন করেন। তিনি বেদ পড়িয়াছেন। ছাত্রের প্রত্যহ সন্ধ্যায় পড়া উচিত। রাম রাবণকে হত্যা করিয়াছিলেন। দস্যুটিকে হত্যা কর। রোদন করিও না। পিতার মৃত্যুতে সে কাঁদিয়াছিল। আমি তোমাকে স্পর্শ করিব না। বাঘটি বাঁধন ছিড়িয়া ফেলিবে। গোয়ালা গরুটিকে দোহন করিয়াছিল। দরিদ্রকে ধন দাও। সকলেই সাপের ভয় করে। পুরোহিত অগ্নিতে ঘৃত আহুতি দিতেছেন। আমি ইহা জানি না।

বাচ্য (পৃঃ ১২৩—১২৪)

১। বাচ্য কয় প্রকার? কর্মবাচ্যে কর্মে কোন্ বিভক্তি হয়?

২। বাচ্যান্তর কর :— অহং চন্দ্রং পশ্যামি। স গৃহমগচ্ছৎ। শিশবঃ হসন্তি রামঃ পুস্তকং পঠতি। রামায় পুস্তকং দেহি। কুম্ভকারঃ কুম্ভং করিষ্যতি। তেন চন্দ্রঃ দৃশ্যতে। পুত্রেণ পিতা পৃচ্ছ্যতে। অস্মাভিঃ স্থীয়তে। রামেণ বাণেন অহন্যত বালী। হরিঃ দরিদ্রায় ভিক্ষামদদাৎ।

কৃদন্ত (পৃঃ ১২৪—১৩০)

১। তুম্, ত্বা, যপ, তব্য, অনীয় এবং য—এই প্রত্যয়গুলির যোগে পাঁচটি করিয়া শব্দ নিষ্পন্ন কর।

২। নিম্নলিখিত শব্দগুলি কোন্ প্রত্যয়যোগে সিদ্ধ হইয়াছে লিখ :—

রোদিতুম্, দত্ত্বা, ভোক্তুম্, বিহায়, হন্তুম্, আপীয়, প্রণিপত্য, উপলভ্য, দ্রষ্টুম্, বক্তুম্, ভোক্তব্যম্, পানীয়ম্, দেয়ম্, শয়নীয়ম্, বক্তব্যম্, ভোজ্যম্, শ্রবণীয়ম্।

৩। অতীত কালে কি কি কৃৎ প্রত্যয় হয়? ত ও তবৎ প্রত্যয়-যোগে কয়েকটি শব্দ রচনা কর। ত ও তবৎ প্রত্যয়ের মধ্যে কোন পার্থক্য আছে কি?

৪। অনুবাদ কর :— বালকেরা বিদ্যালয়ে পড়িতে যায়। সে চলিতে পারে না। আমি বাড়ী যাইয়া ভাত খাইব। সে বন দেখিয়া খুব আনন্দিত হইল। সে ইহা বলিয়া কাঁদিতে লাগিল। সে একটি বাঘ মারিয়াছিল। ইহা তোমার দেখা উচিত। রশুন খাওয়া উচিত নয়।

তদ্ধিত প্রত্যয় (পৃঃ ১৩০—১৩৫)

১। তদ্ধিত ও কৃৎ প্রত্যয়ে পার্থক্য কি? তদ্ধিত প্রত্যয় যোগে কয়েকটি শব্দ গঠন কর।

২। নিম্নের শব্দগুলির প্রকৃতি-প্রত্যয় নির্দেশ কর :— স্থূলত্বম্, কৃশতা, মৃদুত্বম্, সত্তা, শিষ্যবৎ, তদ্বৎ, শ্রীমান্, বলবান্, ঋণী, মায়াবী, পয়স্বী, দৃঢ়তরঃ, গুরুতমঃ. মৃন্ময়ঃ, হিরণ্ময়ম্, ত্রিধা, গ্রামতঃ, অন্ততঃ, বহুত্র, অমুত্র, অন্যথা, সায়ন্তনম্, কিঞ্চন, কস্মিংশ্চিৎ।

৩। বৎ, মৎ, ময়, ধা, তস্, থা প্রত্যয়গুলি কি অর্থে ব্যবহৃত হয় লিখ।

সমাস (পৃঃ ১৩৫—১৩৯)

১। সমাস কাহাকে বলে? উহা কত প্রকার? প্রত্যেকটির দুইটি করিয়া উদাহরণ দাও।

২। সমাহার দ্বন্দ্ব ও বহুব্রীহি সমাস কাহাকে বলে?

৩। সমাস কর :— পীতং বসনং যস্য সঃ, বিমলা বুদ্ধির্যস্য সঃ, জিতা নিদ্রা যেন সঃ, দিনং দিনং, বনস্য সমীপে, বুদ্ধিমনতিক্রম্য, মক্ষিকায়াঃ অভাবঃ, মরণ পর্য্যন্তম্ (মরণং যাবৎ), ত্রয়াণাং লোকানাং সমাহারঃ, হস্তৌ চ পাদৌ চ, কুশশ্চ কাশশ্চ, হরিঃ হরঃ বিরিঞ্চিঃ, ব্যাঘ্রাৎ ভয়ম্, মম গৃহম্, কৃষ্ণং শ্রিতঃ, সুন্দরী নারী।

৪। ব্যাসবাক্যসহ সমাসের নাম বল :— রাজপুরুষঃ, বৃক্ষপতিতঃ, ভয়মুক্তঃ, উপকূলম্, অবিঘ্নম্, রাজর্ষিঃ, বীরপুরুষঃ, দৃঢ়বুদ্ধিঃ, নীললোহিতঃ, লম্বোদরঃ, বহুধনঃ, রামলক্ষ্মণৌ, পুষ্পফলম্।